# স্মৃতির ঝলক




হিন্দু স্কুল প্রাক্তনী '৭৩

৭০ hindu School

# স্মৃতির ঝলক

## হিন্দু স্কুল প্রাক্তনী'৭৩

# সম্পাদকীয়

আমরা সবাই একসঙ্গো হিন্দু স্কুলে আসিনি। কেউ এসেছিল ১৯৬২ ক্লাস ওয়ান। কেউ এসেছিল ১৯৬৪ ক্লাস থ্রি, তারপর কেউ এসেছিল ১৯৬৬ ক্লাস ফাইভ। একদল বন্ধু এসেছিল ক্লাস সিক্স এবং আর অল্প কজন এসেছিল ১৯৭০ ক্লাস নাইন। কিন্তু সবাই 'হিন্দু স্কুল' এই নামটার সঙ্গো জীবনের একসূত্রে গাঁথা হয়ে গিয়েছিল। যেদিন ১৯৭৩-এর এইচ-এস-এর রেজাল্ট বেরোয়— সেই কবির কথা আছে না "একই সূত্রে বাঁধিয়াছি সহস্রটি মন"। স্কুল পরবর্তী জীবনে আমরা বিভিন্ন কলেজে, ইউনিভার্সিটিতে ভর্তি হই আমাদের জীবনের পরবর্তী ধাপের জন্য। কিছু কিছু বন্ধুর সঙ্গো যোগাযোগ থাকলেও আমরা বিচ্ছিন্নই ছিলাম। কিন্তু ২০০৯-এ ৯ই অক্টোবর একটা হৃদয় বিদারক ঘটনা আমাদের আবার একসঙ্গো যোগাযোগ করিয়েছিল হিন্দু স্কুল প্রাক্তনী '৭৩-এর নামে।

আমাদের মনে হয়েছিল যে স্কুল আমাদের সব কিছু দিয়েছে সেই স্কুলের বর্তমান ছাত্রদের জন্য আমাদের কিছু করা উচিত। সেই থেকেই প্রাক্তনী '৭৩-এর জন্ম। আমাদের প্রতিটি সদস্য বন্ধুর সঙ্গো প্রাক্তনী '৭৩ অঙ্গাঙ্গী ভাবে জড়িত। সুখ-দুঃখ উৎসব সবেতেই প্রাক্তনী '৭৩ আমাদের সঙ্গো। ৭০-এর দশক ছিল হিন্দু স্কুলের স্বর্ণযুগ। কোনো বছর এইচ-এস এক্সামের ফলাফলে ১ থেকে ১০-এর মধ্যে হিন্দু স্কুলের ছাত্র নেই সেটা হত অকল্পনীয়। সেই ট্রাডিশান মেনে ৭৩-এর এইচ-এস এক্সামেও আমাদের কিছু বন্ধু কৃতকার্য হয়েছিল, কিন্তু আমাদের স্মৃতি তো অফুরন্ত— কত কথা বলব আর লিখব... ১৯৬৭-তে ১৫০ বছর পূর্তি উৎসব, নক্‌শাল আন্দোলনের ঝড় ১৯৭০ থেকে ১৯৭৩, এক বছর পরীক্ষা না দিয়ে ক্লাস প্রমোশন, প্রেসিডেন্সির মাঠে খেলা আর স্পোর্টস—অনেক কথা মনে আসে।

২০২৩ আমাদের এইচ-এস এক্সামের ৫০ বছর পূর্তি হল। ৫০ বছরের বেশি বছর ধরে আমাদের বন্ধুত্ব। সেটা উদ্‌যাপন করবনা তাই বা কি করে হয়। সেই ভাবনা থেকেই 'স্মৃতির ঝলকের' প্রকাশনা। একটু দেরি হল এটি প্রকাশ করতে, এর জন্য সম্পাদকমণ্ডলীর পক্ষ থেকে আমরা দুঃখিত। আমাদের পরবর্তী প্রজন্ম যেন আমাদের স্কুলের কথা জানতে পারে। তাই আমরা আজ সম্পাদকমণ্ডলীর পক্ষ থেকে প্রকাশ করলাম এই 'স্মৃতির ঝলক'।

**গৌতম ঘোষ**

*পক্ষে*

হিন্দু স্কুল প্রাক্তনী'৭৩

# সূ চি প ত্র


| | | |
|---|---|---|
| 1. | **From the Desk of the President** – Biplab Bhowal | 5 |
| 2. | **From the Secretary's Desk** – Gautam Ghosh | 6 |
| 3. | **Evolution of Hindu School Praktani '73** – Gautam Ghosh | 7 |
| 4. | শ্রদ্ধা – শুভ্রজিৎ দত্ত, *প্রধান শিক্ষক, হিন্দু স্কুল* (২০২৫) | 10 |
| 5. | **My School Years : The External Impacts** – Someswar Bhowmik | 13 |
| 6. | স্মৃতিকথায় হিন্দু স্কুল – স্মৃতিরঞ্জন মজুমদার | 22 |
| 7. | মনে পড়ে – দীপায়ন গোস্বামী | 28 |
| 8. | হিন্দু স্কুল, এক অজানা ছেলে এবং তাঁর বাবার গল্প – সন্দীপ কুমার দে | 31 |
| 9. | হিন্দুস্কুলের প্রথম শিক্ষামূলক ভ্রমণ – আশিস পাল | 34 |
| 10. | এক স্কুল কি কাহানি – অসীমজীবন বসু | 38 |
| 11. | হিন্দু কলেজ থেকে হিন্দু স্কুল – সৌমিত্র শ্রীমানী | 42 |
| 12. | **Hindu School : The Name is Enough** – Swapan Bhattacharya | 56 |
| 13. | প্রথম দিনের স্মৃতি – আশিস হালদার | 59 |
| 14. | স্মৃতি সতত সুখের – প্রবীর রায় | 61 |
| 15. | আমার হিন্দুস্কুলের স্মৃতি – জ্যোতিষ্মাণ দাশগুপ্ত | 63 |
| 16. | **My Golden Years 1962 to 1973 in Hindu School** – Gautam Ghosh | 66 |
| 17. | হিন্দুস্কুলে তিনটি বছর—"দৈবঞ্চবাত্র পঞ্চমম্" – পৃথ্বীশ বসু | 70 |
| 18. | আমার স্কুল ঃ স্মৃতির সরণী বেয়ে ৫০ বছর – মিহির চ্যাটার্জি | 73 |
| 19. | জীবনের ১১ বছরের স্মৃতিকথা – তীর্থঙ্কর মিত্র | 76 |
| 20. | যারা পরীক্ষায় বসেছিলাম : ১৯৭৩ | 79 |

# From the Desk of the President

*Dear Friends,*

As we come together to celebrate the Golden Jubilee of our Higher Secondary passing out, my heart is filled with pride and warm memories of our school life. Our activities of 'Hindu School Praktani '73' began in 2010 when we lost our friend Dr Tapas Sen in a tragic accident. Our activities began with a note of sorrow not joy as we have lost other friends Dipankar Majumdar, Shambunath Moitra, Salil Ghosh and Parimal Chakraborty earlier. Their memories brought us together, and still bind us.

Out of this premature and sudden losses we found a purpose. In their memory we started giving book prizes and scholarships to students who needed our support. It became a way to keep their memory alive. Over the years more friends joined, teachers were honoured and our journey gathered strength.


This jubilee function is not just about completing fifty years of our friendship. It is about celebrating strong bonding, shared values and giving back something to our Alma Mater Hindu School.

Let this event and our Souvenir help us remember, honour and inspire our future generations.

*Warm regards*

Biplab Bhowal

*President (2022-2024)*




আমাদের পশ্চিম দুয়ার

## From the Secretary's Desk

*Dear Friends,*

Praktani '73, an alumni association of Hindu School '73 batch students, was established in 2010 in memory of those friends who departed very early from this world, leaving us grief-stricken and heart-broken.

Our primary objective was to institute book prizes for the Madhyamik/HS toppers from Hindu School every calendar year in remembrance of the departed souls.




আমাদের গর্ব

Later on, we also introduced scholarships for students securing highest marks in annual examinations as also for those who would score highest marks in various subjects, this time in memory of our the then departed teachers.

While we conduct one grand function in the school to hand over the book prizes and scholarships, we also engage ourselves in various get togethers, short day tours as well as overnight tours to refresh our more than 50 years of bonding as well as strong friendship.

Close to our completing 50 years of passing out from Hindu School after the Higher Secondary Examinations in 2023, I put forward the suggestion that we should celebrate this Golden Jubilee by holding a small function as well as publishing a souvenir where recollections about our school days would be recorded.

The idea was to preserve these memories as a reference to our next generation.

However, after undertaking this task we have encountered quite a few hurdles. But finally, we have been able to put together in black and white a few school memories by our batchmates who passed the HS Examinations in 1973.

I hope you will enjoy reading this small publication.

Gautam Ghosh (2022-2024)


# Evolution of 'Hindu School Praktani '73'


GAUTAM GHOSH

*Founder Secretary of Hindu School Praktani '73.*


It was the afternoon of 10th October 2009. I was in a prolonged production meeting at office when my mobile rang. The caller was Asim Jiban Basu, my classmate in Hindu School. He briefly said that there was bad news. Startled, I came out of the meeting and received the tragic news that our friend Dr Tapas Sen was no more.

He had met with an accident at Gangotri falling from the horse back and getting thrown into the rough waves of river at Gangotri. To make matters worse, his body was till then untraceable. Tapas was a very close friend of mine and we used to sit together from Class VII onwards. Those days his family stayed at Arpuli Lane, a bye lane just opposite the Calcutta Medical College. Many of us used to visit his home during our school days ignoring the risk of moving along that lane during Naxalite times. After leaving school, we were in constant touch. So much so, that just before he met with the accident he came to our home and we had a long adda session. Imagine my incredulity at this unexpected turn of events.



ওপরেও ওঠা যায়,
নীচেও নামা যায়

In the evening this news was flashed in television as well as in newspapers on the next day. After lot of trials the body of Tapas was recovered and brought to Kolkata on 12th October 2009. Unfortunately, I could not join him for his last journey but our other friends Swapan Bhattacharya, Prithwish

Basu, Dipankar Chakraborty and others were there to accompany him in his last journey.

Earlier to this we had lost our two other dear friends Dipankar Majumdar in a ghastly road accident as well as Dr Shambu Nath Moitra who suffered a heart attack while travelling in train with others. There were some other deaths such as those of Parimal Chakraborty and Salil Ghosh.

After some days in October 2009, probably on a Sunday morning, we assembled at our friend Prithwish Basu's home and decided that we must do something in the memory of our deceased friends who were our dearest and closest friends in the school. After all, nobody is immortal in this world and all of us have to depart from this world one day.

It was decided that we would start an organization where everybody will contribute a token amount and in the memory of our departed friends we will organize book prizes worth Rs 5000 each for the first three School toppers of Madhyamik Examination.

That was the beginning of our journey for 'Hindu School Praktani '73'. Meanwhile, we had to cross many hurdles to legitimize this entity and establish it as a registered body under the Societies Registration Act of WB Govt. with generous help from the then Head Master of the School and also the then Registrar of the Society of WB Govt.

Our first prize distribution ceremony was held in the year 2010. After a few years in the initial stage of our formation I got a surprise call from Canada from Dr Debashish Chatterjee, 1971 batch, Hindu School HS and then IIT KGP Electronics and Communication Engg of 1976 batch. Initially he sent us a lumpsum amount to institute a prize in the memory of our late Mathematics Teacher Baren Mukherjee Sir. Later on he along with his three HS 1971 batch friends constituted prizes in the memory of our late Chemistry Teacher Kashinath Tripathy and Biology Teacher Satyendranath Mukhopadhyay. After this, four of our batch mates of HS '73 instituted a prize in memory of another versatile Mathematics teacher Ajit Kumar Ghatak.

Later on, we also decided to institute prizes for toppers of Class VII, Class VIII and Class IX to support their educational activities.

In the year 2023 we organized a program in honour of our teachers of Hindu School of 70s, who were still alive and who could be contacted by us. During this time, we came in touch with Mritunjoy Khan, our PT teacher during our school days.

He attended our prize distribution ceremony of the year 2022, 2023 and 2024. He was so impressed with our activity of instituting prizes in memory of our

departed teachers that he himself contributed a lumpsum money specially to institute a prize in the memory of our the then Head Master Satyananda Pramanick.

From a humble beginning the prize distribution ceremony of Hindu Schiool Praktani '73 has now evolved into an important program in the Hindu School calendar well supported by succeeding Head Master including the present one, all teaching and non-teaching staff members as well as by students and also their parents.

By establishing the scholarship of class VII, Class VIII and Class IX we could identify the hidden gems who finally became school toppers in Madhyamik Examination.

We have already crossed 15 years with 'Hindu School Praktani '73' and hope we will cross many more years to come.

Under the umbrella of 'Hindu School Praktani '73' the bonding amongst all batch mates of '73 HS have also became very strong and today all our friends are members of 'Hindu School '73' extended family as we share all our joys and sorrow together holding our hands in hand and supporting each other in the best possible manner.



সেই খঞ্জারাজের [৺গোপালবাবু] অফিস

# শ্রদ্ধা

## শুভ্রজিৎ দত্ত

*প্রধান শিক্ষক, হিন্দু স্কুল* (২০২৫)

সূর্য যখন পশ্চিমাকাশে রক্তিম আভা ছড়িয়ে ধীরে ধীরে দিনশেষের ক্লান্ত সুর বুনছিল, ২০১৮ সালের এক শুক্রবার, ১০ আগস্ট, ঠিক তখনই আমি হিন্দু স্কুলের প্রধান শিক্ষক হিসেবে আমার নতুন যাত্রা শুরু করি। সেই আলো-ছায়ার সন্ধিক্ষণে যেন আমার জীবনেও এক নতুন অধ্যায়ের সূচনা ঘটেছিল অতীতের স্মৃতিকে বুকে নিয়ে বর্তমানের দায়ভার গ্রহণ। সামান্য কিছুক্ষণ আগে বিদায়ের মুহূর্তে হাওড়া জিলা স্কুলের ছাত্রদের চোখে যে জল দেখেছিলাম, তা যেন ছিল এক অন্তর্লীন সম্পর্কের অপূর্ণতা, এক অব্যক্ত ভালোবাসার প্রতিচ্ছবি। অথচ সেই জলের ভার নিয়ে পা রেখেছিলাম এমন এক শিক্ষাঙ্গানে, যা ছিল আমার শৈশবের প্রাঙ্গণ, কৈশোরের ছায়াবৃক্ষ—হিন্দু স্কুল। এ বিদ্যালয়ের প্রতিটি ইঁট, প্রতিটি ছায়া, প্রতিটি করিডোর যেন আমার স্মৃতির পটে আঁকা এক চিরন্তন ছবি।

হ্যাঁ, ১৯৭৮ সালে আমি হিন্দু স্কুলে প্রথম শ্রেণির খ-বিভাগে ভর্তি হই। ক্লাস টিচার রমাদির মৃদু হাসি, ঝর্ণাদির কঠোর কিন্তু স্নেহময় দৃষ্টি-সবই আজও যেন জীবন্ত। তখনও বুঝিনি, Education is not the filling of a pail– but the lighting of a fire ঠিক কতখানি সত্যি।




## শতকের সেরা

আমার পরিবারে, আমার কাকা-জ্যাঠাদের ছেলেমেয়েরা যখন লা মার্টিনিয়ার, লোরেটো, সাউথ পয়েন্ট, পাঠভবনের মতো নামজাদা ইংরেজি মাধ্যম স্কুলে শিক্ষালাভ করছিল, আমার মা—এক দূরদর্শিনী নারীর মতো

পার্ক—সার্কাসের ডন বসকো স্কুল বদলে আমাকে ভর্তি করেছিলেন হিন্দু স্কুলে। তিনি বিশ্বাস করেছিলেন: It is not in the stars to hold our destiny but in ourselves– আর তাঁর সেই বিশ্বাস আজ আমার কর্মপথের আলো।

হিন্দু স্কুলের দেওয়ালে-দেওয়ালে যে-ইতিহাসের নিশ্বাস, তা ছুঁয়ে যায় হৃদয়ের গভীরে। ’৭৩ ব্যাচের প্রাক্তনীরা—যাঁরা পঞ্চাশ বছরেরও আগে উচ্চমাধ্যমিক পেরিয়ে এখান থেকে বিদায় নিয়েছিলেন—আজও এই বিদ্যালয়ে রেখে যাচ্ছেন তাঁদের অন্তরের ছাপ। তাঁদের আবেগ, তাঁদের আত্মীয়তা যেন কিটস-এর কবিতার মতো—চিরন্তন, অনন্ত। প্রথিতযশা তাঁরা—কেউ এখন প্রখ্যাত চিকিৎসক, কেউ প্রকৌশলী, কেউ প্রাক্তন শিক্ষক-অধ্যাপক-শিক্ষা অধিকর্তা, কেউ বা প্রকাশক কিংবা ব্যাঙ্কার—তবু তাঁরা হিন্দু স্কুলের স্মৃতিকে চোখের মণির মতো আগলে রেখেছেন। এঁদের মধ্যে কেউ কেউ প্রবাসী, কেউ আবার দূর বিদেশ বিভুঁইয়ে; তবুও প্রতি বছর মিলনোৎসবে এসে ছাত্রদের মধ্যে পুরস্কার বিলিয়ে যান, পাঠ্যবই দেন, প্রেরণা জাগানো ভাষণ দেন—যেন মেটারলিংকের নাটকে বলা আত্মার মুক্তির সেই আলো, যা ব্যক্তিকেও ছাপিয়ে যায় সমষ্টির কল্যাণে।



এই সেই ক্লাস রুম

করোনাকালে, যখন গোটা মানবসভ্যতা থমকে গিয়েছিল, তখনও এই ’৭৩ প্রাক্তনীর অদম্য দল হিন্দু স্কুলকে ভুলে যাননি। পাঠ্যবই পাঠিয়েছেন, প্রাক্তন শিক্ষকগণকে সম্মাননা জানিয়েছেন, এবং—যেটা সবচেয়ে গুরুত্বপূর্ণ—সংযোগ রেখেছেন, বন্ধন ছিন্ন হতে দেননি। বার্নার্ড শ বলেছিলেন, Life is not about finding yourself life is about creating yourself এই মানুষগুলোও নিজেদের অস্তিত্ব নতুন করে নির্মাণ করেছেন বিদ্যালয়ের প্রতি দায়বদ্ধতা দিয়ে। আজও তাঁদের কথায় বারবার ফিরে আসে কানাইবাবুর নাম, সত্যানন্দবাবুর নাম, যাঁরা শুধু প্রবাদপ্রতিম প্রধান শিক্ষক ছিলেন না, ছিলেন পথপ্রদর্শক, ছিলেন ধ্যানের মূর্তি। যখন বিগত

কয়েক বছরে হিন্দু স্কুলের কোনও ছাত্র উচ্চমাধ্যমিক পরীক্ষায় রাজ্যে একাদশ, পঞ্চম বা অষ্টম স্থান পায়, তখন বুঝি—এই '৭৩ ব্যাচের অনুপ্রেরণা যেন অলক্ষ্যে সেই ছাত্রদের পথ আলোকিত করেছে।

এভাবেই তো মানুষ তার নিজের কর্মেই নিজেকে নির্মাণ করে। এবং এই প্রাক্তনী দাদারা তা নিঃসন্দেহে প্রমাণ করেছেন।

তাঁরা যেমন বড়োদাদার মতো মার্জনা করতে জানেন, তেমনই দৃপ্ত কণ্ঠে বলেন—"প্রকৃত শিক্ষা মানুষের অহং বাড়ায় না, বিনয় শেখায়।' তাঁদের ক্যামেরা রেডি, তাঁদের ব্যবস্থাপনা, তাঁদের আন্তরিকতা---সবকিছু থেকে প্রতিনিয়ত শিখি। বার্ট্রান্ড রাসেল বলেছিলেন, The good life is one inspired by love and guided by knowledge এই '৭৩ প্রাক্তনীরা যেন সেই ভালোমানুষির জীবন্ত উদাহরণ। বিগত ২০২৩ সালে তাঁদের স্কুল থেকে বিদায় নেওয়ার পঞ্চাশ বছর অতিক্রান্ত হয়েছে। তারপর, বাহান্ন বছরের এই বন্ধন, এই ভালোবাসার নদীটি আজও গড়িয়ে চলেছে উচ্ছ্বাসে, আশ্বাসে, অভিজ্ঞান-ভরা মননে। তাই তাঁদের প্রতি আমার কৃতজ্ঞতা জানাই। জানাই নম্র শ্রদ্ধা, জানাই অন্তর থেকে শুভেচ্ছা।



এই সেই ক্লাস রুম

'৭৩ প্রাক্তনী দাদারা—আপনারা ভালো থাকুন, সুস্থ থাকুন, প্রাণভরে থাকুন হিন্দু স্কুলের সাথে। আপনাদের আলোয় আলোকিত হোক হিন্দু স্কুলের আগামী পথচলা।

# My School Years : the External Impacts

Someswar Bhowmik

I still remember, when my parents got me admitted to Class I in Hindu School in January 1962, how much I was brainwashed. Even at that tender age I was made to feel not only fortunate but privileged also for the opportunity to study in one of the best schools in West Bengal. I was then barely aware of its reputation as an iconic institution. But as the days and months and years passed by, the aura started taking roots in my head and heart. And it hasn't left me even after I passed out fifty years ago.

Technically speaking, my school years began in January 1962, the 15th year of India's independence. But her Constitution came into effect in January 1950. So 1962 was the 12th year of India as a sovereign democratic republic, looking forward optimistically and with enthusiasm to an era of rapid progress. The school years came to an end in December 1972. By that time independent India had finished 25 years of her sovereign existence. But, for various reasons, the air of optimism of the immediate post-independence years had by then been replaced by one of despondency.

Since the Higher Secondary examinations were to be held in March-April 1973 and also some official works needed to be completed for registration with the West Bengal Board of Secondary Education and also after the declaration of our HS results, intermittent engagements with the school continued till August 1973.

The following is a selective account of historical events happening between January 1962 and August 1973, and catching my imagination and attention while I was progressing from childhood to late adolescence. This I thought would give a sense of the impact those times had on me, complementing my academic and extra-curricular experiences in school, which were aplenty. There is no denying that Hindu School shaped a large part of my personality through a mixture of strict discipline and quiet indulgence, and became an indelible part of my existence, certainly during the school years but even after I left. Now wherever I go I always carry Hindu School in me, always quietly hidden in my bosom but showing off whenever opportunities arise. But I cannot also forget that the following external events had affected me deeply during my school days and left their imprints on my psyche. I can vouch with certainty that I was sensitized about these important events by the teachers, both directly and indirectly. Through such actions they opened before me a window to the world outside and new vistas. That was a period to be easily excited and emotionally involved. And the triggers came from

the teachers, to a large extent. This was indeed an important part of education they imparted, apart from routine elements in the syllabus.

The following is indeed my personal trip down memory lane reflecting my own taste and sensibility, which my peers may or may not share. The list below is also my humble tribute to our teachers' collective influence on our psyche. I refrain from mentioning any individual name though.

But I should put on record one DISCLAIMER. Memory is a tricky business, involving selective retention as well as rejection. The following list may not be free from this problem. My humble submission is, if act(s) of serious omission has(ve) happened it is unintentional.

**1962 [Class I]**

February 16 - Government of India constitutes the Indian National Committee for Space Research (INCOSPAR) to conduct peaceful research on outer space, with Vikram Sarabhai as the Chairman.

February 20 - Astronaut John Glenn becomes the first American in orbit. [Yuri Gagarin of the USSR was the human in orbit on April 12, 1961.]

May 8 – Rabindra Bharati University established in the ancestral house of the Tagores. Assembly elections also held along with Parliamentary Elections. Congress wins handsomely and forms government under Dr. B C Roy.

May 13 – Eminent educationist Dr. Sarvapally Radhakrishnana become the 2nd President of India.

June 16 - Valentina Nikolayeva Tereshkova becomes the first woman in space.

June 17 - Brazil successfully defends its World Cup title, defeating Czechoslovakia in the final in the Chilean capital of Santiago.

July 1 – Death of Dr. B. C. Roy, WB CM.

July 8 – Prafulla Chandra Sen becomes Chief Minister following Dr. Roy's death.

September 4 – India wins football Gold Medal, defeating South Korea, in Djakarta Asian Games.

October 20-November 21 – Sino-Indian conflict.

**1963 [Class II]**

February 20 – The West Bengal Board of Secondary Education Act 1963 passed to establish a new Board of Secondary Education in the State of West Bengal.

August 5 – The first arms control agreement of the Cold War, the Limited Test Ban Treaty of 1963 between the USA & the USSR signed.

November 21 – India's first ever successful rocket launch carried out from Thumba Equatorial Rocket Launching Station, Thiruvananthapuram (then Trivundram), sending the NASA-built Nike-Apache rocket to space.

November 23 – US President John F. Kennedy assassinated.

**1964 [Class III]**

January – Riot in January 1964 affecting the whole of Calcutta, presumably in retaliation to communal riots in East Pakistan. It was the first intense religious violence in the city since the 1946 riots.

April 11 – Two Council members walks out of Communist Party of India National Council triggering a split in the Communist Party of India.

May 27 – Prime Minister Jawaharlal Nehru dies after a five-month illness; he is succeeded by Lal Bahadur Shastri.

Oct 21– India wins Hockey Gold medal in Tokyo Olympic, defeating Pakistan.

**1965**

March 18 – Soviet Cosmonaut Alexei Leonov becomes the first person to perform a spacewalk.

March 20 – Indo-Pakistan war erupts.

April – The 1st ever Higher Secondary Examination for Class XI held.

May 11 – Nearly 17,000 people die due to a cyclonic storm in East Pakistan.

May 26 – Dhanbad coal mine disaster kills 274.

August 23 – West Bengal Channa Sweets Control Order promulgated to counter the dire situation of dairying in the state.

September 6-22 – A full-scale Indo-Pak war is fought.

**1966 [Class V]**

January 10 – Taskhent Treaty signed by Prime Minister Lal Bahadur Shastri (India) and General Ayub Khan (Pakistan).

January 20 – Hindu School set to complete 150 years in 1967. Year-long celebrations kick off.

January 11 – PM Lal Bahadur Shastri dies under mysterious circumstances in Taskhent.

January 24 – Homi Jehangir Bhabha, widely regarded as the 'father of India's nuclear programme', dies in a plane crash near Mont Blanc.

April 6 – Mihir Sen swims across Palk Strait. He crowns this feat of becoming the only man in history to have swam the oceans of five continents in a single calendar year.

April 26 – City of Taskhent completely destroyed by an earthquake of 7.5 magnitude.

June 2 – US spacecraft Surveyor 1 soft-lands on moon.

July 30 – England wins FIFA World Cup by defeating then West Germany. With failed monsoon for two successive years 1965 and 1966 India was staring at the face of an unprecedented food crisis.

**1967 [Class VI]**

January 20 – The series of year-long sesquicentennial celebrations ends.

February 25 – The assembly elections conducted on that day lead to the end of Congress rule and the assumption of office by a non-Congress United Front Government, led by Ajoy Mukherjee.

March 3 – Beginning with a peasant uprising in the hamlet of Naxalbari, this Marxist- Leninist rebellion spreads in the North Bengal countryside. The guerrillas operate among the impoverished peasants, fighting both the government security forces and private paramilitary groups funded by wealthy landowners. Fightings take place in West Bengal, Andhra Pradesh, Maharashtra, Orissa and Madhya Pradesh. Known as the Spring Thunder the Naxalite movement begins to affect the middle class and the intelligentsia, living deep scars in society.

May 13 – The renowned educationist Dr. Zakir Hussain elected the 3rd President of India.

June 5 – Six-day war between Israel and Egypt begins amid worldwide protest.

June 27 – First indigenously manufactured turboprop aircraft HS748 handed over to Indian Airlines.

October 10 – Outer Space Treaty, a treaty that forms the basis of innumerable space laws, comes into force.

November 21 – The United Front government under Ajoy Mukherjee dismissed. A Progressive Democratic Alliance Front government under Prafulla Chandra Ghosh sworn in.

December 3 – Cardiac surgeon Dr. Christian Bernard performs the first human heart transplant in Cape Town, South Africa.

December 11 – The 6.6 magnitude Koynanagar earthquake shakes western India with a maximum Mercalli intensity of VIII (Severe), killing 177–180 and injuring 2,272.

**1968 [Class VII]**

February 19 – PDAF government resigns.

February 20 – President's Rule imposed in West Bengal.

April 4 – The US Civil & Equal Rights leader Dr. Martin Luther King assassinated.

April-May – Several hundred students of Columbia University protest US's Vietnam War. Students and police clash in Paris' Latin Quarter, resulting in prolonged political unrest. Student activism and mass demonstrations happen in Poland, West Germany, Mexico, Italy and elsewhere.

August 21 – The USSR-led Warsaw Pact troops invade Czechoslovakia to scuttle the short-lived Prague Spring of liberalization and reforms.

October – Summer Olympics held in Mexico City, marked by protests by Black American athletes against racial discrimination in the USA. India wins Bronze medal in field hockey, behind Pakistan and Australia.

December 24 – Three astronauts, Jim Lovell, Bill Anders and Frank Borman, become the first humans to orbit the moon aboard Apollo 8.

**1969 [Class VIII]**

January 25 – The 1st ever US-North Vietnamese peace talk begins clandestinely in Paris.

February 9 – Mid-term election held in West Bengal, with United Front winning a landslide victory and forming government under Ajoy Mukherjee on February 25. Boeing 747, the world's largest aeroplane makes its 1st commercial flight.

March 2 – First Concord supersonic jet test flight conducted.

April 4 – Dr. Denton Cooley, an American cardiothoracic surgeon, performs the first implantation of a temporary artificial heart.

June 17 – Boris Spassky defeats Tigran Petrosian to become World Chess Champion in Moscow, after a 23-game tie.

July 19 – The Government of India nationalizes 14 private banks of the country.

July 20 – Apollo 11 lands on moon with Neil Armstrong and James Aldrin. Armstrong becomes the first human to walk on moon. Aldrin the second.

August 15-18 – The Woodstock Festival is held near White Lake, New York, involving some of the top rock musicians of the era.

August 21 – After a year-long operation in Czechoslovakia the Prague Spring in finally beaten.

August 24 – V V Giri becomes the 4th President of India.

October-November – Hundreds of thousands of people take part in anti-Vietnam War demonstrations across the USA.

October 29 – The first message is transmitted over ARPANET developed wide-area packet-switched network connected to computers with TCP/IP protocol suits. It was the forerunner of the internet.

November 19 – Apollo 12 astronauts Charles Conrad and Alan Bean become the third and fourth humans to walk on moon. Pele scores his 1,000th goal in professional football.

**1970 [Class IX]**

January 5 – The 7.1 Mw Tonghai earthquake shakes Tonghai County, Yunnan province, China, with a maximum Mercalli intensity of X (Extreme). Between 10,000 and 14,621 are killed and 30,000 injured.

March 5 – The Nuclear Non-Proliferation Treaty goes into effect, after ratification by 56 nations.

March 16 – The UF government dismissed and President's Rule imposed in West Bengal, keeping the Assembly alive.

March 31 – NASA's Explorer 1, the first American satellite and Explorer program spacecraft, reenters Earth's atmosphere after 12 years in orbit.

May 26 – The Soviet Tupolev Tu-144 becomes the first commercial transport to exceed Mach 2.

June 1 – Soyuz 9, a two-man spacecraft, was launched by the Soviet Union. The two-man crew of Andriyan Nikolayev and Vitaly Sevastyanov breaks the five-year-old space endurance record held by Gemini 7, with nearly 18-day flight. The flight tested, for a longer period of time than any other, the capacity of the hardware and the human crew to negotiate the long-term exposure to space conditions.

June 21 – Brazil defeats Italy to win the 1970 FIFA World Cup in Mexico City, and was awarded the original Jules Rimet Trophy (used since 1930) perpetually, after this their 3rd win.

July 12 – The Norwegian bio-scientist Thor Heyerdahl's papyrus boat Ra II arrives in Barbados from the west coast of Africa, to demonstrate the possibility of contact between widely separated ancient peoples.

July 30 – The West Bengal State Assembly was dissolved, President's Rule continues.

November 10-13 – A 120-mph (193 km/h) tropical cyclone forms over Bay of Bengal and makes landfall in Bhola in modern-day Bangladesh around high tide, killing over 500,000 people (considered the 20th century's worst cyclone disaster).

It gives rise to the temporary island of New Moore / South Talpatti. It partially ravages Tripura and Assam in India.

December 27 – President of India V. V. Giri declares new elections for 5th Lok Sabha.

**1971 [Class X]**

January 5 – The first ever One Day International cricket match is played between Australia and England at the Melbourne Cricket Ground.

January 25 – Intelsat IV (F2) launched; it enters commercial service over the Atlantic Ocean March 26.

February 20 - The chairman of All India Forward Bloc, Hemanta Kumar Basu murdered by political opponents in West Bengal.

March 7 – Awami League leader Sheikh Mujibur Rahman launches the non-cooperation movement in East Pakistan.

March 10 – India defeats West Indies in Port of Spain Trinidad for the first time ever to clinch the rubber 1-0. Sunil Gavaskar creates world record for scoring 774 runs in four tests. Ajit Wadekar is the Captain.

March 25 – The Pakistani army starts Operation Searchlight in the then East Pakistan at midnight after President Yahya Khan nullifies election results that gave the Awami League an overwhelming majority in the parliament; start of the 1971 genocide, ending the non- cooperation movement.

March 27 – East Pakistan's independence is repeatedly declared by army major (later president of Bangladesh) Ziaur Rahman on behalf of Sheikh Mujibur Rahman from Kalurghat Radio Station, Chittagong.

April 2-June 28 – Another short-lived stint of Ajoy Mukherjee government in West Bengal, after which President's Rule is re-imposed on 29 June.

April 17 – The People's Republic of Bangladesh is formed under Sheikh Mujibur Rahman at Mujibnagor.

April 19 – The provisional government of Bangladesh takes asylum in India, starting operation from West Bengal.

April 24 – An estimated 200,000 people in Washington, D.C., and a further 125,000 in San Francisco march in protest against the Vietnam War.

May 31 – The birth of Bangladesh is declared by a Government-in-exile in territory formerly part of (East) Pakistan.

July 31 – Apollo 15 astronauts David Scott and James Irwin become the first to ride in the Lunar Roving Vehicle, a day after landing on the Moon.

August 9 – India signs a 20-year treaty of friendship and cooperation with the Soviet Union.

August 24 - India defeats England in the third and the final Test at the Oval. This happens to be India's first victory ever on the English soil.

August 25 – The former East Pakistan and eastern Bengal are flooded; thousands flee the area.

September 29 – A cyclone in the Bay of Bengal, in Orissa State in India, kills 10,000.

October 14 – Greenpeace is founded in Vancouver, British Columbia, Canada.

November 15 – Intel releases the world's first microprocessor, the Intel 4004.

November 23 – The People's Republic of China takes the Republic of China's seat on the United Nations Security Council.

December 3 – 17 December: India and Pakistan fight their second major war.

December 6 - India recognises Bangladesh as a free and sovereign state through declaration made by Indira Gandhi in parliament.

December 16 – Victory Day of Bangladesh: 93,000 persons of the Pakistan Army surrender to the Joint Force i.e. Mukti Bahini (Freedom Force) and the Indian Armed Forces, officially ending the Bangladesh Liberation War and creating the new nation state of Bangladesh.

December 21 – Privy Purses bestowing privileges and allowances to the former rulers of native states under British Rule abolished by the 26th Amendment of Constitution.

**1972 [Class XI]**

February 28 – U.S. President Richard Nixon's visit to the People's Republic of China concluded with the two countries issuing the Shanghai Communiqué, pledging to work toward the full normalization of diplomatic relations.

March 11 – After a highly controversial Legislatives Assembly election in West Bengal, a Congress government under Siddhartha Sankar Ray assumes office on 20 March after President's Rule is lifted.

May 01 – India's coal mines nationalized.

June 05 – World Environment Day began at the World Environment Conference organized by the United Nations General Assembly.

July 02 – Prime Minister Indira Gandhi and President of Pakistan Zulfiqar Ali Bhutto signed the Shimla Agreement.

August 28 – General Insurance Business Nationalized in India.

September 01 – Bobby Fisher, Grandmaster of American chess, became the 11th world - winning champion, when he defeated Russian Boris Spasky in a match that was widely promoted as a conflict of the Cold War.

September 5 – Palestinian extremists infiltrate athletes' dormitories at the Munich Summer Olympic Village, an attack that results in murder of 11 Israeli athletes and coaches and a German police officer, setting off an international crisis.

September 10 – India win Olympic Hockey Bronze medal, behind West Germany and Pakistan.

December 23 – The two-hour earthquake in Managua, the capital of Nicaragua, devastated life and killed about ten thousand people.

**1973 [Passing out year]**

January 1 – The United Kingdom, the Republic of Ireland and Denmark enter the European Economic Community, which later becomes the European Union.

January 27 – U.S. involvement in the Vietnam War ends with the signing of the Paris Peace Accords.

April 3 – The first handheld mobile phone call is made by Martin Cooper of Motorola in New York City.

July 16 – Watergate scandal: Former White House aide Alexander Butterfield informs the United States Senate Watergate Committee that President Richard Nixon had secretly recorded potentially incriminating conversations.

July 23 – Results of our Higher Secondary Examinations are declared. The race for getting admission into reputed colleges/universities/institutions begin.

At the end of it all, I cross over with trepidation to the even more venerable Presidency College. A new chapter in life begins.

# স্মৃতিকথায় হিন্দু স্কুল

স্মৃতিরঞ্জন মজুমদার

আমরা যারা হিন্দুস্কুলে পড়বার সুযোগ পেয়েছিলাম, তারা সবাই খুবই ভাগ্যবান। ২০০ বছরের উপর ঐতিহ্যের পরম্পরা, যে স্কুলে ডেভিড হেয়ার, ডিরোজিও, যতীন্দ্রমোহন ঠাকুর, দেবেন্দ্রনাথ ঠাকুর, কেশবচন্দ্র সেন, মাইকেল মধুসূদন দত্ত, সত্যেন্দ্রনাথ বসু, রমেশচন্দ্র মজুমদার, আরও অনেক বিশ্ববিখ্যাত মানুষদের নাম জড়িত। সেই স্কুলের ছাত্র হিসাবে গর্ব অনুভব করাই তো স্বাভাবিক। সময় উড়ে চলে Time flies স্কুল থেকে পাশ করবার পঞ্চাশ বছর পরে এই লেখাটা লিখছি, সত্যিই পরম আশীর্বাদ।

এই লেখাটা আমি দুই ভাগে ভাগ করব—আমরা যেভাবে স্কুলকে দেখেছি ১. স্বাভাবিক সময় ২. নকশাল আন্দোলনের সময়।

আমি যেহেতু ক্লাস সিক্সে ভর্তি হয়েছিলাম, আমি স্কুলে ছিলাম ছ-বছর। আমার লেখার পিছনে প্রসাদ, বিপ্লব, তীর্থ, গৌতম বা অন্য বন্ধুরা উৎসাহ জুগিয়েছে, আমার স্কুলে সহপাঠী, যারা এখনও আমার পরম সুহৃদ প্রাক্তনী ৭৩-এর সুবাদে। সেইসময় স্কুলের পরিবেশ একেবারে আদর্শ ছিল। নিয়মানুবর্তিতা, মেধাবী ছাত্র, মাস্টারমশাইদের অপরিসীম প্রজ্ঞা ও স্নেহের স্পর্শ। আমার অবশ্যি বেশ সময় লেগেছিল মানিয়ে নিতে। পঠনপাঠনের মাপ যে উচ্চতায় ছিল—ছোট্ট একটা দুটো উদাহরণ দিই—আমাদের অষ্টম শ্রেণির ইংরেজি প্রশ্নপত্রে রচনা 'College Square' বা 'A moonlit night in Taj Mahal'। কল্পনাশক্তি বা ভাষার দখল থাকলেই এটা লেখা সম্ভব।



জলের ট্যাঙ্ক—টিফিনের সময় হজমি/কুল কেনার জায়গা

আমাদের সময় বাংলা মিডিয়াম বলে কিছু ছিল না। আমার 'খিড়কি থেকে সিংহদুয়ার' কিন্তু বেশ লম্বা ছিল। বাবা একটা ট্রামের মান্থলি করে দিয়েছিলেন বেলগাছিয়া থেকে ধর্মতলা যে কোনো ট্রামে যাওয়ার, যতবার খুশি মাসের মধ্যে উঠতে পারি। যেহেতু আমার প্রিয় চরিত্র শরৎচন্দ্রের 'ইন্দ্রনাথ', সেজন্যই আমার মধ্যে একটা দামাল সত্তা সেই ছোটোবেলা থেকেই। ফলে আমার অবাধ বিচরণ বেলগাছিয়া থেকে ধর্মতলা পর্যন্ত। আমার থেকে দু-বছর উঁচুতে মেজদা আমাদের স্কুলে পড়ত। এই একা-একা যাওয়ার সুবাদে আমরা খুব তাড়াতাড়ি বড়ো হয়ে গেছিলাম। এখনকার মতন মা-বাবাদের স্কুলে নিয়ে যাওয়ার চল তখন ছিল না।

জানি না তখন স্কুলে ছাত্র নির্বাচনের ব্যাপারে পরিবারকেও গুরুত্ব দেওয়া হত কিনা? কারণ বেশিরভাগ ছাত্রই অভিজাত ও শিক্ষিত পরিবার থেকে আসত। আমার মনে আছে, একেবারে প্রথমদিকে কয়েকজন ছাত্রকে ফিটন গাড়িতেও আসতে দেখেছি। লাহা ও মল্লিক পরিবারের ছেলেরাও আমাদের বন্ধু ছিল। পুরোপুরি বাঙালিয়ানা বজায় ছিল, স্কুলের মাস্টারমশাইরা পাটভাঙা শ্বেতশুভ্র ধুতি-পাঞ্জাবি প্রায় সবাই পরতেন। যদিও কোনও আশ্চর্য কারণবশত আমাদের ইউনিফর্মের চল ছিল না।




## রবারের বল পেটানোর উঠোন

আমার স্কুল জীবনের প্রথমদিকে হেডমাস্টারমশাই কানাইবাবুকে পেয়েছিলাম, সেটা খুব অল্প সময়ের জন্য। উনি দোর্দণ্ডপ্রতাপ মানুষ ছিলেন, বাঘে-গোরুতে একঘাটে জল খাওয়ানোর মতন। পরে আমাদের সময়ে শ্রী সত্যানন্দ প্রামাণিক মহাশয়কে পেয়েছিলাম। উনি জাতীয় শিক্ষকও হয়েছিলেন। সেই চরম অরাজকতার সময়েও দেখেছিলাম কী সুদক্ষ প্রশাসন। পরবর্তী সময়ে আমার কর্মজীবনেও অনুভব করেছিলাম যে প্রতিষ্ঠানের মানদণ্ড নির্ভর করে সুশাসনের উপর। স্কুলের সেই গগনচুম্বী সাফল্যের একটা প্রধান কারণও সেটাই। সত্যানন্দবাবু একটা অন্যরকম শাস্তি প্রচলন করেছিলেন। কোনো ছাত্র কোনো গর্হিত অপরাধ করলে তাকে দারোয়ানের

নির্দিষ্ট টুলে একতলায় স্কুলের সময়টা বসিয়ে রাখা হত পুরো সময়টার জন্য। চিন্তা করো কী অভাবনীয় শাস্তি! টিফিনের সময় তাকে টিফিনও দেওয়া হত। ভেবে দেখো humiliation লেভেলটা! অভিভাবকরাও জিজ্ঞাসা করতেন কারণটা। কোনো চড়, ঘুষি, কানধরা নয় বা কোনো শারীরিক নির্যাতনের ধারে-কাছেও নয়। কিন্তু শাস্তির রূপ কী ভয়ংকর! যে ছাত্র এই শাস্তি পেয়েছে, সে সারা জীবনের জন্য মনে রাখবে। আমার অসীম সৌভাগ্য যে এই চূড়ান্ত শাস্তির সম্মুখীন আমাকে হতে হয়নি। মাস্টারমশাইরা প্রায় 'হু ইজ হু' পর্যায়ে, মনে পড়ে যায় সত্যেনবাবু, রমেনবাবু, শান্তিবাবু, প্রশান্তবাবু, ব্রজবাবু, শিশিরবাবু, দুলালবাবু, স্মরজিৎবাবু, তপনবাবু, অমিয়বাবু, দেবব্রতবাবুদের কথা। নাম মনে আসছে না সবার। এঁদের মধ্যে আমাদের পড়ানো ছাড়া বেশ কৌতুক দান করতেন দুই মাস্টারমশাই। কাঠের কাজের মণিবাবু ও সংস্কৃতের তারাপ্রসন্নবাবু। একটা কথা চালু ছিল যে বৃহদাকায় মণিবাবু হাতের বিঘত মেপে নম্বর দিতেন। আমি বরাবরই বেশ বেপরোয়া। সেজন্য আমি চ্যালেঞ্জ নিয়ে একবার কাঠের কাজের উত্তরপত্রে ইন্ডিয়া ভার্সেস অস্ট্রেলিয়ার ধারাবিবরণী লিখেছিলাম। Statesman-এ লেখার বিবরণী থেকে। আশ্চর্যের ব্যাপার, আমি কিন্তু অনেক নম্বর পেয়েছিলাম।



তারাপ্রসন্ন বাবুর বিখ্যাত বারান্দা—নীল ডাউন

আমাদের উঠোনটা ছাড়া কোনো খেলার মাঠ ছিল না। সেজন্যই হয়তো আমাদের সুকান্ত ছাড়া প্রথমসারির কোনো খেলোয়াড়ও তৈরি হয়নি। হয়তো-বা এটা একটা অজুহাত, কারণ একজন ভালো খেলোয়াড় হতে হলে প্রশিক্ষণ আর সহজাত প্রতিভার মিশেল, দুইই প্রয়োজন ছিল। সেসব দিন ভুলব কী করে? বেশি বৃষ্টি হলে ও-পাড়া একেবারে জলে থৈথৈ। 'সেই ট্র্যাডিশন সমানে চলে আসছে'। কারণ দু-বছর আগেই স্কুলের পুরস্কার-বিতরণীর দিনে হাতে-পায়ে প্রমাণ পেয়েছিলাম। ভেবে দেখুন, সেই সময়ে পিঠে স্কুলব্যাগ বুটজুতো পরে ঠনঠনিয়া নামক সমুদ্র কয়েকজন কিশোর হেঁটে পার হত। সেই আনন্দ ভাষায় বর্ণনা করা যাবে না।

আমরা একবার কাশ্মীর বেড়াতে গিয়েছিলাম। খরচ দেড়শ টাকা। প্রায় সাত-আটজন শিক্ষকমশাই ও জনাকুড়ি ছাত্র। প্রায় দশদিনের ট্যুর। এ আনন্দ ভাষায় বর্ণনা করা যায় না। কাশ্মীরের নৈসর্গিক সৌন্দর্য্য আজও আমাদের স্মৃতির মণিকোঠায় উজ্জ্বল হয়ে রয়েছে। যে মাস্টারমশাইদের স্কুলে একরকম দেখতাম কাশ্মীরে গিয়ে ওঁরা একেবারে একদম আলাদা, বন্ধুর মতন।

কিছু দুষ্টুমির কথায় আসি। আমাদের তখন সখ্যতা হয়ে গেছে উত্তমকুমার, সুচিত্রা, ধর্মেন্দ্র, রাজেশ খান্না, হেমামালিনী, রেখা এবং আরও কয়েকজনের সাথে। 'রিলিজিং ডে রিলিজিং শো' না দেখলে জীবন বৃথা, দেখতে পারা প্রায় অস্কার পাওয়ার মতন ব্যাপার ছিল। সাথী ছিল প্রসাদ, সুমিত, ভাস্কর, শেখর বা আরও কয়েকজন। আমরা ৬৫/৭৫ এর লাইন শাসন করছি। বলাই বাহুল্য, আমাদের এই সিনেমা যাওয়ার পথ বৈধ ছিল না নিশ্চয়ই।



## পরীক্ষার সময় বিশেষ প্রয়োজনীয় শলা-পরামর্শের আদর্শ স্থান

স্কুলে থাকাকালীন আমার আর-একটা স্বভাব হয়েছিল, সিনেমা দেখার পরেই আমার ভালো ও খারাপ লাগার জায়গাটা একটা ডায়েরিতে লিখে রাখতাম। শুক্রবারের সংবাদপত্র 'Statesman' এবং 'আনন্দবাজার'-এ চলচ্চিত্র সমালোচনা বেরোলেই মিলিয়ে দেখতাম। কিছুদিন পরেই দেখলাম, যে এক-একজন মোটামুটি চিত্রসমালোচক হয়ে গেছি। একদম Arts-এর ছাত্র। এ ছাড়া বুধবার রাত্রি আটটা থেকে নটার সময় আমিন সাহানির সঞ্চালনায় 'বিনাকা সংগীতমালা' পড়াশোনা থেকে বেশি প্রাধান্য পেত। মহম্মদ রফি তখন থেকেই আমার কাছে ভগবান। লতা, আশা, মুকেশ আর কিশোর কুমারের গুণমুগ্ধ, এঁরা আজও আমার প্রিয়। পুঁটিরামের কচুরি, প্যারাডাইস, প্যারাগনের শরবত, কল্পতরুর পান তখন প্রায় অমৃতর মতন। আমাদের ক্লাস থেকে কফিহাউস দেখা যেত। বড়ো হওয়ার একটা উদগ্র বাসনা তখন থেকেই। আর একটা নেশাও তৈরি হয়েছিল, ইস্টবেঙ্গালের খেলা দেখতে মাঠে যাওয়া। বাবার একটা এরিয়ান ক্লাবের মেম্বারশিপ ছিল। স্কুলের পরেই কলেজ স্কোয়ারে বিপ্লবের দোকান থেকে মেম্বারশিপ কার্ড নিয়ে আমি, বিপ্লব আর স্বপন রেগুলার মাঠে যেতাম।

স্কুলজীবন আমার ঘটনাবহুল। আমার পুত্র স্মার্তরও উৎসাহ গানে এবং খেলাধুলোয় আছে। আমার বাবারও ছিল।

কথায় আছে Personality is a function of heredity & environment—কথাটা কতটা সত্যি আমি নিজের জীবনে উপলব্ধি করেছি। এই নেশা জেনারেশন ধরেই আসে।

আমি কোনও জায়গায়, আমাদের স্কুলের রেজাল্ট বা হায়ার সেকেন্ডারিতে কজন স্থান পেয়েছিল সেই সংখ্যাতত্ত্ব উল্লেখ করিনি। কারণ আমার বন্ধুরা সেসবের উল্লেখ করবে নিশ্চয়ই, হলে এটা পুনরাবৃত্তি হবে বলেই আমি এড়িয়ে গেছি।

### নকশাল সময় (১৯৭০ থেকে)

আমার মেজদারা তখন স্কুলের অভিভাবক। ওঁর বন্ধুরা তখন আমাকে ভালোবাসত আর স্নেহ করত। ফলে আমার গতিবিধিও ছিল অবাধ। কলেজ স্ট্রিট তখন উত্তাল। নকশালবাড়ির আন্দোলনের ছায়া তখন দীর্ঘ থেকে দীর্ঘতর হচ্ছে। চে গুয়েভারা, মাও-সে-তুং-এর মন্ত্রে সবাই দীক্ষিত হচ্ছে। কত মেধাবী ছেলেকে দেখেছি, কিছু পাওয়ার আশা ছাড়াই কীভাবে ঝাঁপিয়ে পড়েছিল। আমি দেখেছি অসীম চ্যাটার্জি (কাকা)-কে স্কুলে ক্লাস নিতে, কী সম্মোহনী শক্তি! দু-একটা ঘটনার কথা উল্লেখ করব।


স্কুল পালাবার পশ্চিম দুয়ার

(১) এরকম একদিন স্কুলে ঢোকার সময় দেবাশিসের (নাম পরিবর্তিত) সাথে দেখা হল। হন্তদন্ত হয়ে হাতে একটা কীটসব্যাগ নিয়ে যেতে যেতে আমাকে বলল, স্মৃতি যাবি? আমার সাথে? আমি অগত্যা রাজি হলাম। যখন যাচ্ছিলাম কলেজ স্কোয়ারের পাশ দিয়ে, তখন বললাম দেবাশিস, খোঁচড় আছে (অবাঙালি সাদা পোশাকের পুলিশ) কিন্তু পিছনে। দেবাশিস তাচ্ছিল্যের হাসি হেসে বলল, 'স্মৃতি জানিস না আজকে ইতিহাস রচনা হবে?' আমি বুঝলাম ও নিষেধ শুনবে না। হাঁটতে হাঁটতে আমরা রমাকান্ত মিস্ত্রি লেনে পৌঁছালাম। মনে আছে, সেদিন দেবাশিস এক সৌম্যদর্শন যুবককে জিজ্ঞাসা করল, এসেছে নাকি? উনি বললেন, একটু বসতে হবে। দেবাশিস আমাকে বলল, তুই স্কুলে চলে যা। আমি হাঁফ ছেড়ে বাঁচলাম। সটান পেছনের গেট দিয়ে ঢুকে গেলাম স্কুলে। মনে আছে সেদিন প্রশান্তবাবু ক্লাস নিচ্ছিলেন— উওেজনায় তখন ছটফটকরছি। পিরিয়ডটা শেষ

হতেই একটা শোরগোলের আওয়াজ পেলাম। ছুটে গেলাম। আমাদের সংস্কৃত কলেজের দিকে একটা পানীয় জলের জায়গা ছিল। হাড় হিম করা দৃশ্য! দেবাশিস মাটিতে শুয়ে বুকের ওপরে পা এক খোঁচড়ের, পাশে আরও কয়েকজন পুলিশ। আমার শিরদাঁড়ায় তখন স্রোত নামছে— দৌড়ে স্কুলের বাইরে। রাস্তাটা পার হতেই একটা চলন্ত ট্রামে উঠে পড়েছিলাম। তখনও নিশ্চিত হতে পারিনি যে কেউ ফলো করেনি। বুক ধড়ফড়ানিটা বাড়ি ঢোকার পরই একটু কমেছিল।

কোনোমতে ট্রানজিস্টারটা চালালাম, স্থানীয় সংবাদ শোনার জন্য। মা অবাক হয়ে গেছিল আমার গতিবিধি দেখে। জিজ্ঞাসা করতে আমি বললাম, দুপুরের দিকে স্কুলে গণ্ডগোল হয়েছে, সেটা জানবার জন্য। দেবদুলালের কাঁপা গলায় শুনলাম, 'জনৈক হিন্দুস্কুলের ছাত্রকে পুলিশ গ্রেফতার করেছে। শক্তিশালী গ্রেনেড সহ।' সেইসময় আমার অবস্থা বলতে পারব না। আমার মনে হচ্ছে নেক্সট টার্গেট আমি। আমি আশ্চর্যজনকভাবে বেঁচে গেলাম।

(২) আর-একটা ঘটনা। প্রেসিডেন্সি কলেজের পরে আমাদের স্কুলে রেড ফ্ল্যাগ উঠল। কিছু মুষ্টিবদ্ধ হাত, প্রেসিডেন্সি কলেজের দিক থেকে 'লাল সেলাম' প্রতিধ্বনিত হচ্ছিল। চারতলা থেকে নেমে তিনতলায় পা দিয়েছি, অমনি বুকের উপর স্বয়ংক্রিয় আগ্নেয়াস্ত্র আর একটা ভারী গলার 'হ্যান্ডস আপ'। তীব্র গতিতে আমাদের শিক্ষকমশাই দেবব্রতবাবু এসে চিৎকার করে উঠছিলেন। 'ছোড় দিজিয়ে, ইয়ে হাম লোগোকা স্কুলকা ছাত্র হ্যায়'। তীব্র বাদানুবাদের পরে অফিসার আমাকে ছেড়ে দেয়।

এই পঞ্চাশ বছর পরে বিপ্লবের বাড়িতে শিক্ষকবন্দনা আয়োজন করি। তখন আমার জীবনদাতা দেবব্রতবাবুর সঙ্গে সাক্ষাৎ হয়। সে এক আবেগঘন মুহূর্ত। আমাদের আর মাস্টারমশাইদের সম্ভাষণে দেবব্রতবাবুর কাছে সেই ঋণের কথা উল্লেখ করেছিলাম। চোখ চিকচিক করছিল সবারই। বিপ্লব আমার দেবব্রতবাবুকে স্মারক দেবার মুহূর্তের ছবি ফ্রেমবন্দি করে দিয়েছিল। সেটা আমার পড়ার টেবিলে রাখা রয়েছে। এ ঋণ কখনো শোধ করা যায়?

পরিশেষে বলি, স্কুল আমাদের অনেক দিয়েছে। লিখে বর্ণনা করা সম্ভব নয়। স্কুলকে ঘিরেই আমাদের জীবন আবর্তিত হচ্ছে আজও। আমার এখনকার বন্ধুরাও প্রায় সবাই স্কুলের। প্রায় পনেরবছর যাবৎ আমরা স্কুলে যাই। সেদিন স্কুলের কৃতীছাত্রদের সংবর্ধনা দিয়ে থাকি।

আজও আমাদের যুক্তিনির্ভরতা, মানসিক দাসত্ব থেকে মুক্তি, সবই স্কুল থেকেই প্রাপ্তি। আরও বুঝতে পেরেছি যে ভালো ইমারত গড়তে গেলে আসলে প্রয়োজন ভালো ভিতের। সেটা প্রতিমুহূর্তে অনুভব করেছি। কর্মজীবনের শেষের পনেরো বছর কেটেছে একটি এডুকেশন সোসাইটির CEO হিসাবে পাঁচটি CBSE হাইস্কুলের দেখাশোনা করবার দায়িত্ব নিয়ে। ফলে স্কুল কিন্তু আমাকে এখনও ছাড়েনি। বোধহয় আমিও চাইনি—বাকি জীবনটাও যেন এভাবেই চলে যায়।

# মনে পড়ে

দীপায়ন গোস্বামী

কেটে গেছে পঞ্চাশটি বছর! কৈশোর ধীরে যৌবনের হাত ধরে প্রৌঢ়ত্ব হয়ে এখন পা রেখেছে পরের ধাপে। কৈশোরের সব মুখ পরিষ্কার মনেও পড়েনা। মনে পড়েনা সব স্যার-দের মুখগুলিও। চারিদিকে অনেকটাই কুয়াশা। কুয়াশার জাল সরাতে চেষ্টা করি। কিছুটা যদিও বা সরে, অস্বচ্ছ থেকে যায় তাও।

আমি ছিলাম হিন্দু স্কুলে ক্লাস ফাইভ মর্ণিং সেশন থেকে। খুব সপ্রতিভ আর সে অর্থে স্মার্টও ছিলাম না। এসেছিলাম ক্রাইস্ট চার্চ হাই স্কুল থেকে। সে সময়টা এমন ছিল যে ৯/১০ বছর বয়েসে আমাদের ইগো তো দূরে থাক, আমি আমি ব্যাপারটাই ছিলনা। পাড়ার কাকু, জেঠুরা আমি হিন্দু স্কুলে ভর্তি হতে পেরেছি বলে গর্ব অনুভব করতেন।

যাই হোক, ক্লাস ফাইভের একটা ঘটনা মনে পড়ছে। শৈলবাবু আমাদের ইংরেজি পড়াতেন। খুব নস্যি নিতেন। তাই রুমালটি আর নাকের ঠিক নীচটিতে সবসময় লাল আভা থাকতো। এ নিয়ে আমরা একটু মজাও করতাম।



রণধীর বাবুর ঘর

একদিন ইংরেজি পিরিয়ডে শৈলবাবু এসে বললেন আজ তোদের ইংরেজি পড়াব না। গল্প শোনাবো। বের করলেন একটি বই চাঁদের পাহাড়। এমনভাবে পরপর দুটি পিরিয়ডে পড়ে শোনালেন আফ্রিকা অভিযান নিয়ে বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের সেই অসাধারণ গল্প, যা এখনও মনে আছে। দ্বিতীয় বার পড়ার দরকার হয়নি।

বছর গড়াতে উঠলাম ক্লাস সিক্সে। পেলাম যতদূর মনে পড়ছে—অঙ্কে স্মরজিৎবাবু, ইংরেজিতে প্রফুল্লবাবু, বাংলায় সমাজদারবাবু, বাংলা ব্যাকরণে তারাপ্রসন্ন বাবু, ড্রইং এ সুবোধ বাবু.... আর মনে পড়ছে না। তারাপ্রসন্ন বাবুর হাতে বোধহয় আমি আর অসীম জীবনে সবচেয়ে বেশি মার খেয়েছি। এত মার খেয়েছি যে পরের দিকে আর ভয় পেতাম না। একেবারে বুক চিতিয়ে মার খেতাম। ড্রইং ক্লাসে একটা ঘটনা মনে পড়ছে। সুবোধ বাবু একটু রুগ্ন আর অসুস্থ ছিলেন। উনি ক্লাসে এসে দুজন মণিটারকে বলতেন ওনাকে ধরে বোর্ডের কাছে দাঁড় করিয়ে ধরে রাখতে। উনি আঁকতেন। তো একবার উনি একটা বেড়াল এঁকে বললেন, 'আমি যেটা এঁকেছি হুবহু সেটা এঁকে ফেল।' তা সব ভালো ছেলেরা বেড়াল এঁকে স্যারের টেবিলে জমা দিল। আমি স্যার যেটা এঁকেছেন সেটা এঁকে জমা দিলাম। আমারটা দেখেই স্যার তেলে বেগুনে জ্বল উঠে আমার খাতাটা ছুঁড়ে ফেলে দিলেন। আমার কোনো বক্তব্যই শুনলেন না। আমি খুব দুঃখ পেলাম যে আমার লয়্যালটির কোনো দামই দিলেন না স্যার। উপরন্তু ক্লাসের পরে আমাকে হেডস্যার সত্যানন্দ প্রামাণিকের ঘরে নিয়ে গিয়ে কমপ্লেন করলেন। স্যারকে ঠান্ডা করে পাঠিয়ে দিয়ে আমাকে হেড়ু বললেন 'উনি অসুস্থ। দুষ্টুমি করো কেন ওনার সাথে ?' আমার ড্রইং খাতাটা দেখে আমার কেমন যেন মনে হোলো উনিও মুখ টিপে হাসলেন।

আবার বছর গড়ালো। ক্লাস সেভেন। পেলাম ফিজিক্সে দুলাল বাবু, কেমিস্ট্রিতে কাশীনাথ ত্রিপাঠী, অঙ্কে অজিত বাবু। মাঝে মাঝে অজিত বাবু না এলে মৃণাল বাবু আসতেন। সেদিন আমরা একটু ভয়ে থাকতাম। মৃণাল বাবু বেশ রাগী ছিলেন। মৃণাল বাবুর গলাটা এখনও কানে বাজে—'একটি গোরু খোঁটায় বাঁধা। ঘুরিয়া ঘুরিয়া ঘাস খায়। ঘাসের ক্ষেত্রফল অমুক। তাহা হইলে গলায় বাঁধা দড়িটি কত লম্বা'? বাংলা পড়াতেন অক্ষয়বাবু। ওনার ছেলে আদিত্যও পড়তো আমাদের সঙ্গে। কেন জানি না, অক্ষয়বাবু সদয় থাকতেন না আদিত্যর উপর। খুব বকতেন আর kneel down করে রাখতেন। এটা এখনও আমার কাছে ধাঁধা। ইংরেজি পড়াতেন প্রফুল্ল বাবু। 'New Clarendon Readers' থেকে 'How fire was invented' পড়িয়েছিলেন এখনও মনে আছে। ভূগোল পড়াতেন 'মাও' (আসল নাম মনে নেই)। বেশ নিরীহ ছিলেন। আমাদের ক্লাস সেভেনের জানালার ঠিক ওপারে ছিল কফি হাউস। কোনো না কোনো celebrity প্রায়ই আসতেন। আমরাও জানালায় হুমড়ি খেয়ে পড়তাম।

ক্লাস এইট। মোটমুটি সব স্যারই রইলেন। হিন্দি শিক্ষা শেষ। এলো সংস্কৃত। একবছরের জন্য। হিন্দির শিক্ষক নিমাই শেঠ। পড়াতেন মন্দ নয় তবে মাঝে মাঝেই নিজের স্ত্রীর সম্বন্ধে আমাদের কাছে শিকায়ত করতেন। পেট হাতাতে হাতাতে বলতেন—গতকাল রাতের খাবার হজম হয়নি ভালো। বলে বেশ ক-খানা শব্দযোগে ঢেঁকুর তুলতেন। অঙ্কে এলেন বরেনবাবু। ছোটোখাটো মাখনের মতো মসৃণ ফরসা টাকযুক্ত মানুষ। রেগে যেতেন ফস করে। রেগে 'অ্যাই' বলে ধমক দিতেন। সঙ্গো সঙ্গো চোখের পাতা দুটো ঝপঝপ করে খোলা বন্ধ হত। আমরা মজা পেতাম। ভালো পড়াতেন। 'Solid geometry'-র কনসেপ্ট আমাদের মাথায় ঢোকাতে পেরেছিলেন।

১৯৬৯ সাল। পশ্চিমবঙ্গো তথা কলকাতা তখন উত্তাল মুক্তির দশকের স্বপ্নে। সে এক সময় গেছে! প্রায় রোজই কলেজ স্ট্রীট অঞ্চল যুদ্ধক্ষেত্রর চেহারা নিত বেলা ১২টার পর থেকে। এদিকে প্রেসিডেন্সি ওদিকে দ্বারভাঙ্গা। আমাদের স্কুল বিল্ডিং-এর design এ লম্বা লম্বা সিমেন্টের sunbeam breaker ছিল। যতদূর জানি কলকাতায় ওই জাতীয় কাঠামো আমাদের স্কুলেই প্রথম গড়া হয় পশ্চিমের রোদ থেকে শ্রেণীকক্ষগুলিকে বাঁচতে। পুলিশ রণাঙ্গানে নেমে ছত্রভঙ্গা করার জন্য আমাদের স্কুলের গায়ে কাঁদানে গ্যাসের শেল ফাটাত। ফলস্বরূপ আমাদের

সকলের চোখ লাল হয়ে ফুলে থাকতো। স্যারেরা পরামর্শ দিতেন রুমাল ভিজিয়ে চোখের ওপর রাখতে। আমরা সঠিক বুঝতাম না কি হচ্ছে, তবে একটা ভয়মিশ্রিত উন্মাদনা অনুভব করতাম। অধিকাংশ দিনই ক্লাস হোতো না। এভাবেই বছর গড়ালো। আমরাও বিনা পরীক্ষায় ক্লাস টেনে উঠলাম।

নাইনে ছিলাম সায়েন্স stream-এ। ধীরে রাজনৈতিক অস্থিরতার অবসান হোলো। আমরাও নাইন থেকে ক্লাস টেন তারপর ইলেভেনে উঠলাম। Pre-test হয়ে গেল। ১৯৭৩ এ হায়ার সেকেন্ডারীপরীক্ষা দিলাম। আমাদের সায়েন্স stream-এর seat পড়লো মেট্রোপলিটান ইনস্টিটিউশনে। দিনে দুটো করে paper, দুটো পরীক্ষার মাঝে আজকালের মতো gap-ও থাকতো না। মোটের ওপর বেশ চাপের ছিল ব্যাপারটা।

পরীক্ষা শেষ হলো। এরপর সব ইঞ্জিনিয়ারিং বা মেডিকেল-এ ভর্তি হবার পরীক্ষা Joint Entrance. আমার Science stream-এ biology ছিল। সুতরাং আমার গন্তব্য মেডিকেল। মনে আছে Scottish Church -এ seat পড়েছিল। যাই হোক মোটামুটি ভালোই দিলাম। দিন কাটতে লাগল। ফুরফুরে মেজাজ। চুটিয়ে খেলাধুলা। তখন হায়ার সেকেন্ডারীর result বেরোতে মাস তিনেক লাগত।

এরই মধ্যে ঘটলো একটা ঘটনা। সে সময়ে Joint Entrance পরীক্ষায় নম্বরের ওপর ভিত্তি করে মেডিকেল বা ইঞ্জিনিয়ারিং-এ ভর্তি করা হত। যেহেতু মেডিকেল-এ seat কম তাই score high থাকলে কলকাতার চারটে মেডিকেল কলেজে পড়ার সুযোগ পাওয়া যেত। সে বছরপশ্চিমবঙ্গের স্বাস্থ্যমন্ত্রী নর্থ বেঙ্গাল মেডিকেল কলেজে যান পরিদর্শনে। তখন সেখানকার ছাত্র ছাত্রীরা তাঁকে ঘেরাও করে। তাদের অভিযোগ কলকাতায় মেডিকেল কলেজ গুলোতে যে সুযোগ সুবিধা আছে, তা নর্থ বেঙ্গাল বা বাঁকুড়া বা বর্ধমান মেডিকেল কলেজ গুলোতে নেই। এরকম বিমাতৃ সুলভ ব্যবস্থার কোনো প্রতিকার স্বাস্থ্যমন্ত্রীকে করতে হবে। ফিরে এসে পশ্চিমবঙ্গ সরকার কোনো প্রতিকার করার বদলে সৃষ্টি করল জেলা-কোটা। মানে পশ্চিমবঙ্গের জেলাগুলির এক একটিতে যত MP তার দ্বিগুণ seat সেই জেলার থাকবে প্রতিটি মেডিকেল কলেজে। কলকাতা জেলায় সবচেয়ে কম MP থাকাতে seat-এর সংখ্যা কমে গেল। কলকাতার চারটে মেডিকেল কলেজে seat-এর সংখ্যা দাঁড়াল বিয়াল্লিশটি । ফলত যথেষ্ট high number score করেও seat পেলাম বর্ধমান মেডিকেল কলেজে। অথচ আমাদের বাড়িতে থেকে আমার এক ভাই, যার বাড়ি নর্থ বেঙ্গালে সে আমার চেয়ে অনেক কম নম্বর পেয়েও সুযোগ পেল কলকাতার মেডিকেল কলেজে। মন ভেঙে গেল। সব ছেড়ে ছুড়ে ভর্তি হলাম Chemistry Hons নিয়ে সেন্ট জেভিয়ার্স কলেজে, কারণ Chemistry-তে letter ছিল।




মেডিকেল-এ সুযোগ না পাওয়ায় কেমন যেন একটা অভিমান হয়েছিল সে সময় স্কুল আর বন্ধুদের ওপর। কারণ এখনও জানিনা। Mainstream থেকে আলাদা হয়ে যাওয়ায় ধীরে স্কুলের সাথে এবং বন্ধুদের সাথে যোগাযোগ ক্ষীণ হয়ে এল। জীবন এগোল নিজের পথে।

# হিন্দু স্কুল, এক অজানা ছেলে এবং তাঁর বাবার গল্প

সন্দীপ কুমার দে

কলকাতার বিদ্যার পীঠস্থান হল কলেজ স্ট্রিট, আর সেখানে এশিয়ার এক প্রাচীনতম ও ঐতিহ্যময় বিদ্যালয় হল হিন্দু স্কুল। স্যার এডওয়ার্ড হাইড ইস্ট, রাধাকান্ত দেব, রসময় দত্ত, বৈদ্যনাথ মুখোপাধ্যায় এবং সর্বোপরি ডেভিড হেয়ার ১৮১৭ খ্রিস্টাব্দে 'হিন্দু কলেজ' নামে এই বিদ্যালয় প্রতিষ্ঠা করেন। উদ্দেশ্য এই যে হিন্দু সমাজের ছেলেদের উদার ও আধুনিক শিক্ষা প্রদান করা। হিন্দু স্কুলের মূলমন্ত্র (motto) হল বৃহদারণ্যক উপনিষদের একটি শ্লোক 'তমসো মা জ্যোতির্গময়' অর্থাৎ অন্ধকার দূর করে আলো উদ্ভাসিত হোক ('illuminate the darkness')।

হিন্দু স্কুলের উত্তর দিকে আছে কলকাতার সৃজনশীল জ্ঞানী-গুণী মানুষদের আড্ডাস্থল হিসাবে খ্যাত 'ইন্ডিয়ান কফি হাউস'। পূর্ব দিকে ছাত্র এবং পরবর্তী সময়ে অধ্যক্ষ হিসাবে বিদ্যাসাগরের পদচারণায় ধন্য সংস্কৃত স্কুল ও কলেজ। দক্ষিণ দিকে বড়ো পুকুর সহ কলেজ স্কোয়ার এবং পশ্চিম দিকে প্রেসিডেন্সি কলেজ, হেয়ার স্কুল, কলকাতা বিশ্ববিদ্যালয় ও কলকাতা মেডিকেল কলেজ।



পরীক্ষায় অংকের উত্তর মেলাবার মোক্ষম জায়গা

দশ বছরের এক ভীত, সন্ত্রস্ত, অজানা ছেলে ১৯৬৬ সালে জানুয়ারির শীতের সকালে প্রথম পা দেয় কলকাতার কলেজ স্ট্রিট পাড়ার এই মস্ত বড়ো বিদ্যালয়ের পঞ্চম শ্রেণির একটি কক্ষে। ছেলেটার বাড়ি ছিল গিরিশ পার্কের

কাছে ডব্লু সি ব্যানার্জি স্ট্রিটে অবস্থিত একটা বস্তিতে। মাটির দেয়াল ও টালির চালওয়ালা একতলা বাড়ি। বাড়ির বাইরে ছিল বস্তির সর্বজনের ব্যবহারের জন্য স্নানঘর ও শৌচালয়। ছেলেটির স্বল্পশিক্ষিত ঠাকুরদা শুধুমাত্র তাঁর বংশধরদের শহরে সুশিক্ষিত করার অভিপ্রায় নিয়ে কামারপুকুরের তাজপুর গ্রাম থেকে এক সময়ে কলকাতায় এসেছিলেন প্রায় খালিহাতে। ওই বাড়ি থেকেই ছেলেটার বাবা পাড়ার দোকানে হিসেবের খাতা লেখার কাজ করার সাথে সাথে স্থানীয় কমলা হাই স্কুল থেকে পড়াশোনা করে মাধ্যমিক ও প্রি-ইউনিভার্সিটি পরীক্ষায় উত্তীর্ণ হন এবং স্কটিশ চার্চ কলেজ থেকে বিজ্ঞানের স্নাতক পরীক্ষা (B.Sc) পাস করেন। তারপর তিনি চিকিৎসাবিজ্ঞানে স্নাতক ও স্নাতকোত্তর (MBBS MD) ডিগ্রি অর্জন করেন ন্যাশনাল মেডিকেল কলেজ অ্যান্ড হাসপাতাল (চিত্তরঞ্জন হাসপাতাল) থেকে। তবে ডাক্তারি পড়ার আগে তিনি কামারপুকুরের কাছে বেঙাই নামে একটা গ্রামে শিক্ষকের পদেও ছিলেন বছর দেড়েকের জন্য। যে সময় ছেলেটির বাবা শিক্ষালাভ করেন, বলা বাহুল্য, সেইসময় গ্রামে তো দূরের কথা, শহরের বস্তির বাড়িতেও বিদ্যুৎ ছিল না। গ্রামের বাড়ি পৌঁছাতে হলে প্রথমে কিছুদূর যেতে হত বাসে করে, তারপর কিছু পথ কয়লার ইঞ্জিনের ট্রেনে, তারপর দুটো নদী পার হতে হত নৌকায় এবং অবশেষে কয়েক মাইল পথ পায়ে হেঁটে। ছেলেটার বাবা তাঁর মাকে হারান মাধ্যমিকের আগেই এবং বাবাকে হারান তাঁর দু-তিন বছরের মধ্যে। তাসত্ত্বেও শুধুমাত্র দুর্দমনীয় সদিচ্ছার বশে এবং মেধাকে সম্বল করে তিনি অত্যন্ত দারিদ্র্য ও দুরবস্থার মধ্যেও পড়াশোনা চালিয়ে গেছেন। সন্ধ্যার পর তাঁকে অধ্যয়ন করতে হয়েছে কখনও হ্যারিকেন লণ্ঠনের আলোয় বা কখনও রাস্তার ল্যাম্প পোস্টের তলায় বসে। বন্ধুদের কাছ থেকে বই ধার করে হিসেবের খাতার পেছনে সেগুলো হাতে লিখে রাখতেন। তাঁর একমাত্র সম্বল ছিল একটা হার-না-মানা জেদ। ইংরেজি শিখেছিলেন অভিধান পড়ে। ডাক্তারি পড়ার সময় তাঁর বিয়ে হয় বর্ধমান জেলার ছোটবৈনান গ্রামের এক বর্ধিষ্ণু বাড়ির স্বল্পশিক্ষিত মেয়ের সাথে। ছেলেটার মা ছিলেন শান্ত, স্নিগ্ধ ও অত্যন্ত কোমল স্বভাবের। বস্তি বাড়িতে এত দুঃখকষ্টের মধ্যেও ছেলেমেয়েদের শিক্ষিত ও মানুষ করার জন্য নিজে আবার পড়াশোনা শুরু করেন এবং প্রাইভেটে পরীক্ষা দিয়ে ম্যাট্রিকুলেশন পাস করেন। প্রত্যেক দিন কাকভোরে উঠে সংসারের সব কাজ-কর্ম সেরে, ছেলেমেয়েদের তৈরি করে স্কুলে পৌঁছে দিতেন এবং স্কুল শেষে বাড়ি নিয়ে আসতেন। স্কুলে ছেলেমেয়েদের পৌঁছে দিয়ে ফেরার সময় এবং বিকেলে আনতে যাওয়ার সময় প্রতিদিন প্রায় ৩/৪ কিলোমিটার রাস্তা তিনি পায়ে হেঁটেই যেতেন। তাদের শিক্ষা ও স্বাস্থ্যের দিকে তীক্ষ্ণ নজর রেখে তাদের বড়ো করে তোলেন ছেলেটার মা। এইরকম পরিশ্রমী ও কর্মোদ্যোগী বাবা-মায়ের বড়ো ছেলেই আমাদের এই কাহিনির অজানা ও ভাগ্যবান ছেলে।

ছেলেটার বাবা সরকারি হিন্দু স্কুলের ছাত্র ভর্তির খবর সংগ্রহ করেন। প্রথমে তিনি ১৯৬৪ সালে নিজের বড়ো ছেলের বয়সি ভাইপোকে হিন্দু স্কুলে ভর্তি করেন তৃতীয় শ্রেণিতে, তারপর ১৯৬৫ সালে তাঁর ছোট ছেলেকে ভর্তি করেন প্রথম শ্রেণিতে। অবশেষে ১৯৬৬ সালে তিনি তাঁর বড়ো ছেলেকে স্কটিশ চার্চ স্কুল থেকে এনে পঞ্চম শ্রেণিতে হিন্দু স্কুলে ভর্তি করেন। দুঃসহ পরিবেশের মধ্যে থেকেও এই ভাগ্যবান ছেলেটার স্কুল জীবনের শেষ অংশ শুরু হয় হিন্দু স্কুলের মর্নিং সেকশনের পঞ্চম শ্রেণি থেকে। অত্যন্ত জ্ঞানী অথচ মায়ের মতোই স্নেহ- মমতাপূর্ণ কনক দিদিমণি (তিনি ছিলেন দুইটি বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রিধারী) এবং ইন্দিরা দিদিমণির হাত ধরে সেই যাত্রা শুরু। পরের বছরেই ষষ্ঠ শ্রেণির ডে-সেকশনে উত্তীর্ণ হয়ে হিন্দু স্কুলের আসল মাহাত্ম্য ছেলেটা বুঝতে পারে। পাঠ্য সকল বিষয়েই ছিলেন সব বাঘা বাঘা শিক্ষক। বিশেষ করে বলতে হয় গণিতের শিক্ষকদের কথা, যাদের মধ্যে অজিত বাবু, মৃণাল বাবু ছিলেন অন্যতম। বিজ্ঞান বিভাগ ছিল হিন্দু স্কুলের সব চেয়ে গৌরবের। বছর বছর উত্তীর্ণ হয়ে উচ্চ

শ্রেণিতে যাওয়া ছিল বেশ কঠিন। সব সময় ছিল উৎকণ্ঠা ও ভয়। সামান্য পদস্খলন হলেই হিন্দু স্কুল থেকে বিতাড়িত হওয়ার আশঙ্কা তাড়া করত। ছেলেটা বিষয় হিসাবে গণিতকে একটু বেশিই ভালোবাসত। গণিতে প্রশংসনীয় নম্বর নিয়ে ভালো ফল করা ছাত্রদের সারিতে স্থান করে নিয়ে সে নবম শ্রেণিতে বিজ্ঞান বিভাগে পড়ার সুযোগ পায়। এই সময় বেশ কয়েকজন সতীর্থের সাথে ছেলেটার বন্ধুত্বও হয়, যাদের মধ্যে ছিল পারস্পরিক সৌহার্দ্যমিশ্রিত ভালো ফল করার এক স্বাস্থ্যকর প্রতিযোগিতা। ভয় অনেক কমে আসে। শিক্ষকদের অনুপ্রেরণায় ছেলেটার নিজের বিদ্যার্জনের উপর আত্মবিশ্বাস গড়ে ওঠে। সেই সময়, ১৯৭০-এর দশক, কলকাতায় এক ভয়াবহ রাজনৈতিক অস্থিরতা চলছিল, যা নকশাল আন্দোলন নামে পরিচিত। হিন্দু স্কুলের বেশ কয়েকজন মেধাবী ছাত্রও সেই অরাজক আন্দোলনে জড়িয়ে পরে। দুর্ভাগ্যবশত সেই সময় স্কুলও প্রায় ১ বছরের জন্য বন্ধ করতে বাধ্য হন কর্তৃপক্ষ। তারপর পরিস্থিতির উন্নতি হলে যখন পুনরায় স্কুল খোলা হয়, তখন বোঝা যায় স্কুলের ঐতিহ্যগত শৃঙ্খলা ও সংস্কৃতির অনেকটাই দুঃখজনকভাবে বিনষ্ট হয়েছে। তবে, অত্যন্ত গুণী ও পণ্ডিত শিক্ষকমণ্ডলীর অক্লান্ত পরিশ্রমের কারণে হিন্দু স্কুল অচিরেই স্বমহিমায় ফিরে আসতে সক্ষম হয়। বিশেষ করে ছেলেটার কাছে রসায়ন শাস্ত্রের শিক্ষক কাশীনাথ মিশ্র ও গণিতের শিক্ষক বরেনবাবু ছিলেন ভগবানের মতো। তারপর ১৯৭৩ সালে ছেলেটা অঙ্কে শতকরা ৯০-এর বেশি নম্বর পেয়ে হিন্দু স্কুল থেকে উচ্চমাধ্যমিক পরীক্ষায় সসম্মানে উত্তীর্ণ হয়। হিন্দু স্কুলের পঠন-পাঠনের কল্যাণে অন্যান্য অনেক সহপাঠীদের মতো ছেলেটিও সব রকম বিষয়ে, যেমন জেনারেল এবং পিওর সায়েন্সে প্রেসিডেন্সি কলেজ, ইঞ্জিনিয়ারিং-এ আই-আই-টি খড়্গপুর, যাদবপুর বিশ্ববিদ্যালয় ও শিবপুর কলেজ এবং মেডিকেলে ভর্তি হওয়ার সুযোগ পায়। শেষ পর্যন্ত ছেলেটা কলকাতা মেডিকেল কলেজে চিকিৎসাবিজ্ঞানে উচ্চশিক্ষা গ্রহণ করে।

স্কুল ছাড়ার পঞ্চাশ বছর পরে সেই ছেলেটা সগর্বে বলতে পারে যে, তাঁর জীবনের প্রাপ্তির প্রায় সবটাই এই হিন্দু স্কুল এবং তার বাবার দান। বিদ্যা ছাড়াও সে হিন্দু স্কুল থেকে পেয়েছে জীবনের অনুপ্রেরণা, আত্মবিশ্বাস, শৃঙ্খলাবোধ, অদম্য মনোবল এবং ধর্মনিরপেক্ষ দর্শন। হিন্দু স্কুলে কোনওদিন কোনও জাতিগত ভেদাভেদ ছিল না।

হিন্দু স্কুল যেমন ধনীদের তেমনি গরিবেরও। হিন্দু স্কুল শুধু মেধা ও শৃঙ্খলাপরায়ণতার প্রতীক। আর্থিক দুরবস্থাগ্রস্ত সংসারে প্রতিপালিত হওয়া সেই ছেলেটাকে হিন্দু স্কুল করে তোলে মনের দিক থেকে ধনী। সব চেয়ে বড়ো কথা সেই অজানা ছেলেটা পেল সমাজের চোখে মহিমামণ্ডিত একটা বিশেষ আত্মপরিচয়—হিন্দু স্কুলের ছাত্র।

সেই ছেলেটার মতো আমরা ১৯৭৩ সালের সকল প্রাক্তনী প্রচণ্ড গর্বিত ও সম্মানিত এই ভেবে যে, আমরা তোমাদের মতোই 'হিন্দু স্কুলের ছাত্র'। হিন্দু স্কুলের ছাত্রদের মধ্যে উল্লেখযোগ্য বরেণ্য কয়েকজনের নাম করে এই লেখা শেষ করতে চাই। এদের মধ্যে আছেন এমন কিছু মানুষ যারা শিক্ষক, কবি, লেখক, বিজ্ঞানী, সমাজ- সংস্কারক, রাজনৈতিক ব্যক্তিত্ব, চিকিৎসক, ইঞ্জিনিয়ার, অর্থনীতিবিদ, অভিনেতা, খেলোয়াড় হিসাবে স্বনামধন্য। যেমন সত্যেন্দ্রনাথ ঠাকুর, জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর, তারকনাথ পালিত, উমেশ চন্দ্র ব্যানার্জী, বিজ্ঞানী সত্যেন্দ্রনাথ বোস, মাইকেল মধুসূদন দত্ত, পিয়ারী চরণ মিত্র, কেশব চন্দ্র সেন, ডাক্তার নীলরতন সরকার, ডাক্তার রাধা গোবিন্দ কর, ঋষি রাজনারায়ণ বসু, ভূদেব মুখোপাধ্যায়, ছবি বিশ্বাস, বীরেন্দ্রনাথ সরকার, তুষারকান্তি ঘোষ এবং আরও অনেকে।

# হিন্দু স্কুলের প্রথম শিক্ষামূলক ভ্রমণ

## আশিস পাল

আমার তারিখটা মনে নেই কিন্তু মাসটা মে মাস, ১৯৭২ সন। আমাদের বাণিজ্য বিভাগের মাস্টারমশাই শান্তিবাবু এর উদ্যোক্তা ছিলেন। ওঁর পরামর্শমত রাইটার্স বিল্ডিংয়ের এডুকেশন বিভাগে যাওয়াতে জানতে পারলাম পাঁচ বছরে একবার প্রত্যেক স্কুলকে শিক্ষামূলক ভ্রমণ বাবদ টাকা অনুদান হিসাবে দেওয়া হয়। আমাদের স্কুল কোনও সময়ই এই টাকা পায়নি। আর এটাও জানা গেল প্রতি দশজন ছাত্র পিছু একজন শিক্ষক যেতে পারবে। আমরা তখন একাদশ শ্রেণির ছাত্র। দশম শ্রেণির মাত্র একজন ছাত্র ছিল।

বহু দৌড়ঝাঁপ করে অবশেষে ট্রেনের কনসেশন বার করেছিলাম। আমাদের ছোটো একটা কামরায় ৪০ জনের বসবার ব্যবস্থা রেল বিভাগ করেছিল।

আমরা ৩০ জন ছাত্র ছ-জন শিক্ষক এবং এক শিক্ষকের পরিবারের চারজন, মোট ৪০ জন ছিলাম।

আমাদের জীবনের প্রথম ভ্রমণ হওয়াতে প্রত্যেকের বাড়িতে দল বেঁধে গিয়ে মা-বাবাকে রাজি করানো হয়েছিল।



*Teachers' Room*

অবশেষে নির্দিষ্ট দিনে শিয়ালদহ স্টেশনে আমরা সকলে উপস্থিত হলাম। ট্রেনটি ছিল পাঠানকোট এক্সপ্রেস। শান্তিবাবু সর্বপ্রথম স্টেশনে উপস্থিত ছিলেন। তাঁর সঙ্গে সব ছাত্রদের বাবা-মায়েরা দেখা করে নিজেদের সন্তানের দায়িত্ব দিলেন। অবশেষে ট্রেনটা আমাদের নিয়ে পাঠানকোটের উদ্দেশ্যে রওনা হল প্রায় বেলা ১২.৩০ নাগাদ। আর আমাদের জীবনের প্রথম ভ্রমণ শুরু হল সেটা আবার 'ভূস্বর্গ কাশ্মীর'—

কাশ্মীর ভারতবাসীর কাছে একটি বিরাট ব্যাপার। বিকালবেলায় আমরা ৫০ পয়সায় এককাপ চা ও বিস্কুট পেলাম। শান্তিবাবু সকলের জন্য হিসাব করে টাকা দিলেন।

একটা কথা বলতে ভুলে গেলাম। ১৫০ টাকা মাথাপিছু খরচ ধরা হয়েছিল। রাত্রিবেলায় ডিমভাত বা রুটি -ডিম ব্যবস্থা করা ছিল। ১.৫০ টাকার বিনিময়ে। রাত্রিবেলায় ঘুমোবার ব্যবস্থাটা দারুণ ছিল। যাতায়াতের রাস্তায় শতরঞ্জি বিছিয়ে শোয়ার ব্যবস্থা হয়েছিল। কিন্তু অন্যদিকে পাশ ফিরতে হলে অপর জনকে ঘুমের মধ্যে বসতে হয়েছিল। এইভাবে প্রথম দিন কেটে গেল।

পরের দিন উত্তরপ্রদেশের উপর দিয়ে ট্রেন ছুটতে লাগল। ভীষণ গরম। অনেকে আবার দুপুরবেলায় স্নান করবার ব্যবস্থা করল। আমি ও আরো কয়েকজন স্নানের ব্যাপারে রাজি ছিলাম না। দুপুর ১২টা নাগাদ ট্রেন লক্ষ্ণৌ স্টেশনে হাজির হল। আমাদের মধ্যে অনেকেই স্নান করবার জন্য হুড়াহুড়ি শুরু করল। আমাদের শিক্ষকদের মধ্যেও অনেককে স্নান করবার জন্য জলের ব্যবস্থা করে দিয়েছিলাম। যাইহোক আমাদের মধ্যে চারজন বন্ধু স্নান করবার জন্য বেশ কয়েকটি প্ল্যাটফর্ম অতিক্রম করে আনন্দ সহযোগে স্নান করতে গিয়েছিল। ইতিমধ্যে ট্রেন ছাড়বার সময় হয়ে যাওয়াতে ট্রেন বাঁশি বাজাতে শুরু করল। আমরা কিছু বোঝবার আগেই ট্রেন রওনা হল পাঠানকোটের উদ্দেশে। আমরা আমাদের কামরার এলার্ম চেন ক্রমাগত টানতে লাগলাম, কিন্তু ট্রেন থামানো গেল না। অবশ্য পরে বুঝলাম আমাদের কামরার চেন কাটা ছিল।

এই ঘটনার পর শান্তিবাবু তো রেগে লাল হয়ে আমাদের প্রচণ্ডভাবে বকাবকি করলেন। তারপর সিদ্ধান্ত হল চারজনের যে গ্রুপ করা হয়েছিল তার লিডার ও মৃত্যুঞ্জয়বাবুকে কানপুর স্টেশনে নামিয়ে দেওয়া হবে, তাঁরা ঐ চারজনকে পরের ট্রেনে পাঠানকোট নিয়ে আসবেন।

যথারীতি কানপুর স্টেশন আসলে তাঁরা ওই চারজন বন্ধুর উদ্দেশে রওনা হলেন। আমাদের মনটা খারাপ হল, কারণ ভিন্ন রাজ্যে নানারকম অসুবিধার মধ্যে পড়তে হবে। আমরা রাত্রিবেলাতে কোনও মতে খাওয়াদাওয়া সেরে তাড়াতাড়ি ঘুমিয়ে পড়লাম।

পরের দিন প্রায় ৭টা নাগাদ পাঠানকোট এসে পৌঁছালাম। আমাদের আগের সিদ্ধান্ত মতো পাঠানকোট থেকে শ্রীনগর রওনা হওয়ার কথা ছিল। কিন্তু প্রোগ্রাম বাতিল হয়ে গেল। আমাদের রাত্রিটা পাঠানকোটে থাকবার ব্যবস্থা হল। শান্তিবাবুর কাছে কারও যাওয়ার সাহস হল না। আমাদের মধ্যে অনেকের গলার স্বর বসে যাওয়াতে গরম জলের ব্যবস্থা করা হল, রাত্রিবেলার খাওয়া শেষ করে ঘুমিয়ে পড়লাম।

পরের দিন সকালবেলায় আমরা আমাদের হারানো বন্ধুদের জন্য অপেক্ষা করতে লাগলাম। অবশেষে তারা ৯টা নাগাদ পাঠানকোটে হাজির হল। তারপর শান্তিবাবুর গরম ধমক খেয়ে পরবর্তী কর্মসূচি অনুযায়ী তৈরি হলাম।

পরের দিন সকালবেলায় আমরা শ্রীনগরের উদ্দেশ্যে রওনা হলাম। সকালে চা ও বিস্কুট সহযোগে প্রাতরাশ সম্পন্ন করলাম। প্রাকৃতিক দৃশ্য দেখতে দেখতে দুপুরবেলায় কুঁদ নামক জায়গায় উপস্থিত হলাম। সেখানে আমাদের দুপুরের ভোজন সম্পন্ন করে আবার শ্রীনগরের উদ্দেশ্যে সরকারি বাসে রওনা হলাম। রাস্তায় নানারকমের পাহাড়ি শোভা আমাদের বেশ ভাল লাগল। রাস্তায় বানিহাল পাস যেটা, 'জওহর টানেল' নামে প্রসিদ্ধ তা আমরা দেখে অবাক হয়ে গেলাম। ভিতরটা অন্ধকার বলেই বৈদ্যুতিক আলোর দ্বারা আলোকিত, কিন্তু কোনও গাড়ি

থামবার ব্যবস্থা নেই বা কেউ নীচে নামতে পারবে না। পুরোপুরি সামরিক বাহিনী দ্বারা নিয়ন্ত্রিত। সেনারা অস্ত্র নিয়ে পাহারা দিচ্ছে। কোন ফটো তোলা নিষেধ। লম্বা মনে হয় দুই থেকে তিন কিলোমিটার।

সন্ধ্যা নাগাদ আমরা শ্রীনগর লালচক হাজির হলাম। ঘড়িতে ৭.৩০ বাজলেও সূর্যের আলো অল্প ছিল। জানতে পারলাম ৮টা নাগাদ অন্ধকার হয়। আমরা ৪০ জন ইউথ হোস্টেলে গিয়ে প্রবেশ করলাম। সেটা অবশ্য আগে থেকে ঠিক করা ছিল। কাঠের চৌকির উপর শোয়ার ব্যবস্থা। ১.৫০ টাকা ভাড়া জনপ্রতি প্রতিদিন। আমাদের কাছে সেটাই অনেক। আমরা ভূস্বর্গ কাশ্মীর দেখতে এসেছি। মালপত্র ঘরে রেখে দল বেঁধে রাত্রিবেলায় খাবারের সন্ধানে বার হলাম। মোটামুটি একখানা পাইস হোটেলে মাংস-রুটি আর মাংস-ভাতের ব্যবস্থা হল। মাংসটা বেশ নরম ছিল, সেটা পাঁঠার না কুকুরের বলা শক্ত। পরের দিন থেকে কাশ্মীর দেখা শুরু হল।

প্রথমদিন আমরা টান মার্গ গিয়েছিলাম, সেখান থেকে হাঁটাপথে গুলমার্গ। শান্তিবাবু আমাদের সকলকে পায়ে হাঁটিয়ে গুলমার্গ যাওয়ার জন্য বলে দিলেন। আমরা তাঁর কথামত কয়েকজন মিলে পায়ে হেঁটে গুলমার্গ দর্শন করতে রওনা হলাম। পাহাড়ের শোভা দেখতে দেখতে অনেক উপরে গিয়ে হাজির হলাম। কিন্তু বরফের কোন দর্শন পেলাম না। কিন্তু অনেক সিনেমার শুটিং হয়। আমরা বরফের জন্য আরও উপরে খিলেবমার্গ যাবার জন্য প্রস্তুত হলাম। যথারীতি আমরা খিলেবমার্গে হাজির হয়ে প্রচুর বরফ দেখলাম। চারিদিকে বরফের সমারোহ। আমরা বরফের উপর শ্লেট গাড়িতে চড়লাম। বরফের মোয়া বানিয়ে ছোঁড়াছুঁড়ি করবার পর অবশেষে নিচে নামার ব্যবস্থা করলাম। তখন আস্তে আস্তে অন্ধকার শুরু হল। সঙ্গে অবশ্য টর্চ লাইট ছিল।

নামতে নামতে ভীষণ অন্ধকার হয়ে গেল, রাস্তা ঠিক করা দায়। এদিকে কারফিউ চালু হয়ে গেছে, সেটা আমাদের জানা ছিল না। রাস্তায় মিলিটারিরা আমাদের তাড়াতাড়ি আসবার জন্য বলল।

আমরা অনেক রাতে প্রায় ৯টা নাগাদ টান মার্গ এসে পৌঁছলাম। এসে দেখি আমাদের এক সহপাঠী শ্রীমান অমিতাভ মণ্ডল (লর্ড নামে খ্যাত) হাত ভেঙে ফেলেছে। সে নাকি ঘোড়া নিয়েছিল এবং ঘোড়ার উপর থেকে পড়ে হাত ভেঙেছে, শান্তিবাবুর বারণ করা সত্ত্বেও।

আমরা সামনে নিকটবর্তী হাসপাতাল থেকে প্লাস্টার করিয়ে হোস্টেলে ফিরলাম। একদিকে শান্তিবাবুর ভীষণ বকুনি, অন্যদিকে আনন্দের ব্যাঘাত। পরের দিন কোথাও যাওয়া হল না, বাস এসে ফেরত গিয়েছিল।

পরের দিন শনিবার মোগল গার্ডেন, চশমাশাহি, নিশাদবাগ মোগল গার্ডেনে সুন্দর ফুলের বিপুল সম্ভারে মন ভরে গেল। এত বিভিন্ন ধরন ও রঙের ফুলের নাম জানা সম্ভব নয়।

পরের দিন ডাল লেকে শিকারায় ভ্রমণ হল। জলের মধ্যে কাশ্মীরী সুন্দর মহিলারা নানাধরনের জিনিস বিক্রি করতে আসে। এটা এইখানেই দেখা যায়। ভাসমান বাগান (ফ্লোটিং গার্ডেন) কাশ্মীরের একটা আকর্ষণ। শীতকালে এই ডাল লেক বরফে পরিণত হয়। জলের মধ্যে নানাধরনের হাউস বোট দেখা গেল। থাকবার সুব্যবস্থা আছে। নেহরু পার্কে আমরা গিয়েছিলাম, বেশ সুন্দর। দূরে চার চিনার গাছ দেখা গেল। আস্তে আস্তে সূর্য দিনের শেষে প্রায় ৮টা নাগাদ অস্ত গেল।

পরের দিন পেহেলগাঁও যাওয়া হল। পেহেলগাঁও থেকে অমরনাথ যাওয়া যায়, চন্দনবাড়ি হয়ে। পেহেলগাঁওয়ে একরাত্রি না থাকলে আনন্দ পুরোপুরি হয় না। কিন্তু আমাদের থাকা হল না। সৌন্দর্য উপভোগ করে ফেরত আসলাম। লিডার নদী পাহাড়ের কোল থেকে তীব্রবেগে প্রবাহিত হচ্ছে, সেটা খুব আকর্ষণীয় বটে। কাশ্মীর সত্যিই এত সুন্দর, না দেখলে ভাষায় প্রকাশ করা সম্ভব নয়।

আমাদের তালিকা থেকে বাদ গেল সোনমার্গ, উসমার্গ। সন্ধ্যাবেলায় মার্কেট পরিদর্শন করলাম। কাঠের হস্তশিল্প বেশ সুন্দর। নানা দামের শালও দেখা গেল। লালচক এত চওড়া যে আমাদের রেড রোডকে হার মানায়।

এতকিছুর মধ্যে আকর্ষণীয় আমাদের সৈন্যদের উপস্থিতি।

পরের দিন সকালবেলা সরকারি বাসে জম্মুর উদ্দেশে রওনা দিলাম। কিন্তু কাশ্মীর ছেড়ে যেতে মন চাইছিল না।

জম্মুতে কর্ণ সিং প্যালেস আমাদের বেশ ভাল লাগল, কারণ কর্ণ সিংয়ের সোনার সিংহাসন বেশ যত্নসহকারে রাখা আছে। সেই দিনই সন্ধ্যায় পাঠানকোটে ফিরলাম।

পাঠানকোট থেকে কলকাতার উদ্দেশে ট্রেনে রওনা হলাম। এবার অবশ্য ট্রেনে বিশেষ কিছু ঘটনা ঘটেনি। ১৫০ টাকার কাশ্মীর ভ্রমণ সত্যিই মনে রাখবার মত।

পরে একদিন আমরা যে সমস্ত ছাত্র ও শিক্ষক কাশ্মীর ভ্রমণে গিয়েছিলাম তাঁরা স্কুলে একখানা গ্রুপ ফটো তুলেছিলাম এবং খাওয়াদাওয়াও হয়েছিল।

### শিক্ষকগণের তালিকা

| | | | |
|---|---|---|---|
| শান্তি চ্যাটার্জি | অক্ষয় বড়াল | মৃত্যুঞ্জয় খান | অরুণ মণ্ডল |
| মৃণাল ব্যানার্জি | সুরজিৎ চক্রবর্তী | অজিত ঘটক | গোপাল ঘোষাল |

### ছাত্রগণের তালিকা

| | | | |
|---|---|---|---|
| আশিস পাল | আশিস হালদার | উজ্জ্বল সান্যাল | পার্থ চক্রবর্তী |
| দেবনাথ ঘোষ | সৌমিত্র শ্রীমানী | তাপস সোম | স্মৃতি মজুমদার |
| সুশোভন মুখার্জি | রমেন সেনগুপ্ত | পরিমল চক্রবর্তী | অমিতাভ মণ্ডল |
| সলিল ঘোষ | প্রভাত পাল | গৌতম মুখার্জি | আদিত্য বড়াল |
| সমর মল্লিক | সুব্রত মুখার্জি | জয়ন্ত বিশ্বাস | চন্দ্রভাস চক্রবর্তী |
| সুমিত মল্লিক | রাজকুমার চন্দ্র | জহরলাল দত্ত | পিনাকী সরকার |
| অশোক বর্মণ | রাজরঞ্জন রায় | কল্যাণ শীল | অতনু ব্যানার্জি |

# এক স্কুল কি কাহানি

অসীমজীবন বসু

১৯৬৪ সাল। ভর্তি হয়ে গেলাম হিন্দুস্কুলে, তৃতীয় শ্রেণিতে। তখন প্রথম, তৃতীয় ও ষষ্ঠ শ্রেণিতে ভর্তির জন্য প্রবেশিকা পরীক্ষা হত। আমি হিন্দু ও হেয়ার দুই স্কুলেই পরীক্ষা দিয়েছিলাম—দুইজায়গাতেই মনোনীত হই। বাবা হিন্দুস্কুলের প্রাক্তনী ছিলেন। তাই ওঁর পক্ষপাত ছিল এদিকেই—সেটা তাঁর সিদ্ধান্তকে প্রভাবিত করেছিল হয়তো।

প্রথম ও দ্বিতীয় শ্রেণিতে একটিই বিভাগ (Section)। তৃতীয় শ্রেণিতে নবাগতদের জন্য Section B, পুরোনোদের Section A। তারপর থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত পরীক্ষার ফলাফলের ওপর নির্ভর করে প্রবীণ ও নবীনদের মিশিয়ে বিভাগ ও ক্রমিকসংখ্যা জুটত। ষষ্ঠ শ্রেণিতে Section C খোলা হত নবাগতদের জন্য। এরকম চলত অষ্টম শ্রেণি পর্যন্ত। নবম থেকে একাদশ চারটি বিভাগ—কলা, বিজ্ঞান, বাণিজ্য ও টেকনিকাল। যেহেতু সরকারি স্কুল, তাই সরকার মনোনীত/বদলি হওয়া সরকারি কর্মচারিদের পুত্ররা বিভিন্ন শ্রেণিতে ভর্তি হতেন—সংখ্যায় খুব বেশি নয় কিন্তু। আবার পরীক্ষায় অকৃতকার্য হয়ে স্কুল থেকে টি. সি. নিয়ে চলে যাওয়া ছাত্রসংখ্যাও বিরল ছিল না। প্রথম থেকে পঞ্চম শ্রেণি প্রভাতী বিভাগ। শিক্ষিকারাই সংখ্যাগরিষ্ঠ। কয়েকজন শিক্ষক ছিলেন—তাঁরা কেউ কেউ পরে দিবা বিভাগেও পড়িয়েছেন। অ্যাসিস্টেন্ট হেডমাস্টার বা টিচার ইনচার্জ একজন ছিলেন,শৈলকুমার গুপ্ত। স্কুলের সার্বিক প্রশাসনিক প্রধান ছিলেন প্রধানশিক্ষক। আমরা ক্রমানুসারে পেয়েছি কানাই মুখার্জি, সত্যানন্দ প্রামাণিক ও রণধীর ভট্টাচার্যকে যাদের মধ্যে প্রথম দুজন জাতীয় শিক্ষকের সম্মানপ্রাপ্ত।




প্রাথমিকে বাংলা, ইংরেজি, অঙ্ক মূলত এই তিনটে বিষয় পড়ানো হত, মনে পড়ে। শিক্ষিকারা খুব স্নেহশীলা ও আন্তরিক ছিলেন। অনেকে পড়াতেনও বেশ ভালো। তাঁদের মধ্যে ইন্দিরাদি এখনও জীবিত ও সক্রিয়। শিক্ষকরাও

যথেষ্ট দেখাশোনা করতেন। সংগীতশিক্ষার একটি ক্লাস হত মীনাদির তত্ত্বাবধানে। চল্লিশটা গলায় চল্লিশরকম সুর চল্লিশটা গোলার মতো ছুটত দশদিকে—যিনি শুনতেন, তাঁর মর্মন্তুদ অভিজ্ঞতা। মূলত ওঁর উৎসাহেই স্কুল প্রাঙ্গণে 'বাল্মিকী প্রতিভা' অভিনীত হয়। সম্ভবত সেইসঙ্গেই দিবা বিভাগের দাদারা রবীন্দ্রনাথের 'মুকুট' নাট্যাকারে মঞ্চস্থ করে। প্রথম নাটকে আমাদের শ্রেণির সোমেশ্বর ও রাজর্ষি অভিনয় করে। দিবা বিভাগে ষষ্ঠ শ্রেণিতে ওঠার পর সাংস্কৃতিক অনুষ্ঠান সেভাবে চোখে পড়েনি। ১৯৬৭ সালে স্কুলের ১৫০ বছর উপলক্ষে বড় প্রদর্শনী হয়েছিল স্কুল জুড়ে।

নবম ও দশম শ্রেণির (১৯৭০-৭১) পড়াশোনা ও পরীক্ষা ডকে উঠল নকশাল আন্দোলনের প্রেক্ষাপটে—অন্যান্য সব অনুষ্ঠানও বন্ধ হয়ে গেল। একাদশ শ্রেণিতে রাজনৈতিক পটপরিবর্তন হতে শুরু করল—আবার নিয়মিত ক্লাস ও পরীক্ষাও শুরু হল।

খেলার কোনো মাঠ ছিল না; খেলতে হলে কলেজ স্ট্রিট পার হয়ে হেয়ার স্কুলের/প্রেসিডেন্সি কলেজের মাঠে ভাগচাষি হয়ে খেলতে হত—খুব সুবিধে হত না। স্কুলে সিমেন্ট বাঁধানো বেড়ার মধ্যেই ফুটবল-ক্রিকেট-হকি খেলেছি। হকি খেলাতে আমাদের কর্মচারী মিঠুদা খুবই উৎসাহ দিতেন—প্রায় আমাদের কোচ ছিলেন। শারীরশিক্ষার শিক্ষক সতীশবাবুর বরাদ্দে একটা ড্রিল ক্লাস ছিল সপ্তাহে এক পিরিয়ড। লাইন করে দাঁড়াতে দাঁড়াতেই পরের ক্লাসের ঘণ্টা।

বিতর্কসভায় উৎসাহ দিতেন প্রফুল্ল সমাজদার স্যার। নিজেদের ক্যুইজ প্রতিযোগিতা কিছুটা বেশি জনপ্রিয় ছিল। দুটো দলে ভাগ হয়ে যেতাম—প্রথম দল প্রশ্ন করলে দ্বিতীয় দল উত্তর দিত। তারপর দ্বিতীয় দলের প্রশ্ন, প্রথম দলের উত্তর। এইভাবে চলত। তবে এগুলো নিয়মিত নয়। ক্লাসে নিয়মিত শিক্ষক কেউ না এলে (বা অনেকসময় শিক্ষকের উপস্থিতিতে তাঁর অনুমতি নিয়েও) হত। ক্লাসের সময় ভরাট করার জন্য আবৃত্তি, গল্প বলা, গান গাওয়া এগুলো চলত। তবে এগুলো পরিমার্জন করার মতো কেউ ছিলেন বলে মনে হয় না। সংক্ষেপে, extra-curricular activity-র খুব একটা অনুকূল পরিবেশ ছিল না। পরবর্তীকালে এই বিষয়গুলোতে কেউ উন্নতি করলে, স্কুল খুব বেশি কৃতিত্ব দাবি করতে পারবে বলে মনে হয় না।

পড়াশোনার কথায় আসি। বাংলা প্রথম ভাষা—খুব যে আহামরি পড়ানো হত তা নয়। বাংলা মাধ্যম স্কুলে ইংরেজি দ্বিতীয় ভাষা—দু-একজন শিক্ষকের কঠোর পরিশ্রমের লক্ষ্য থাকত—বানান বা বাক্য ভুল করবে না। যতটা সম্ভব নির্ভুল সহজ ভাষায় লেখো, লাল কালির দাগ দিতে দিও না। গ্রামারে ছাঁকা নম্বর তুলে নাও। সাহিত্য সম্বন্ধে আগ্রহ তৈরিতে তেমন কোনো চেষ্টা দেখিনি।

হিন্দির শিক্ষক নিমাই শেঠ খুবই আগ্রহে পড়াতেন, সংস্কৃত শিক্ষক তারাপ্রসন্নবাবু পড়ানোর থেকে নানা কারণে শাস্তিদানে ব্যস্ত থাকতেন (অবশ্য আমরাও খুব বাঁদরামো করতাম)। মণিবাবু ও হরিনারায়ণবাবু যথাক্রমে কাঠ ও লোহার কাজ শেখাতেন। বিজ্ঞান বিভাগে পদার্থবিজ্ঞানে ক্লাস হত, পড়ানো খুব একটা হত না। অনেক পরে দুলালবাবু যোগ দেন। শিক্ষকদের সম্মান দিয়েই বলছি, হিন্দুস্কুলে ওই মেধার ছাত্রদের পড়ানোর জন্য যে পরিশ্রমের দরকার ছিল—সেটা তাঁরা দিতে পারেননি।

রসায়ন বিভাগে কাশীনাথ ত্রিপাঠি মশাইয়ের পড়ানোর বৈশিষ্ট্য ছিল অসাধারণ। সাধারণ থেকে অতি ভালো ছাত্র, সবাইকে ছুঁয়ে যেতে পারতেন—সবাই কিছুটা উপকৃত হত। সুরজিৎবাবুও সাধ্যমতো চেষ্টা করেছেন।

গণিত বিষয়—একই সময়ে ব্রহ্মা-বিষ্ণু-মহেশ্বর (বরেনবাবু, অজিতবাবু আর মৃণালবাবু) হিন্দুস্কুলে অঙ্কে, আর কোন্ স্কুল খাপ খুলতে আসবে, গণিতে লেটারের ছড়াছড়ি বছরের পর বছর। বলা হত, অঙ্কে ভালো হলে তুমি ভালো, না হলে তুমি খারাপ। এই দৃষ্টিভঙ্গি, যারা অঙ্কে একটু নম্বর কম পেত, তাদের পক্ষে ছিল হতাশাজনক।

জীবনবিজ্ঞান—সত্যেন্দ্রনাথবাবু ছিলেন দায়িত্বে। যেটুকু আমার বোধ—ওই বিষয়ের বিশেষজ্ঞ শিক্ষক ওই মুহূর্তে স্কুলে কেউ ছিলেন না। অনেকের ধারণা ছিল (আমাদের সহপাঠীদের মধ্যে যারা জীবনবিজ্ঞান নেয়নি তাদেরও) চাড্ডিখানি আঁকতে পারলেই বোধহয় জীবনবিজ্ঞানে পণ্ডিত হওয়া যায়। যেহেতু সত্যেনবাবুর আঁকার হাত খুব ভালো (হয়তো অঙ্কনেরই শিক্ষক ছিলেন) তাই ওঁর ঘাড়ে জীবনবিজ্ঞান চাপল। উনি তো কিছুটা প্রস্তুতি নিয়ে এসে পড়াতেন। কিন্তু মেডিকেল এনট্রান্স ক্র্যাক করার জন্য এই জ্ঞান খুব একটা এগিয়ে দিত না।

মেকানিক্স—মূলত অঙ্কের শিক্ষকরাই ক্লাস নিতেন। সায়েন্স ও টেকনিকাল-এ কিছু শিক্ষক কমন ছিলেন। কিছু টিচার এক্সক্লুসিভলি টেকনিকাল-এ ছিলেন। কলা বা বাণিজ্য বিভাগে পঠনপাঠন সম্বন্ধে কোনো ধারণা নেই—কোনো ক্লাস করতে হয়নি। শিক্ষকদের অনেকেই প্রাইভেটে পড়াতেন পারিশ্রমিকের বিনিময়ে। কিন্তু স্কুলের পড়ানোতে ফাঁকি মেরে নয়। এটা বর্তমান প্রেক্ষিতে প্রশংসার যোগ্য। একই Private Tutor Physics– Chemistry– Mathematics– Mechanics পড়িয়েছেন অধিকাংশ ক্ষেত্রে—এখনকার মতো প্রতি বিষয়ে Private Tutor নিতে হয়নি।

আমাদের শিক্ষকদের কয়েকজন এখনো জীবিত আছেন। তাঁদের সঙ্গে phone/whatsapp-এ নিয়মিত না হলেও যোগাযোগ আছে। তাঁরা দরকারে/অদরকারে ফোন করলে ভালোই লাগে।

অশিক্ষক কর্মচারীদের কথাও ভুলতে পারব না। স্কুলের দরজা খোলা, বেল বাজানো, ক্লাসরুম ও স্কুলবাড়ি ঠিকঠাক রাখা, হাজিরা খাতা জোগানো, টিফিন বিতরণ, ছুটি হলে ছাত্রদের অভিভাবকদের হাতে তুলে দেওয়া এবং সর্বোপরি আমাদের অত্যাচার সামলানো—ভোলা যায় ?

পেছনের গেটের হজমিগুলি আর প্যাটিসওয়ালাদের ভোলা যায়! ওরাও তো আমাদের স্কুলেরই।

এই সব কিছু নিয়ে হিন্দু স্কুল কাটিয়ে দিল ২০৬ বছর।

আমরাও ৫০ বছর।

’৭৩-এর ১০৮ অশ্বারোহী

১৯৭৩-এ হিন্দুস্কুল থেকে যে ১০৮ জন পরীক্ষার্থী ছিল উচ্চমাধ্যমিকে, তাদের খতিয়ান এইরকম ঃ

| বিভাগ | মোট পরীক্ষার্থী | প্রথম বিভাগ | দ্বিতীয় বিভাগ | তৃতীয় বিভাগ |
|---|---|---|---|---|
| বিজ্ঞান | ৪৫ জন | ৩০ জন, অনিশ্চিত ১ | ১০ জন, অনুপস্থিত ১ | ৩ জন |
| বাণিজ্য | ৩৬ জন | ১ জন, অনিশ্চিত ১ | ২০ জন | ১৪ জন |
| কারিগরি | ১৬ জন | ৪ জন | ৯ জন | ৩ জন |
| কলা | ১১ জন | ১ জন | ৭ জন | ৩ জন |

প্রথম দশজনের তালিকায় ঃ

| | |
|---|---|
| বিজ্ঞান সামগ্রিক ভাবে | ২ জন |
| বাণিজ্য বিভাগে | ১ জন |
| কারিগরি বিভাগে | ২ জন |
| কলা বিভাগে | ১ জন |

১৯৭৩ ছিল পূর্বতন উচ্চমাধ্যমিক পরীক্ষার সব থেকে অনুজ্জ্বল বছর সামগ্রিকভাবে সারা রাজ্যে।

ওই বছর উচ্চমাধ্যমিকের খাতা পুনর্মূল্যায়ন করতে দিয়েছিল ১৩ জন, ২২টি বিষয়ে। তার মধ্যে দশজনের প্রাপ্ত নম্বর বেড়েছিল। ফলে ওপরে দেওয়া ফলাফল পরিবর্তিত হয়েছিল নিশ্চয়ই। ৫০ বছর বাদে তার বিস্তারিত তথ্য পাওয়া মুশকিল।

আমাদের ১০৮ জনের মধ্যে ১১ জন পরলোকগত (জুলাই ২০২৩ পর্যন্ত)। তাঁদের আত্মার শান্তি কামনা করি। যদি কোনো তথ্যগত প্রমাদ থেকে থাকে, শুধরে দিলে বাধিত হব।

*কৃতজ্ঞতা*

১. হিন্দুস্কুলের প্রধানশিক্ষক মহাশয়, শিক্ষক ও কর্মীবৃন্দ।

২. হিন্দুস্কুল প্রাক্তনীর '৭৩-এর কার্যকরী সমিতি।

# হিন্দু কলেজ থেকে হিন্দু স্কুল

সৌমিত্র শ্রীমানী

১৮০০ খ্রিস্টাব্দে ইস্ট-ইন্ডিয়া কোম্পানির লন্ডনস্থ কর্তাদের যথেষ্ট অনিচ্ছা সত্ত্বেও লর্ড ওয়েলেসলি কলকাতায় ফোর্ট উইলিয়ম কলেজ স্থাপন করেন, কোম্পানির তরুণ কর্মচারীদের (writer) কিছুটা শিক্ষিত করার মাধ্যমে প্রশাসক (civilian) পদে উন্নীত করার লক্ষ্যে। একই বছরে শ্রীরামপুরে স্থাপিত হয়েছিল ব্যাপটিস্ট মিশন (Baptist Mission) ও তার ছাপাখানা, মিশন প্রেস। কলকাতার ফোর্ট উইলিয়ম কলেজে বাংলা, হিন্দুস্তানি, ফারসি প্রভৃতি ভাষার শিক্ষা প্রদান করা হত। হিন্দু কলেজের একদা সচিব, রামকমল সেন তাঁর *A Dictionary in English and Bengalee* গ্রন্থে দাবি করেছেন যে, 'From this time forward writing Bengali correctly may be said to have begun in Calcutta— a number of books were supplied by the Serampore Press'[১]. ১৮০০ খ্রিস্টাব্দে বাংলার শিক্ষা ও সংস্কৃতির জগতে এক নতুন পরিবেশের উদ্ভব ঘটে গেছে। শুরুটা হয়েছিল আরও প্রায় তিনদশক পূর্বে। ১৭৭৩ খ্রিস্টাব্দে কলকাতায় সুপ্রিম কোর্টের গঠন ও ইংরেজ বিচারকদের কর্মকাণ্ড বহুলাংশে প্রশাসনিক বলপ্রয়োগকে রোধ করতে সক্ষম হয়েছিল। ১৭৮১ খ্রিস্টাব্দে কলিকাতা মাদ্রাসা ও ১৭৮৪-তে এশিয়াটিক সোসাইটির গঠন সবই আধুনিক জ্ঞানচর্চার সোপান হিসাবে গণ্য হতে পারে যদিও মাদ্রাসার বিষয়ে দ্বিমত থাকতে পারে। এশিয়াটিক সোসাইটিতে ভারত তথা প্রাচ্য নিয়ে হরেক রকম চর্চা চলছিল যদিও সবই করত ইউরোপীয়রা।

ইতিমধ্যে ১৭৯৩ খ্রিস্টাব্দে চালু চিরস্থায়ী বন্দোবস্ত প্রকারান্তরে এক অনুপস্থিত ভূম্যধিকারী গোষ্ঠীর বিকাশ ঘটায়। নব্য ভূস্বামীদের প্রায় সকলেই শহর কলকাতায় বাস করতে পছন্দ করত, কারণ ইউরোপীয়দের সংস্পর্শ তার দ্বারা সহজে পাওয়া সম্ভব। কিন্তু দ্বিতীয় বা তৃতীয় প্রজন্মের ভূস্বামীদের মধ্যে সম্পত্তির বাঁটোয়ারা জনিত কারণে আয়ের উৎস আর পূর্বের মতো স্ফীত থাকেনি। এইসব শ্রেণির বাঙালিদের এক বড়ো অংশ ইংরেজি শিখতে উৎসাহী হয়ে উঠল। এমনই পরিবেশে রামমোহন রায় স্থায়ীভাবে কলকাতায় বাস করতে শুরু করেন। ১৮১৫ খ্রিস্টাব্দে তিনি তাঁর বন্ধুদের নিয়ে শুরু করেন আত্মীয় সভা। রামমোহন হিন্দু সমাজ তো বটেই, হিন্দুধর্মেরও কিছু পরিবর্তনের পক্ষে নানাভাবে নিজের বক্তব্য প্রকাশ করছিলেন। তাঁর অনুগামীর সংখ্যাও কম ছিল। না। তবে ধনী ও প্রভাবশালী হিন্দুরা কোনভাবেই সনাতনী ব্যবস্থা ভেঙে ফেলতে উৎসাহী ছিলেন না। কিন্তু তাঁরাই চাইলেন আধুনিক তথা পাশ্চাত্য শিক্ষার প্রচলন।

আত্মীয় সভার নিয়মিত অধিবেশন বসত এবং প্রধানত ধর্মসংস্কারের বিষয়েই আলোচনা চলত। এমনই এক সভায় ডেভিড হেয়ার আধুনিক এক শিক্ষালয়ের প্রসঙ্গো নিজের মত ব্যক্ত করেন। শহরে ভারতীয় বালকদের জন্য, বিশেষত হিন্দুদের জন্য যে আধুনিক শিক্ষাকেন্দ্র স্থাপনার বিষয়ে উদ্যোগ শুরু হয়েছিল—সে বিষয়েও মতভেদ কম নেই। আত্মীয় সভার বিষয়ে উল্লেখ করে ১৮৩২ খ্রিস্টাব্দে *The Christian Observer* পত্রিকায় ছাপা হল যে, হিন্দু ধর্মের সংস্কারের লক্ষ্যে রামমোহন — "Proposed the establishment of the Brahmo Sabha– for the purpose of teaching the doctrine of religion according to the Vedant system– a system strongly deprecating everything of idolatrous nature and professing to inculcate the worship of supreme undivided and eternal God. Mr. Hare who was one of the party,–

not coinciding with the view of Rammohan Roy– suggested as an amendment, the establishment of a college''[২]. অন্যদিকে যে কাহিনী প্রচলিত, তা হল তৎকালীন সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি স্যার এডওয়ার্ড হাইড ইস্টের এক প্রতিবেদন। হাইড ইস্টের দাবি যে ১৮১৬ খ্রিস্টাব্দের মে মাসের প্রথমদিকে একজন ব্রাহ্মণ (বৈদ্যনাথ মুখোপাধ্যায়) তাঁর নিকটে উপস্থিত হয়ে বলেন যে, শহরের প্রভাবশালী হিন্দুরা পাশ্চাত্যের কায়দায় নিজেদের সন্তানদের শিক্ষাদানের জন্য একটি বিদ্যায়তন প্রতিষ্ঠার উদ্দেশ্যে হাইড ইস্টের সাহায্যপ্রার্থী। ইস্টের পরবর্তী বক্তব্য যে, এর পর তিনি সপারিষদ গভর্নর জেনারেলের কাছে যাবতীয় বিষয় ব্যক্ত করেন ও এই কাজে উদ্যোগী হওয়ার জন্য অনুমতিও লাভ করেন। সেই মতো ১৮১৬ খ্রিস্টাব্দের ১৪ই মে ইস্টের বাড়িতে একটি সভায় পঞ্চাশ জনের মতো ধনী ও প্রভাবশালী হিন্দু ছাড়াও শহরের কয়েকজন প্রধান পন্ডিতও যোগ দেন। বিদ্যায়তন স্থাপনের জন্য তৎক্ষণাৎ পঞ্চাশ হাজার টাকা চাঁদা সংগৃহীত হয় । কিন্তু রামমোহনের কাছ থেকে কোনরকম অর্থ নেওয়া হয় না। সভার সিদ্ধান্ত হয় যে পাঠ্যসূচি এমন হবে যে, the cultivation of the Bengalee and English languages in particular, next the Hindustanee tongue..., and then the Persian, of desired, as ornamental General duty to god, the English system of morals, Grammar, teriting Arithmetic (this is one of the Hindoo virtues), History, Geography, Astronomy, Mathematics and in time, as the fund increases, English Belles lettres, Poetry''.[৩] এটাও ইস্ট লেখেন যে, ''...the most distinguished pundits who attended their warm approbation of all the objects proposed.''

অর্থাৎ এই বিদ্যায়তনের প্রথম পরিকল্পক কে—এ নিয়ে দ্বন্দ্ব প্রায় তার সূচনাকাল থেকেই। *সমাচার দর্পণ* পত্রিকার ২০ আষাঢ় ১২৩৭ বঙ্গাব্দের সংস্করণে এ বিষয়ে আলোকপাত করা হয়েছিল এবং বলা হয়েছিল যে, ডেভিড হেয়ার এবং হাইড ইস্ট উভয়েই কলেজের প্রথম পরিকল্পনাকার।[৪] হাইড ইস্টের বাড়িতে ২৮ মে ১৮১৭ তারিখে অর্থাৎ কলেজ স্থাপিত হওয়ার চার মাস পরে অনুষ্ঠিত এক সভায় কলেজের নিয়মাবলি প্রস্তুত করা হয়। বিদ্যায়তনের দুটি বিভাগ যথাক্রমে পাঠশালা ও মহাপাঠশালা। এই মহাপাঠশালাকে আবার হিন্দু কলেজও বলা হল। বর্ধমানের মহারাজা প্রতাপচাঁদ বাহাদুর ১২ হাজার টাকা দান করেন। অন্যান্য দাতাদের মধ্যে উল্লেখযোগ্য ছিলেন পাথুরিয়াঘাটার গোপীমোহন ঠাকুর। গোপীমোহন সম্ভবত ১০ হাজার টাকা দান করেছিলেন। ২৭শে অগাস্ট ১৮১৬ তারিখেই বিদ্যায়তনের পরিচালন পর্ষদ গঠিত হয়েছিল। বর্ধমানের মহারাজা এবং গোপীমোহন ঠাকুরকে বংশপরম্পরায় গভর্নর পদ প্রদান করা হয়। প্রথম বছরের ডিরেক্টর-দের মধ্যে ছিলেন বাবু গঙ্গানারায়ণ দাস, বাবু রাধামাধব বন্দ্যোপাধ্যায়, বাবু জয়কিষেণ সিংহ, বাবু গোপীমোহন দেব ও হরিমোহন ঠাকুর। ইউরোপীয় সম্পাদক হলেন লেফট্যানেন্ট এফ. আরভিন এবং নেটিভ সম্পাদক হয়েছিলেন বাবু বৈদ্যনাথ মুখোপাধ্যায়। কোষাধ্যক্ষ করা হয়েছিল তৎকালের বিখ্যাত বণিক সংস্থা জোস ব্যারোটো অ্যান্ড সন্সকে।

অতি তৎপরতার সঙ্গে উদ্যোক্তারা কাজ শুরু করে দেন। ১৮১৭ খ্রিস্টাব্দের ২০শে জানুয়ারি উত্তর কলকাতার গরাণহাটায় গোরাচাঁদ বসাকের বাড়িতে বিদ্যায়তন তার যাত্রা শুরু করে। মাত্র ২০ জন ছাত্র নিয়ে তার জন্ম হয়েছিল।[৫] অধিক দিন এই বাড়িতে বিদ্যায়তনকে রাখা যায়নি। পরবর্তীকালে এই বাড়িতেই ওরিয়েন্টাল সেমিনারি স্থাপন করেছিলেন গৌরমোহন আঢ্য। ১৮১৯ খ্রিস্টাব্দে বিদ্যায়তন স্থানান্তরিত হয় ফিরিঙ্গি কমল বসুর বাড়িতে, যার বর্তমান ঠিকানা ২২৬ রবীন্দ্রসরণি[৬]। এখন সমস্যা হল, কী নামে বিদ্যায়তনকে ডাকা হত। কখনও তাকে বলা হচ্ছিল মহাপাঠশালা অর্থাৎ কলেজ (সরকারি নথিতে Senior Division) এবং পাঠশালা (Junior Division);

কখনো-বা Anglo-Indian College। তবে লোকমুখে হিন্দু কলেজ নামটাই জনপ্রিয় হয়। যেহেতু হিন্দু বালক ভিন্ন অন্য কোনো ধর্মের ছাত্রকে এখানে শিক্ষাদান করা হত না, সেইহেতু হিন্দু কলেজ নামই কাজে দিয়েছিল। যাই হোক না কেন, ধনী হিন্দুরা মিলিত ভাবে ১ লক্ষ ১৩ হাজার ১৭৯ টাকার এক তহবিল গঠন করেন এবং বিদ্যায়তনের নিয়মিত ব্যয়ভার নির্বাহের উদ্দেশ্যে ব্যারোটো অ্যান্ড সন্স-এ গচ্ছিত রাখেন। গচ্ছিত অর্থের সুদই ছিল আয়ের প্রধান উৎস। প্রথম দিনে মাত্র ২০ জন ছাত্র ভর্তি হলেও মাত্র তিনমাসে তাদের সংখ্যা ৬৯ হয়। বোধহয় প্রথম দিনেই ভাবীকালের মহীরুহের স্বপ্ন কেউ কেউ দেখেছিলেন। ২১ জানুয়ারি ১৮১৭ তারিখেই বৈদ্যনাথ মুখোপাধ্যায়ের সদম্ভ ঘোষণা : ''Which yet was but a seedling, would many years hence resemble the bur tree, which when fully grown was the largest of trees in India, cooling and refreshing all those who came under its shade''[৭]।

বিদ্যায়তন স্থাপনে শহরের পদস্থ সরকারি ও বেসরকারি ইউরোপীয়রা যুক্ত থাকলেও পরিচালন সমিতিতে তাঁরা কেউ ছিলেন না। পরিচালকরা একটি Education Fund গঠন করেন। স্থির হয়েছিল যে যাঁরা পাঁচ হাজার টাকা চাঁদা দেবেন তাঁরা প্রতিবছর একজন বালককে বিদ্যায়তনে পাঠের জন্য ভর্তি করতে পারবেন। কোনো বেতন নিয়ে ছাত্রভর্তির ব্যবস্থা আদৌ ছিল না। পরিচালকদের উদ্দেশ্য ছিল এইভাবে তহবিল গঠন করা।''[৮] কিন্তু ছাত্রভর্তি বিশেষরকমে বৃদ্ধি পায়নি।

শহরে নতুন ধরনের বিদ্যায়তনে কিন্তু সকলেই প্রবেশাধিকার পেল না। কিন্তু নতুন শিক্ষালাভের আগ্রহ তখন যথেষ্ট। অবস্থার গুরুত্ব রামমোহন যেমন বুঝেছিলেন তেমনি বুঝেছিলেন হেয়ার। রামমোহন নিজের উদ্যোগে সিমুলিয়াতে একটি ইংরেজি বিদ্যালয় স্থাপন করলেন।[৯] তাঁরই মতো হেয়ার পটলডাঙায় স্থাপন করেন ক্যালকাটা স্কুল সোসাইটি। এই বিদ্যালয়ের দ্বার সর্বশ্রেণির বালকদের জন্য উন্মুক্ত ছিল। ১৮১৯ খ্রিস্টাব্দে ব্যবস্থা হল যে, হেয়ার সাহেবের স্কুল থেকে প্রাথমিকভাবে প্রশিক্ষিত ২০ জন ছাত্র হিন্দু কলেজে ভর্তি হবে। পরবর্তীকালে ওই সংখ্যা ৩০ হয়েছিল। স্কুল সোসাইটি ছাত্রপিছু মাসিক পাঁচ টাকা হারে বেতন হিন্দু কলেজে প্রদান করত।[১০] ভাবতে অবাক লাগে যে আজ থেকে ২০০ বছর পূর্বেই হিন্দু কলেজে প্রভূত বিত্তবানের সন্তান না হলে শিক্ষালাভ সম্ভব ছিল না।

যাই হোক না কেন, শুরু থেকেই হিন্দু কলেজ ছাত্রদের মধ্যে উচ্চশিক্ষার এক পরিবেশ প্রস্তুত করতে সমর্থ হয়। প্রথম প্রধানশিক্ষক ছিলেন ডি. আনসেলস নামক এক ইউরোপীয়। কলেজের পাঠ্যক্রম ছিল পাশ্চাত্যের ভাবধারায় প্রভাবিত ও শিক্ষার মাধ্যম ছিল ইংরেজি ভাষা। প্রাথমিক পর্বে কলেজের বিখ্যাত ছাত্রদের মধ্যে প্রসন্নকুমার ঠাকুর, তারাচাঁদ চক্রবর্তী ও শিবচন্দ্র ঠাকুর ইংরেজিতে বিশেষ ব্যুৎপত্তি অর্জন করেছিলেন।[১১]

১৮১৭ হতে ১৮২৩ খ্রিস্টাব্দ পর্যন্ত সময়কালে কলেজ কোনোরকম সরকারি অনুদান লাভ করেনি। ব্যারোটো অ্যান্ড সন্স-এ গচ্ছিত অর্থের সুদ এক নিয়মিত অর্থের উৎস ছিল। অর্থের অনটন কিন্তু উদ্যোক্তাদের উৎসাহে ভাটা পড়তে দেয়নি। স্থাপনার পরের বছর থেকেই রাধাকান্ত দেব সক্রিয়ভাবে কলেজ প্রশাসনের সঙ্গে যুক্ত হলেন। ছাত্রদের পাঠ কেমন চলছে তা পর্যবেক্ষণের জন্য প্রায়ই শহরের নামজাদা ইউরোপীয়দের আমন্ত্রণ জানানো হত। এঁদের বলা হত ভিজিটর (Visitor)। ১৮২১ খ্রিস্টাব্দে রামকমল সেনকে পরিচালন পর্ষদ সচিব পদে নিয়োগ করে এবং রামকমল তাঁর দায়িত্ব পালনে সদা ব্যস্ত থাকতেন। এই সময়ে ইউরোপীয় সচিব আরভিন শহর ছেড়ে চলে গেলে তাঁর স্থলে অন্য একজন নিযুক্ত হয়েছিলেন।

প্রথমদিন থেকেই যে বিদ্যায়তনের আর্থিক সমস্যা ছিল, তা বুঝতে অসুবিধা হয় না, কারণ বৈতনিক ছাত্র কোনো

সময়ে ভর্তি করা হচ্ছিল না। ফলে আয় ছিল সীমিত। তাই সরকারের কাছে আর্থিক অনুদান প্রার্থনা করা হত যদিও তা কোনো সময়ে পাওয়া যায়নি। ১৮২১ খ্রিস্টাব্দে এক বিশেষ ঘটনার সূত্রপাত হয় যখন কলেজের অন্যতম পৃষ্ঠপোষক তথা সদর দেওয়ানি আদালতের তৎকালীন প্রধান বিচারপতি জন হারবার্ট হ্যারিংটন বিলেতে ফিরে যান। সেখানে তিনি এক সংস্থার নিকট হতে বহু রকমের বৈজ্ঞানিক যন্ত্রপাতি ও বই সংগ্রহ করে সেসব কলকাতায় পাঠানোর উদ্যোগ নেন। উদ্দেশ্য ছিল হিন্দু কলেজে বিজ্ঞানচর্চার সূত্রপাত করা। ১৮২৩ খ্রিস্টাব্দে এইগুলি কলকাতায় এসে পৌঁছায়। কিন্তু কলেজে যেমন স্থানসংকুলানের সমস্যা তেমনি অন্য পরিকাঠামোর। সুতরাং কর্তৃপক্ষ আবার অর্থের জন্য সরকারের দ্বারস্থ হন।

একই সময়ে হ্যারিংটন আবার কলকাতায় ফিরে আসেন। ১৮২৩ খ্রিস্টাব্দেরই ৩১ জুলাই সরকার শিক্ষা বিস্তার ইত্যাদির স্বার্থে জেনারেল কমিটি অফ পাবলিক ইনস্ট্রাকশন স্থাপন করে এবং হ্যারিংটনকেই তার অধ্যক্ষ করা হয়। কমিটির সচিব হলেন ড. উইলসন। ১৮১৩ খ্রিস্টাব্দে কোম্পানিকে ভারত শাসনের জন্য কুড়ি বছরের মেয়াদে যখন সনদ নবীকরণ করা হয়েছিল তখনই ব্রিটিশ পার্লামেন্ট এদেশে শিক্ষা বিস্তারে কোম্পানিকে বার্ষিক এক লক্ষ টাকা ব্যয় করার নির্দেশ দেয়। সরকারি অনুদানে শিক্ষা বিস্তারের কোনো ব্যবস্থা তখন ইংল্যান্ডেও ছিল না। যাই হোক না কেন, কোম্পানি তার আর্থিক দুরবস্থার অজুহাতে এক পয়সাও ব্যয় করতে প্রস্তুত ছিল না। ১৮২৩ খ্রিস্টাব্দে অবস্থার পরিবর্তন ঘটতে শুরু করেছিল। সরকারের উদ্যোগে ১৮২৪ খ্রিস্টাব্দের ১লা জানুয়ারি বৌবাজারের সংস্কৃত কলেজের সূচনা হল এবং অধিকতর ছাত্রভর্তির আশায় তারই পার্শ্ববর্তী অন্য এক ভাড়াবাড়িতে হিন্দু কলেজকে স্থানান্তরিত করা হল।[১২] বিজ্ঞানশিক্ষারও সূত্রপাত হল এবং ডি. রস নামক একজনকে বিজ্ঞানশিক্ষক পদে নিযুক্ত করা হল। এভাবে সরকার বাড়িভাড়া ও বিজ্ঞানশিক্ষার দায়িত্ব জেনারেল কমিটির মাধ্যমে গ্রহণ করে। শুরু হল হিন্দু কলেজে পরোক্ষে সরকারি অনুপ্রবেশ। সরকার পরিচালন পর্ষদেও নিজের প্রতিনিধি হিসাবে ড. উইলসনকে পাঠায়। তাঁকে বলা হত ভিজিটর। অধিককাল ভাড়াবাড়িতে আর কলেজ থাকেনি। ১৮২৪ খ্রিস্টাব্দেই স্থির হল যে সংস্কৃত ও হিন্দু কলেজ বা অ্যাংলো ইন্ডিয়ান কলেজ পাশাপাশি নিজস্ব বাড়িতে কাজ শুরু করবে।

সরকারি খাতায় হিন্দু কলেজকে বহু নামে অভিহিত করার প্রবণতা দেখা দেয়। প্রথম বছরে সরকার কলেজের দায়িত্ব কিয়দংশে গ্রহণ করলে বাড়িভাড়া বহনে রাজি হয়েছিল। ১ মে ১৮২৪ থেকে ৩০ এপ্রিল ১৮২৫ পর্যন্ত এই একবছরে বিদ্যালয়ের বাড়িভাড়া বাবদ সরকার ৩১১০ টাকা ব্যয় করে। একই সঙ্গে ২১ সেপ্টেম্বর ১৮২৪ থেকে ৩০শে এপ্রিল ১৮২৫, এই সময়কালে শিক্ষকদের বেতন বাবদ মাসিক ৩০০ টাকা হিসাবে মোট ২২০০ টাকা এবং পুনরায় শিক্ষকদের বেতন বাবদে ওই একই সময়ে ১৩৭৫ টাকা ১৪ আনা, কলেজের নিজস্ব ছাপাখানার ব্যয় বাবদে ২৯৫৬ টাকা এবং অন্যান্য খুচরো ব্যয় বাবদে ১১৮ টাকা ৮ আনা বরাদ্দ করেছিল। সরকার কলেজের নিজস্ব গৃহনির্মাণেও ব্যয় করে। সেকালের কলকাতায় লটারি কমিটির মাধ্যমে লটারির পুরস্কার বাবদে এবং টিকিট বিক্রির অর্থের ব্যবহার করে জমি উপহার দেওয়া হচ্ছিল। সেই কমিটিই জমির ব্যবস্থা করে এবং সে বাবদে ১৪,১১৩ টাকা ১২ আনা ১ পাই ব্যয় করে। গৃহনির্মাণের দায়িত্ব দেওয়া হল বিখ্যাত প্রতিষ্ঠান, বার্ন অ্যান্ড কোম্পানিকে এবং সে বাবদে আরও ২১,৪৯০ টাকা খরচ করা হয়। এ প্রসঙ্গে আরও উল্লেখযোগ্য একটি বিষয় হল যে, সনাতনী ভারতীয় রীতি মেনে গৃহের ভিত্তি স্থাপনের সময়ে ১৩৯ টাকা ৩ আনা ১০ পাই মাটির নীচে প্রোথিত করাও হয়েছিল।[১৩] অর্থাৎ হিন্দু কলেজের নির্মাণে পুরো অর্থ সরকারই বহন করেছিল।

১৮২৫ খ্রিস্টাব্দের শুরুতেই কলেজে দেখা দিল এক ঘোর সংকট। ফেব্রুয়ারি মাসে ব্যারোটো অ্যান্ড সন্স কোম্পানির পতন ঘটলে সেখানে গচ্ছিত অর্থ প্রায় পুরোটাই নষ্ট হয়। মাত্র ২০ হাজার টাকা কলেজ উদ্ধার করতে সমর্থ হয়েছিল। সরকারি নির্দেশে ড. উইলসন কলেজ গঠনে মনোনিবেশ করেন এবং সেই বছরই ডেভিড হেয়ার কলেজ পরিচালন সমিতির সদস্যপদে বৃত হন। পরিচালকরা সরকারের কাছে আর্থিক অনুদানের জন্য পুনরায় আবেদন জানায়। প্রশাসনিক নিয়ন্ত্রণ সরকার নিজের হাতে রাখতে চাইলে সমস্যা দেখা দেয়। অবশেষে এক সমঝোতা হলে জেনারেল কমিটির পক্ষে ড. উইলসন হলেন পরিচালন পর্ষদের সহ-সভাপতি এবং এর পর থেকে কলেজের প্রধান কর্মকর্তা। অবশ্য উইলসনের দক্ষতা ও নিরলস শ্রমের কোনো তুলনা ছিল না। এই সময়ে কলেজের প্রশাসনে এক বিরাট পরিবর্তন ঘটানো হয়। মাসিক পাঁচ টাকা বেতনে ছাত্রভর্তির ব্যবস্থা হল, পূর্বে যা ছিল না। একই সঙ্গে রাজা বৈদ্যনাথ রায়, হরিনাথ রায়[১৪] প্রমুখ শিক্ষার সামগ্রিক উন্নতি বিধানে অর্থসাহায্য করতে এগিয়ে আসেন। ধীরে ধীরে অর্থসংকট দূরীভূত হতে থাকে। চাঁদা ও দান বাবদে যে অর্থ সংগৃহীত হয়েছিল তার সঙ্গে সম্ভবত সরকারি অর্থ যুক্ত করে তৈরি হল শিক্ষা তহবিল (Education fund)। ১৮২৫ খ্রিস্টাব্দের জুন মাস থেকে পরবর্তী একবছরে এই তহবিল থেকে হিন্দু কলেজকে (সরকারি নথিতে বিদ্যালয়) ১০ হাজার টাকা সাহায্য দেওয়া হয়েছিল।

একই সময়ে পটলডাঙায় কলেজের নিজস্ব গৃহনির্মাণ সমাধা হয়। এই পর্বে হিন্দু কলেজের সঙ্গে একটি সংস্কৃত শিক্ষাদানের বিভাগও খোলা হয়েছিল। তাই ১৮৩৫ খ্রিস্টাব্দে মেকলের ব্যবস্থা অনুযায়ী পাশ্চাত্য শিক্ষায় গুরুত্ব আরোপের সময় থেকে প্রতিমাসে সরকার হিন্দু সংস্কৃত কলেজকে ৪২১৯ সিক্কা টাকা অর্থ বরাদ্দ করতে থাকে।[১৫]

হিন্দু কলেজ ও সংস্কৃত কলেজ পটলডাঙায়, যার নতুন নাম হল কলেজ স্ট্রিট, সেখানে গড়ে উঠল। গৃহগুলি ছিল কলেজ স্কোয়ারের উত্তরে। হিন্দু কলেজের অধ্যক্ষর আবাস নির্মিত হল কলেজের উত্তরে। প্রথমদিকে কলেজের আটজন দেশীয় শিক্ষকের মধ্যে একজনই পটলডাঙায় থাকতেন। অন্যরা এবং ইউরোপীয় শিক্ষকরা শহরের নানা স্থান থেকে আসতেন। কলেজ মোট তিনটি বাড়ি নিয়ে গঠিত এক শক্ত- পোক্ত কাঠামো, যার মধ্যভাগের অংশটি ছিল দ্বিতল। নিম্ন তথা উপর তলে ৫০ ফুট × ২৫ ফুট মাপের দুটি বিশাল কক্ষ। এই দুটি ছাড়াও ছিল প্রতি তলায় সাতটি করে ভালো মাপের কক্ষ। এদের অতিরিক্ত ছিল আরও পাঁচটি কক্ষ। এই তিনটি বাড়ির পূর্বদিকেরটিতে কলেজের বিদ্যালয় ছিল এবং পশ্চিমাংশে কলেজটি স্থাপিত ছিল। মধ্যভাগের উচ্চতলে ছিল হিন্দু সংস্কৃত কলেজ ও অন্য তিনটি কক্ষে (Senior) সিনিয়র বিভাগ ও নিম্নতলে একটিতে (Junior) জুনিয়র বিভাগের পঠনপাঠন হত। এই কয়টি কক্ষ ব্যতীত সমগ্র মধ্যভাগটিতে ছিল সংস্কৃত কলেজ। ১৮৩৯ খ্রিস্টাব্দে কিছু সংযোজন হয়। পূর্বাংশে ও পশ্চিমাংশে দুটি করে নতুন কক্ষ ও প্রতিটি বাড়িতে দারোয়ানদের জন্য একটি করে কক্ষ নির্মিত হয়েছিল।[১৬]

Senior ও Junior, উভয় বিভাগেই ৪টি করে শ্রেণিতে ইংরেজি, বাংলা, সংস্কৃত ও ফারসি ভাষা শিক্ষা দেওয়া হলেও অল্পদিনের মধ্যে সংস্কৃত এবং ১৮৪১ খ্রিস্টাব্দে ফারসি শিক্ষাদান বন্ধ হয়। পূর্বেই বলেছি যে ১৮২৪ থেকে ডি. রস বিজ্ঞানের শিক্ষকরূপে কাজ করছিলেন। তিনি সোডা সাহেব নামে অধিক পরিচিত ছিলেন, সম্ভবত রসায়নের শিক্ষাদানের কারণে। কিন্তু সেই শিক্ষাও বেশিদিন চলেনি। ১৮২৮ খ্রিস্টাব্দে রবার্ট টাইটলার গণিত শিক্ষকরূপে যোগ দিলে গণিতে ছাত্রদের প্রভূত উন্নতি ঘটে। তাদের দ্রুত উন্নতিতে জেনারেল কমিটি অফ পাবলিক ইনস্ট্রাকসন এমন মন্তব্য করেছিল যে, "...a command of the English language and a familiarity with its literature and science [had] been acquired to an extent rarely equalled by any schools in Europe.[১৭]

প্রতি বছরই কলেজের উভয় বিভাগে ছাত্রসংখ্যায় বৃদ্ধি ঘটছিল। ১৮২৭ খ্রিস্টাব্দে চিত্রাঙ্কনে শিক্ষাদান

শুরু হয়েছিল। একই সঙ্গে আইন এবং রাজনৈতিক অর্থব্যবস্থার (Political Economy) পাঠ শুরু হয়। এভাবেই কলেজে শিক্ষাদানের জন্য দুটি বিভাগ অর্থাৎ সাধারণ (General) এবং আইন (Law) শুরু হয়েছিল। ১৮২০-এর দশকের মধ্যভাগ থেকে হিন্দু কলেজ শহর-কলকাতার সামাজিক ও বৌদ্ধিক জীবনে এক আলোড়ন সৃষ্টি করে। ১৮২৮ খ্রিস্টাব্দের মার্চ মাসে হেনরি লুই ভিভিয়ান ডিরোজিও হিন্দু কলেজের চতুর্থ শ্রেণিতে ইংরেজি সাহিত্য ও ইতিহাসের শিক্ষক পদে নিযুক্ত হন। শুরু হল কলেজে ডিরোজিও যুগ। মাত্র ১৯ বছর বয়সের শিক্ষকের সঙ্গে তাঁর সমবয়সি বহু ছাত্রের গভীর সখ্যতা জন্মায়। ছুটির পরেও ছাত্ররা তাঁকে ঘিরে থাকতেন বা বহুদিন তাঁর বাড়িতেও যেতেন। ডিরোজিও যুক্তিবাদ ও আধুনিকতার পূজারী ছিলেন। শহর তখন দুটি ব্যক্তিকে কেন্দ্র করে তোলপাড় হচ্ছিল যাঁদের একজন রামমোহন ও দ্বিতীয়জন অবশ্যই তরুণ শিক্ষক ডিরোজিও। ডিরোজিও-র অনুগামীরা যে সামাজিক ও সাংস্কৃতিক বিপ্লব ঘটাতে চেয়েছিলেন—সে বিষয়ে বহু আলোচনা হয়েছে। আমরা সেদিকে অধিক আলোকপাত করার মতো অবস্থায় নেই। তবে শিবনাথ শাস্ত্রীর বিবরণী অনুযায়ী[১৮] ডিরোজিও-র ছাত্ররা যে শুধুমাত্র বিদ্যাচর্চাতেই নিয়মভঙ্গ করেছিলেন, তা নয়, তাঁরা ব্যাবহারিক জীবনেও তা ভঙ্গ করতে কুণ্ঠিত হননি। হিন্দুসমাজের নিষিদ্ধ পান-আহারও তাঁরা অবলীলায় গ্রহণ করতেন। এভাবেই শহর-কলকাতা ভারতে আধুনিকতাকে সর্বপ্রথম আহ্বান করে। ১৮৩০ খ্রিস্টাব্দের একটি পত্রিকায় এমনও ছাপা হল যে, হিন্দু কলেজের পড়ুয়ারা হচ্ছে "sons of dewans, brothers of clerks, nephews of cashiers Khajanchin or grandsons of Sarkars dealing with the disposal, auction and sale of goods.[১৯]

এভাবেই হিন্দু কলেজকে কেন্দ্র করে জন্ম নিল ভদ্রলোক শ্রেণি, যাদের কোনো উল্লেখ হিন্দু কলেজ প্রতিষ্ঠার পূর্বে ছিল না। এই শ্রেণির তরুণরা দলে দলে ধর্ম-বিরোধী হয়ে উঠতে থাকেন এবং ১৮৩২ খ্রিস্টাব্দে হিন্দু কলেজেরই ছাত্র কুলীন ব্রাহ্মণ কৃষ্ণমোহন বন্দ্যোপাধ্যায় খ্রিস্টধর্ম গ্রহণ করলে সম্ভ্রান্ত হিন্দু পরিবারগুলিতে আতঙ্ক ছড়িয়ে পড়ে। ১৮৩০ খ্রিস্টাব্দের ৩রা সেপ্টেম্বর হিন্দু কলেজের পরিচালকরা কোনোরকম ধর্মসভায় ছাত্রদের যোগদান পর্যন্ত নিষিদ্ধ করে দেন।[২০] ডিরোজিও-র কাছে পড়লে ছাত্ররা ধর্মত্যাগী হবেন—এমন এক জনরব শহরে ছড়িয়ে পড়েছিল। সে সময়ে কলেজে ৪৫০/৪৬০ জন ছাত্র ছিল। কিন্তু "এক্ষণে প্রায় দুই শত বালক কলেজ ত্যাগ করিয়াছে। অধ্যক্ষ মহাশয়েরা ইহার কারণ অনুসন্ধান করিলেই সকলি জানিতে পারিবেন। পরিত্যাগি দুইশত বালকের মধ্যে প্রধান লোকের সন্তান অনেক জনরব হইয়াছে যে শ্রীযুত বাবু গোপীমোহন দেব, শ্রীযুত বাবু হরিমোহন ঠাকুর, শ্রীযুত বাবু নবীনকৃষ্ণ সিংহ এবং শ্রীযুত বাবু আশুতোষ দেব প্রভৃতি অনেক প্রধান লোক বালকদিগকে কলেজে যাইতে নিষেধ করিয়াছেন।"[২১] পরিচালকদের চাপে ডিরোজিও ১৮৩১ খ্রিস্টাব্দের ২৫ এপ্রিল চাকুরি থেকে ইস্তফা দেন এবং তার অল্পদিন পরে পরলোক গমনও করেন। কিন্তু ডিরোজিও-র প্রভাব বেশ কিছুকাল ছিল, যার ফলে বাঙালি যুবকদের মধ্যে পাশ্চাত্যের সংস্কৃতির প্রভাব গভীর হতে বিলম্ব হয়নি। *The Englishman* পত্রিকায় এমন কথাও ছাপা হল যে- "In matters of politics– they are all radicals and are followers of Benthamite principles."[২২] অর্থাৎ উপযোগবাদের মন্ত্রে ছাত্ররা দীক্ষিত হয়েছিলেন। ফ্রান্সে ১৮৩০ খ্রিস্টাব্দে জুলাই বিপ্লবের সাফল্যের সংবাদে উদ্বেলিত এইসব ছাত্ররা কলকাতার অক্টরলোনি মনুমেন্টের (বর্তমান শহিদ মিনার) শীর্ষদেশে বিপ্লবী ফ্রান্সের তিরঙ্গা পতাকাও উত্তোলন করেছিলেন। ডিরোজিও-র ছাত্র কাশীপ্রসাদ ঘোষ (১৮০৯-৭৩), যিনি প্রথম বাঙালি হয়েও ইংরেজি ভাষায় কবিতা রচনা করেন, এক দেশাত্মবোধক কবিতাও লেখেন, যাকে বঙ্কিমচন্দ্রের বন্দেমাতরম-এর পূর্বসূরি বলা চলে। হিন্দু কলেজের ছাত্ররা যে শুধুমাত্র নব্যবঙ্গ আন্দোলনের পুরোধা ছিলেন তা নয়, তাঁরা দেশমাতৃকার স্বাধীনতার স্বপ্নও সম্ভবত প্রথম দেখেছিলেন।

আবার ছাত্রাবস্থার সাধারণ গুন্ডামি ইত্যাদিতেও কলেজের ছাত্ররা হাত পাকিয়েছিল বলে মনে হয়। অন্তত ৩০ অগাস্ট ১৮৫২ তারিখের এক সংবাদে জানা যায় যে, "আমরা পরম্পরায় অবগত হইয়া চমৎকৃত হইলাম হিন্দু কালেজ ও সংস্কৃত কালেজের কতিপয় ছাত্র বিরোধী হইয়া একদিন পথিমধ্যে পরস্পর দাঙ্গা করিয়াছে। হিন্দুকালেজের ছাত্রেরা তেজস্বী বিশেষত ধনিভাগ্যধর লোকের সন্তান এ প্রযুক্ত অর্থ শক্তিও আছে। সুতরাং সংস্কৃত কালেজের বিদ্যার্থী ব্রাহ্মণ পন্ডিতগণের সন্তানেরা সে দাঙ্গায় আপনারা পরাভূত হওয়া ব্যতীত তাহাদিগকে পরাভব করিতে পারেন নাই।"[২৩] অবশ্য একই সংবাদে এমন আক্ষেপও করা হয়েছিল যে, হিন্দু কলেজের সুশিক্ষিত ছাত্ররা এক নতুন সভ্যতা আমদানি করার পরও কেন দাঙ্গা-হাঙ্গামা করে?

হাঙ্গামা অবশ্য মানসিক স্তরে শুরু করে দিয়েছিলেন ডিরোজিও। তাঁরই উৎসাহে ছাত্ররা ১৮৩০ খ্রিস্টাব্দে *Parthenon* নামে এক পত্রিকা প্রকাশ করে যাবতীয় কুসংস্কারের বিরুদ্ধে সোচ্চারে প্রতিবাদ জানায়। কর্তৃপক্ষ এতই ভীত হয়েছিলেন যে, পত্রিকার দ্বিতীয় সংখ্যা প্রকাশে তাঁরা বাধা দেন। কিন্তু তাঁদের গতি রোধ করা সম্ভব হয়নি। *জ্ঞানান্বেষণ*, *Hesperus*,*Quill*,*The Hindu Pioneer* প্রভৃতি পত্রিকায় নিয়মিত আধুনিক ও যুক্তিবাদী চিন্তাসমৃদ্ধ লেখা প্রকাশিত হচ্ছিল।

হিন্দু কলেজের ছাত্ররা যতই প্রশাসনের বিরোধিতা ও সামাজিক সংস্কারের কথা বলুন না কেন, সরকার এই প্রতিষ্ঠানটিকে সাহায্য করা থেকে বিরত হয়নি। ১৮২৫ খ্রিস্টাব্দ হতে বরাদ্দকৃত অর্থে কলেজের যথেষ্ট উন্নতি বিধান ঘটে। অবশ্য সংস্কৃত কলেজ বা মাদ্রাসার আর্থিক অনুদান ছিল অধিক। একটা উদাহরণ দেওয়া যায়। ১৮২৫ খ্রিস্টাব্দের জুন মাস থেকে ১৮২৬-এর জুন মাসের মধ্যে বিদ্যালয় (অর্থাৎ হিন্দু কলেজ) লাভ করেছিল ১০ হাজার টাকা, যেখানে একই সময়ে সংস্কৃত কলেজ পেয়েছিল ২০ হাজার এবং মাদ্রাসা ৩০ হাজার টাকা।[২৪] যদিও কলেজের আধুনিক পাঠ্যক্রম ইত্যাদি চালু করতে সরকারি উৎসাহ ছিল, তথাপি ১৮৪০-এর এক হিসাবে দেখা যায় যে, কলেজের গ্রন্থাগারের জন্য বরাদ্দ ৮৮০ টাকা ৩ আনা, যেখানে মাদ্রাসার বরাদ্দ ছিল ৩৬২৭ টাকা ১০ আনা ১ পাই।[২৫] হিন্দু কলেজকে নিজের আর্থিক সংস্থান নিয়মিত করতেই হত। ফলে উচ্চ বেতনে ছাত্রভর্তি ব্যতীত কোনো পন্থা ছিল না। তবে কিছুক্ষেত্রে সরকারি অর্থের সদ্ব্যবহারও সম্ভব হয়নি। প্রাথমিক পর্বেই, অর্থাৎ ১৮২৫ খ্রিস্টাব্দের ২০ মে সরকার কলেজের জন্য মাসিক ১০০০ টাকা অনুদানের ব্যবস্থা করলেও, তা ব্যয় করা যাচ্ছিল না। ১৮২৮ খ্রিস্টাব্দ থেকে গণিতশিক্ষকের বেতন বাবদ মাসিক ৩০০ টাকাই খরচ হচ্ছিল। এইরূপ অবস্থা পর্যবেক্ষণ করে ১৮৩০ খ্রিস্টাব্দের ১ মে থেকে প্রধানশিক্ষকের বেতন বাবদ মাসে ৪০০ টাকা সরকার বহন করে। সরকার একটি শর্তও আরোপ করল। কলেজকে নিজের অর্থে জরিপবিদ্যাশিক্ষা ও যন্ত্রপাতির জন্য ব্যয় করতে বলা হল।[২৬] এভাবেই কার্যত এদেশে বাস্তুবিদ্যা চর্চার সূচনা হয়। তবে সরকারের পক্ষে অঙ্কনবিদ্যা শিক্ষা বন্ধের প্রস্তাব করা হয়েছিল। সরকার সম্ভবত এদেশীয়দের মাধ্যমে বাস্তুবিদ্যার (Civil Engineering) চর্চায় বিকাশ ঘটাতে চাইছিল নিজেদের তাগিদ পূরণের জন্য। তাই এক কথায় ১৮৩৩ খ্রিস্টাব্দে কলেজকে জরিপের যন্ত্রপাতি সরকারের পক্ষ থেকে সরবরাহ করা হয়েছিল।[২৭]

১৮৩২ খ্রিস্টাব্দের ১ মে থেকে সরকার হিন্দু কলেজের জন্য পাঠ্যপুস্তক সরবরাহের ব্যবস্থা ও করেছিল। প্রথম বছরের যে তালিকা আছে, তাতে নিম্নলিখিত পাঠ্যপুস্তকের তথ্য পাই।[২৮] যেমন English Spelling Book Nos. 1 and 2; English Reader Nos. 1-3, 5-7

English Poetical Reader Book Nos 1-3;
Murray's Large Grammar– Introduction to Universal History

কিন্তু এই তালিকাভুক্ত পুস্তকগুলিই কলেজের একমাত্র পাঠ্য ছিল না। গণিত, ভূগোল, জরিপবিদ্যা ইত্যাদির সঙ্গে সংস্কৃত ইত্যাদির পাঠও চলত। মাধ্যম অবশ্যই ছিল ইংরেজি। "মাথিমাটিক্স, ইতিহাস এবং অন্যান্য বিদ্যাতে অন্যান্য ছাত্র অপেক্ষা তাহাদের অধিক নৈপুণ্য"-র কথা *সমাচার দর্পণ* পত্রিকার অক্টোবর ১৮৩০ তারিখের সংস্করণে ছাপা হয়েছিল।[২৯] ছাত্রদের পরীক্ষা সম্ভবত কলেজভবনে সংগঠিত করা যেত না। প্রধানত টাউন হলেই পরীক্ষা গৃহীত হত এবং সাধারণত এক দিনেই তা সমাধা হত। কোনো বছর গভর্নরের প্রাসাদেও পরীক্ষা ও পুরস্কার বিতরণ করার তথ্য আছে।[৩০] পরীক্ষা নিতে শহরের বিশিষ্টজনেরা পরীক্ষকের দায়িত্ব পালন করতেন। এমনকি লর্ড বিশপকেও পরীক্ষক হতে দেখা গেছে।[৩১] অধিক ক্ষেত্রেই ছাত্রদের কুশলী অধ্যয়নের স্বীকৃতি থাকলেও তারা যে অনেকেই ভালোমতো বাংলাভাষা রপ্ত করতে পারত না, সে তথ্যও বিরল নয়। তাই Murray-র Grammar-কে পাঠ্যপুস্তকের তালিকা থেকে প্রত্যাহারের প্রস্তাবও দেওয়া হয়।[৩২]

তবে ড. উইলসন পরিচালন পর্ষদের সহ-সভাপতিরূপে যোগ দেওয়ার পর থেকে পঠনপাঠনে বিরাট সংস্কার সাধন করেন। এখানে Junior এবং Senior বিভাগ তো ছিল, তার সঙ্গে তিনটি স্তরে শিক্ষাদানের ব্যবস্থা ছিল, যা মোট ১০টি শ্রেণিতে বিন্যস্ত। উইলসন সেই ১০টি শ্রেণিকে ১৪টি করেন—প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চতর। এইধরনের এক উচ্চশ্রেণির বিদ্যায়তনে কীভাবে এক প্রাথমিক বিভাগ থাকে—এ নিয়ে লর্ড ডালহৌসি একদা ব্যঙ্গ পর্যন্ত করেছিলেন। তাঁর ভাষায় হিন্দু কলেজ নিছকই এক বুড়ির পাঠশালা।[৩৩]

তবে উইলসনের উদ্যোগ ও ক্রমবর্ধমান হারে সরকারি হস্তক্ষেপ ভারতীয়দের কোনো কোনো সময়ে অবশ্যই ক্রুদ্ধ করে তুলেছিল। যেমন *তত্ত্ববোধিনী পত্রিকায়* ১৮৫০-এর অক্টোবর মাসের সংখ্যায় বলা হল, "ইহা প্রসিদ্ধই আছে, যে যদবধি কেম্ব্রিজ নগরস্থ বিশ্ববিদ্যালয়ের কতকগুলি গণিতজ্ঞ ছাত্র হিন্দু কলেজে শিক্ষকতা পদে অভিষিক্ত হইয়াছেন, তদবধিই তথায় গণিতশাস্ত্র শিক্ষার বাংলা হইয়া অন্যান্য বিষয়ে অযত্ন ও অবহেলন হইয়া আসিতেছে। তাঁহাদিগের সাহিত্য ইতিহাসাদি বিদ্যায় তাদৃশ অনুরাগ ও পারদর্শিতা নাই।" উদাহরণস্বরূপ প্রথম শ্রেণির (তৎকালীন First Class) পাঠ্যপুস্তকের তালিকাও পত্রিকায় ছাপা হয়।

সেটি এরূপ :

Shakespeare's Coriolanus– Bacons Essays– Campbell's Rhetoric– Elphinstone's India– Vol 1– Arnolds Rome Vol I

Millers Differential Calculus– Hymers' Integral Calculus– Potter's Optics– Brinkley's Astronomy

Millers Differential Calculus– Hymers Integral Calculus– Newtons Principia– Hymers Analytical Conic Section– Websters Hydrostatics

Hymer's Theory of Equations– Goodwin's Geometrical Conic Section

Potters Mechanics

ফলে "হিন্দু কলেজের ছাত্রদিগের শিক্ষা প্রণালী লইয়া এক্ষণে মহা এ আন্দোলন হইতেছে।"[৩৪]

কলেজের সুনাম নানাভাবে বৃদ্ধি পেলেও ছাত্রদের মধ্যে যে দুর্নীতিও প্রচলিত ছিল তা, আমাদের বর্তমান কালের থেকে কোনও অংশে কম নয়। আমরা, ১৮৪০-৪১ খ্রিস্টাব্দের যে বিস্তারিত প্রতিবেদন লাভ করেছি, সেখানে কলেজের বাংলা বিভাগের পরীক্ষা বিষয়ে পরীক্ষক রামকমল সেনের প্রতিবেদনটি যথেষ্ট তাৎপর্যপূর্ণ।

উচ্চতর দুই শ্রেণির পরীক্ষার্থীরা ভালোমতো ইংরেজিভাষা বোঝে না যদিও অধ্যক্ষ রিচার্ডসন স্বয়ং উপস্থিত থেকে দাবি করেছিলেন যে, ছাত্রদের যথাযথ ভাবেই পাঠদান করা হয়েছিল। এর থেকেও মারাত্মক যে অভিযোগটি ছিল, তা হল, পরীক্ষাদান কালে ছাত্রদের নকল করার প্রবৃত্তি, কারণ পরীক্ষার্থীরা ঘেঁষাঘেঁষি করে বসেছিল এবং একে অন্যের দেখে লিখেছিল।[৩৫] বুঝতে অসুবিধা হয় না যে, ইংরেজি ও বাংলা বিভাগের ছাত্রদের মানে বিশেষ রকমে পার্থক্য ছিল।

সামগ্রিকভাবে অবশ্য কলেজের উন্নতি ঘটছিল। উইলসনের উদ্যোগে ১৮২৬ খ্রিস্টাব্দ থেকে কৃতী ছাত্রদের বৃত্তিদানের ব্যবস্থা হয় এবং সে বাবদে অর্থ ধনী ভারতীয়রাই জোগান দিয়েছিলেন। ১০ জন কৃতী ছাত্রকে মাসিক ১৬ টাকা হিসাবে প্রত্যেকের বৃত্তির ব্যবস্থা হয়েছিল।[৩৬] এই বৃত্তি দীর্ঘকাল চালু ছিল, অবশ্য পরবর্তী সময়ে কিছু পরিবর্তন ঘটানো হয়। ১৮৪১ খ্রিস্টাব্দে জুনিয়র বিভাগে ৭টি এবং সিনিয়র বিভাগে ১৩টি অর্থাৎ সর্বমোট ২০টি বৃত্তি প্রদান করা হচ্ছিল। এই বৃত্তির অর্থ আসত বিভিন্ন তহবিল থেকে। যেমন, হিন্দু কলেজের নিজস্ব তহবিল থেকে জুনিয়র বিভাগে ৫টি এবং সিনিয়র বিভাগে ৭টি; বর্ধমানের রাজার বৃত্তি সিনিয়র বিভাগে ১টি; ঠাকুর পরিবারের বৃত্তি সিনিয়র বিভাগে ১টি; রাজা গোপীমোহনের সিনিয়র বিভাগে ১টি; জয়কিষেণ সিংহের তহবিল হতে সিনিয়র বিভাগে ১টি; আবার বর্ধমান রাজার পরিবারের তহবিল থেকে সিনিয়র ও জুনিয়র উভয় বিভাগে ১টি করে এবং উন্মুক্ত পরীক্ষার মাধ্যমে হিন্দু কলেজের সিনিয়র ও জুনিয়র, উভয় বিভাগেই ১টি করে বৃত্তি।[৩৭]

সরকারি তদারকি বৃদ্ধি পাওয়ার সঙ্গো সঙ্গো শহরের ইউরোপীয়দের মহলে, বিশেষত খ্রিস্টান মিশনারিদের মধ্যে উত্তেজনার সৃষ্টি হয়। কারণ, আলেকজান্ডার ডাফের আগমনের পর থেকে একযোগে পাশ্চাত্যশিক্ষার বিস্তার ও ধর্মান্তকরণের কাজ মিশনারিরা শুরু করেছিল। এবার কোনো কোনো মহল থেকে দাবি উঠল যে, হিন্দু কলেজেও খ্রিস্টান ধর্মযাজকদের শিক্ষকরূপে নিয়োগ করা হোক।[৩৮] সরকার অবশ্য এ দাবিতে কর্ণপাত করেনি। ১৮৪১ খ্রিস্টাব্দের ৩০ এপ্রিল জেনারেল কমিটি অফ পাবলিক ইনস্ট্রাকশনের সঙ্গো কাজের জন্য কাউন্সিল অফ এডুকেশন (Council of Education) গঠন করা হল। হিন্দু কলেজ ও তৎসংলগ্ন পাঠশালা, মেডিকেল কলেজ, সংস্কৃত কলেজ ও মাদ্রাসাকে এই কাউন্সিলের অধীনে রাখা হয়। এবার প্রশ্ন উঠল আর্থিক বিষয়কে কেন্দ্র করে। ইতিমধ্যে বিখ্যাত কবি ও সাংবাদিক ডেভিড লেস্টার রিচার্ডসন ১৮৩৫ খ্রিস্টাব্দে হিন্দু কলেজে ইংরেজির প্রধানশিক্ষকরূপে এবং ১৮৩১ খ্রিস্টাব্দে অধ্যক্ষরূপে নিযুক্ত হন। ১৮৪৩ খ্রিস্টাব্দে স্বদেশে প্রত্যাবর্তনের সময় পর্যন্ত তিনি ওই পদে কর্মরত ছিলেন। হিন্দু কলেজে যেমন ছিল ডিরোজিও যুগ, তেমনি ছিল রিচার্ডসন যুগও। এই রিচার্ডসনের আমলেই কলেজের প্রশাসনিক সব পরিবর্তন ঘটানো হল। কাউন্সিল কলেজের দায়িত্ব হাতে নেওয়ার এক বছরের মধ্যে আর্থিক হিসাব প্রস্তুত করা হয়। ১৮৪৩ খ্রিস্টাব্দের ৩০ এপ্রিলের হিসাব অনুযায়ী ছাত্রদের বেতন বাবদ বার্ষিক আদায়ের পরিমাণ ছিল ৪২১ টাকা ৯ আনা ৭ পাই। তার সঙ্গো যুক্ত ছিল পাঠশালার ছাত্রদের বেতন বাবদে ১৫৬০ টাকা। যে ২৩ হাজার টাকার সঞ্চিত তহবিল ছিল, তার সুদ বাবদে ৯২ টাকা এবং বর্ধমানের রাজার দেওয়া অর্থের সুদ বাবদে ৪৮ টাকা। অর্থাৎ মোট বার্ষিক আয় ছিল ৪১২১ টাকা ৯ আনা ৭ পাই। সেখানে ব্যয়ের বহরটি ছিল যথেষ্ট স্ফীত। কলেজের জন্য সরকার দিয়েছিল ৪২,৭৭৫ টাকা ১৪ আনা এবং পাঠশালার জন্য ২৬৫২ টাকা। ১৮৪৩-এ কলেজে মোট ছাত্রসংখ্যা ছিল ৫২০ এবং তারা প্রত্যেকেই হিন্দু। শিক্ষকের সংখ্যা ছিল মাত্র ৫ ও তাঁদের সহকারীর সংখ্যা ১৭। কলেজে গড়ে ৪২৭ জন ছাত্র নিয়মিত পাঠ নিতে আসত।[৩৯] সপারিষদ গভর্নর জেনারেল একই সঙ্গো ডেভিড হেয়ারের স্কুল সোসাইটিকে মাসিক ৫০০ টাকার বরাদ্দ বজায় রাখেন। ওই অর্থে স্কুল সোসাইটির যেসব ছাত্র হিন্দু কলেজে ভর্তি হত, তাদের বেতনদান চলত। তবে মোট বেতন তখন লাগছিল ৫৩০ টাকা। ৩০ টাকা হেয়ার নিজেই দিতেন। ওই

ছাত্ররা ছিল যথেষ্ট মেধাবী, কারণ হিন্দু কলেজে যতগুলি বৃত্তি দেওয়া হচ্ছিল তার মধ্যে সিংহভাগ ওই ছাত্ররাই লাভ করেছিল।

কাউন্সিলের অধীনে হিন্দু কলেজ পরিচালনার জন্য একটি পৃথক উপসমিতি (Sub-Committee) গঠিত হল। স্থির হল যে, কলেজের তৎকালীন পরিচালকবর্গকে অর্থাৎ, বর্ধমানের রাজা, প্রসন্নকুমার ঠাকুর, রাধামাধব বন্দ্যোপাধ্যায়, রাজা রাধাকান্ত দেব, রামকমল সেন, রসময় দত্ত, শ্রীকৃষ্ণ সিংহ, দ্বারকানাথ ঠাকুর ও ডেভিড হেয়ারকে উপসমিতির সদস্য রাখা হবে। তাঁরা পূর্বের মতোই কর্তৃত্ব ভোগ করতেন। এককালীন ৫ হাজার টাকার চাঁদা যাঁরা দিচ্ছিলেন প্রতি বছর তাঁদের একজন করে ছাত্র কলেজে ভর্তির পূর্বের ব্যবস্থা চালু রাখা হল। উপসমিতি নিজের একজন সচিবকেও মনোনীত করার অধিকার পেয়েছিল।

ওদিকে হিন্দু কলেজে পাঠের জন্য বাঙালিদের মধ্যে আগ্রহ বৃদ্ধি পাচ্ছিল। কিন্তু সকলেই সেখানে প্রবেশ করতে পারত না। সমস্যা ছিল বহুমুখী। প্রথমত, বংশ ইত্যাদির প্রশ্ন; দ্বিতীয়ত, ইংরেজি পাঠের কুশলতা এবং তৃতীয়ত অর্থ। এতকিছুর কারণে সাধারণ ও মধ্যবিত্ত পরিবারের ছেলেদের পক্ষে বার্ষিক ৬০ টাকা বেতন দিয়ে[৪০] হিন্দু কলেজে প্রবেশ করা সম্ভব ছিল না। আবার প্রতি ছাত্রর ইংরেজিতে জ্ঞানও সেই মানের ছিল না। এ কারণে ১৮৩১ খ্রিস্টাব্দে একটি বাংলা পাঠশালা স্থাপন করা হয়।

১৭৫৭ খ্রিস্টাব্দে পলাশির যুদ্ধজয়ের পরে অকল্পনীয় গতিতে ইংরেজ ইস্ট ইন্ডিয়া কোম্পানির রাজ্য বিস্তার লাভ করেছিল। ইউরোপের অনেক জাতিই ইতিমধ্যে নতুন পৃথিবী অর্থাৎ, আমেরিকা মহাদেশসহ আফ্রিকার উপকূলবর্তী অঞ্চলগুলিতে উপনিবেশ স্থাপন করতে শুরু করে দিয়েছিল। কিন্তু ভারতে এবং বিশেষ করে বাংলায় ছিল এক প্রতিষ্ঠিত শাসনকাঠামো ও মুঘলদের সৃষ্ট আইনব্যবস্থা, যা পূর্বোল্লেখিত অঞ্চলগুলিতে ছিল না। ফলে এদেশের শাসনযন্ত্রকে বজায় রাখতেই হল। আবার ইংরেজসহ অন্যান্য ইউরোপীয় দেশের বণিক প্রতিষ্ঠানগুলি তাদের নিজ নিজ এলাকাতে স্বদেশের প্রশাসনিক ও বিচারব্যবস্থাকেও আমদানি করেছিল। সে কারণে দুটি ব্যবস্থার সহাবস্থান বজায় রেখে বিজিত অঞ্চলগুলি শাসন করার উদ্যোগ ইংরেজরা গ্রহণ করে। লর্ড কর্নওয়ালিস কোনোভাবেই ভারতীয়দের বিশ্বাস করতে না পারায় স্বদেশ থেকে ইংরেজদের এদেশে এনে প্রশাসক ইত্যাদি পদে নিয়োগের ব্যবস্থা হয়। কিন্তু সমস্যা ছিল এদেশ সম্পর্কে তাদের জ্ঞানের অভাব। সুতরাং তাদের শিক্ষিত কীভাবে করা যায়, সে নিয়ে ভাবনাচিন্তা শুরু হয়।

বার বার অভিযোগ উঠত যে, হিন্দু কলেজের ছাত্ররা বাংলাভাষা ও ব্যাকরণে অত্যন্ত কাঁচা। মনে রাখতে হবে যে, এই প্রতিষ্ঠানের জন্মই হয়েছিল বাঙালি তরুণদের ইংরেজিভাষা, সাহিত্য ও পাশ্চাত্যের দর্শন, বিজ্ঞান ইত্যাদিতে শিক্ষিত করার লক্ষ্যে। হিন্দু কলেজে কতটা বাংলাভাষা শিক্ষাদান করা হবে—এ নিয়ে দীর্ঘ বিতর্ক চলল। বলাই বাহুল্য যে, কলেজের প্রাক্তনীরা বাংলাতে শিক্ষাদানের বিষয়ে খুব একটা উৎসাহী ছিলেন না। কিন্তু জনমানসে বাংলাভাষার চর্চা নিয়ে উৎসাহ ধীরে ধীরে তখন বর্ধমান। যেমন *সংবাদ প্রভাকর* পত্রিকার ২০ এপ্রিল ১৮৪৯ তারিখের সংস্করণে ছাপা হয়েছিল, "ইংলণ্ডীয় ভাষা চন্দ্র এবং বঙ্গাভাষা প্রভাকর, আমাদিগের এমত অভিপ্রায় নহে, .... এই বঙ্গাভাষাকে প্রভাকরতুল্য না করিলে, তেজস্বী না করিলে ও এদেশের, দুরবস্থা বিমোচনের আর উপায় নাই।"[৪১] অর্থাৎ মাতৃভাষায় শিক্ষাদানের দাবি জোরদার হতে শুরু করেছিল। অবশেষে হিন্দু কলেজ কর্তৃপক্ষও বাধ্য হলেন যুগের দাবি মানতে। ১৮৩৯ খ্রিস্টাব্দের ১৪ জুন ডেভিড হেয়ার কলেজের অধীনে একটি বাংলা পাঠশালার ভিত্তি স্থাপন করেন এবং ১৮৪০ খ্রিস্টাব্দের ১৮ জানুয়ারি পাঠশালা তার কাজ শুরু করে।

হিন্দু কলেজের ছাত্রদের খ্রিস্টধর্মে ধর্মান্তরিত করার লক্ষ্যে কলেজের পশ্চিমে একখণ্ড জমিতে শহরের বিশপের উদ্যোগে এক চার্চ নির্মাণের উদ্যোগ সেই সময়ে চলছিল। এই গুজব প্রকাশ পেতেই শহরের ধনী হিন্দুরা তা ক্রয় করার ব্যবস্থা করে। অতি দ্রুত পরিকল্পনা কার্যকর করা হয়েছিল। বাড়ি তৈরির জন্য প্রায় সাত হাজার টাকা ব্যয় ধার্য হয়েছিল, যা কলেজের সঞ্চিত তহবিল থেকে দেওয়ার ব্যবস্থা হয়। অতিরিক্ত তিন হাজার টাকা সংগ্রহ করে সংস্থান করা হয়। ৫০০ ছাত্র পাঠ নিতে পারে এমন একটি বাড়ি তৈরির জন্য মধুসূদন রায় নামক এক বাঙালি স্থপতিকে দায়িত্ব দেওয়া হল। এ প্রসঙ্গে বিখ্যাত পত্রিকা *The Friend of India*-তে ছাপা হয়েছিল বিস্তৃত বিবরণ। জেনারেল কমিটির সভাপতি স্যার এডওয়ার্ড রায়ান এমন মন্তব্য করেন যে, ''That Vernacular Education was the ultimate point to which all their [members] efforts were directed ... No single effort has been made as yet to improve the Native languages, no attempt has been made to like English 5th vernacular education''.[৪৩]

১৪ জুন ১৮৩৯ তারিখে বিকেল সাড়ে ৫ টায় ডেভিড হেয়ার পাঠশালা ভবনের (যে স্থানে বর্তমানের প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়) ভিত্তি স্থাপন করেন। স্যার এডওয়ার্ড রায়ান ও প্রসন্নকুমার ঠাকুর উপস্থিত জনতাকে সম্বোধন করে ভাষণ দেন। উপস্থিত ব্যক্তিদের মধ্যে ছিলেন বর্ধমানের মহারাজাধিরাজ মহতাব চাঁদ, রাজ রাধাকান্ত দেব, রাধামাধব বন্দ্যোপাধ্যায়, রামকমল সেন, রসময় দত্ত, শ্রীকৃষ্ণ সিংহ, দ্বারকানাথ ঠাকুর, গুরুপ্রসাদ বসু, ড. টমাস আলেকজান্ডর ওস, হিন্দু কলেজ উপসমিতির সম্পাদক লক্ষ্মীনারায়ণ মুখোপাধ্যায় প্রমুখ।

তিনটি শ্রেণিতে বিন্যস্ত পাঠশালা ১৮৪০ খ্রিস্টাব্দের ১৮ই জানুয়ারি তার যাত্রা শুরু করে। প্রথম শ্রেণির বার্ষিক বেতন ধার্য হয় ছাত্রপিছু ২ টাকা, দ্বিতীয় শ্রেণির ৪ টাকা এবং তৃতীয় শ্রেণির ৮ টাকা। "ছাত্রদের পাঠ্য পুস্তক সকল পাঠশালার খরচে ক্রয় করা যাইবে, বালকদের তদ্বিষয়ে কিছু খরচ লাগিবে না কিন্তু তাহাদের শিক্ষার্থ ব্যয় আগাম দিতে হইবে।"[৪৪] পাঠদানের পদ্ধতি এমনই ছিল যে, ছাত্ররাই প্রয়োজনে শিক্ষকের কাজ করতে সমর্থ হত।[৪৫] এই পাঠশালার গুরুত্ব সর্বস্তরেই স্বীকৃত হয়েছিল। কারণ, সরকারি তথা আদালতের কাজকর্মে ফারসি ভাষার বিলোপ সাধনের কারণে "... The restoration of Bengalee to its legitimate place in the public administration, has acted like a talisman on the body of the people– and awakened a national anxiety for its improvement.''[৪৬]

কিন্তু মাতৃভাষায় শিক্ষালাভ করার সুযোগও সম্ভবত অবাধ ছিল না। এ কারণে হিন্দু কলেজের কিছু প্রাক্তন ছাত্রও একটি পাঠশালা তৎক্ষণাৎ খুলে ফেলে।[৪৭] দেখা গেল যে, শহরে নিত্যনতুন এই জাতীয় পাঠশালা স্থাপনের এক যজ্ঞ শুরু হয়ে গেছে। ২০ মার্চ ১৮৪২ তারিখে ডিরোজিও-র এক বিখ্যাত ছাত্র কাশীপ্রসাদ ঘোষকে সভাপতি করে কয়েকজন ধনী ভারতীয় ও ইউরোপীয় তথা হিন্দু ও সংস্কৃত কলেজের (যে সংস্কৃত কলেজ হিন্দু কলেজের অংশ) প্রাক্তনীরা একটি পাঠশালা স্থাপনের ব্যবস্থা করেছিলেন।[৪৮]

এইভাবেই হিন্দু কলেজকে কেন্দ্র করে শহরে বিদ্যাচর্চার প্রসার ঘটতে থাকে। ১৮৪২ খ্রিস্টাব্দে হেয়ারের মৃত্যু হলে স্কুল সোসাইটির অস্তিত্বের সংকট উপস্থিত হয়। সরকার তখন এডুকেশন কাউন্সিলের অধীনে হেয়ারের বিদ্যালয়টিকে নিয়ে আসে। তখন এটিকে হিন্দু কলেজ ব্রাঞ্চ স্কুল বলা হত।[৪৯] পরে তাকে কলুটোলা ব্রাঞ্চ স্কুলও বলা হয়েছিল। অবশেষে ১৮৬৭ খ্রিস্টাব্দে এটি হেয়ার স্কুল নামে পরিচিত হয়।

একই সময়ে হিন্দু কলেজের ওপর সরকারি নিয়ন্ত্রণ আরও গভীর হয়ে ওঠে। সম্ভবত ভারতীয় পরিচালকবর্গও

উৎসাহ হারিয়ে ফেলেছিলেন। ১৮৫০ খ্রিস্টাব্দে এডুকেশন কাউন্সিল আর হেয়ারের স্কুল থেকে বিনা বেতনে কোনো ছাত্রকে হিন্দু কলেজে ভর্তি না করার নির্দেশ দেয়। *সংবাদ প্রভাকর* পত্রিকার ২০ পৌষ ১২৫৭ তারিখের সম্পাদকীয়তে সরকারি এই নির্দেশের তীব্র প্রতিবাদও করা হয়।[৫০] ১৮৫৩ খ্রিস্টাব্দে হেয়ারের স্কুলে একজন খ্রিস্টান ও একজন মুসলমান ছাত্র ভর্তি হতে এমন আশঙ্কার জন্ম হল যে, হিন্দু কলেজেও বুঝি অহিন্দুর প্রবেশ শুরু হবে। সেই বছরের শুরুতেই হিন্দু কলেজে হীরা বুলবুল নামক এক গণিকার পুত্র ভর্তি হতে শহর জুড়ে কলরব শুরু হয় কারণ হিন্দু কলেজ স্থাপিত হয়েছিল বংশমর্যাদাসম্পন্ন ধনী হিন্দুদের অর্থে ও শর্তে যে, কোনো সময়ে এই প্রতিষ্ঠানে অহিন্দু বা অজ্ঞাতকুলশীলের প্রবেশ ঘটবে না। সরকার তার দায়ভার গ্রহণের সময়েও সেই শর্ত মেনে নেয়। এবার আর হিন্দুরা নিশ্চেষ্ট থাকল না। তৎক্ষণাৎ শহরের "যাবতীয় প্রধান ধনী মহাশয়দিগের প্রযত্নে রামগোপাল মল্লিকের বৃহদ্বাটীতে" হিন্দু মেট্রোপলিটান কলেজ স্থাপিত হল।[৫১] ৭ শ্রাবণ ১২৬০ তারিখে *সংবাদ প্রভাকর* পত্রিকার সম্পাদকীয়তে অভিযোগ করা হল যে, "হিন্দু কালেজে বেশ্যা নন্দন এবং খ্রিস্টান বালকেরা অধ্যয়নার্থ নিয়োজিত হইয়াছে।" এমনও লেখা হল, "হিন্দু কালেজ তো প্রকৃত খিচুড়ি কালেজ হইয়াছে।"[৫২] অতি দ্রুত হিন্দু মেট্রোপলিটান কলেজের উন্নতির কথা *সংবাদ প্রভাকর*-এ ছাপা হল। "অনেক ছাত্রীয় বৃত্তিধারী ইচ্ছাপূর্বক হিন্দু কালেজ পরিত্যাগ করিয়া নূতন কালেজে আগমন করিতেছে, ইহার প্রধান কারণ সেখানে পড়া ভাল হয় না।"[৫৩]

এই সময়ে সর্বশ্রেণির ছাত্রদের পাঠের দাবিও জোরদার আকার নিচ্ছিল। সরকারি মহলে কেউ কেউ সরকারি অর্থে শুধুমাত্র হিন্দুদের জন্য একটি উচ্চশিক্ষাকেন্দ্র কেন থাকবে—সে বিষয়ে প্রশ্ন করতে শুরু করেন।

এ প্রসঙ্গে বাংলা সরকারের এক সচিবের ২১ অক্টোবর ১৮৫৩ তারিখে কাউন্সিল অফ এডুকেশনের সচিবকে লেখা একটি পত্র বিশেষরকমে জরুরি। এই পত্রে স্বীকার করা হয় যে "That Government has not done for the encouragement of sound education in this Capital all that was desirable" অন্যদিকে "Agra, Delhi, Benaras and many other places of lesser note and interior important possess, each of them, a Government College." যা কলকাতায় নেই। হিন্দু কলেজ বিকশিত হচ্ছে বটে, কিন্তু সেই প্রতিষ্ঠানের এক বিশেষ চরিত্র আছে। ফলে উচ্চশিক্ষার ক্ষেত্রে প্রতিবন্ধকতা যথেষ্ট। সমস্যার সমাধানের উদ্দেশ্যে "Preserving the junior Department as it now is the council would break down the principle of exclusiveness on with the Hindoo College has indeed been conducted, and would throw the college open to all castes, classes, and creeds, noised standing the opposition of most of the Native managers." সরকার এটাও জানত যে, "The portion of that plan which appears open to objection is the proposal for the abolition of the exclusive character of the Hindoo College, and for its transmutation into a Government College open alike to all." অনেক কথার অন্তে সরকারি সিদ্ধান্ত হল, "A new general college should be established at Callcutta by the Government, and designated. The Presidency College, in order to distinguish it by name from all merely local and private institution, and in order to give it an official character".[৫৪]

সর্বসাধারণের পাঠের জন্য একটি প্রেসিডেন্সী কলেজ স্থাপনের প্রস্তাব করা হয় এবং সেটি হিন্দু কলেজের বিলোপসাধনের মাধ্যমে। এডুকেশন কাউন্সিলের তৎকালীন সচিব (F.J.Mouat) বাংলা সরকারের সিসিল বিডনকে (Cecil Beadon) ১০ মার্চ ১৮৫৪ তারিখে এক বিস্তারিত চিঠিতে নতুন কলেজ গঠনের বিষয়ে আলোকপাত

করেছিলেন। তাঁর ভাষায় হিন্দু কলেজের কোনো মালিকানা ব্যক্তিগত স্তরে নেই। এই কলেজে বিশেষ রকমের স্বার্থ জড়িয়ে আছে তিনটি ব্যক্তির, যাঁরা বংশপরম্পরায় কলেজের গভর্নর। এঁরা হলেন বর্ধমানের মহারাজা, প্রসন্ন কুমার ঠাকুর আর তাঁর ভাই। তিনি প্রস্তাব করেন যে এই ব্যক্তিদের পূর্বপুরুষরা হিন্দু কলেজ গঠনকালে যে অর্থ দান করেছিলেন, সেই অর্থে যদি তাঁদের আকাঙ্ক্ষিত ছাত্রবৃত্তির ব্যবস্থা বজায় রাখা যায়, তাহলে হিন্দু কলেজের প্রেসিডেন্সিতে রূপান্তর কোনও সমস্যার বিষয় নয়।

এ বিষয়ে পরিচালকদের সভায় প্রসন্নকুমার হিন্দু কলেজকে প্রস্তাবিত প্রেসিডেন্সি কলেজে রূপান্তরিত করায় অমত করেননি। তাঁর প্রস্তাব ছিল যে হিন্দু কলেজ গঠনে যে যে ব্যক্তি অর্থসাহায্য করেছিলেন তাঁদের নাম উৎকীর্ণ করে একটি ফলক যেন প্রেসিডেন্সিতে থাকে। দেবেন্দ্রনাথ ঠাকুর ও শ্রীকৃষ্ণ সিংহ নীরব ছিলেন। সরকারি প্রস্তাবের প্রবল সমর্থক ছিলেন রসময় দত্ত এবং প্রবল বিরোধী আশুতোষ দেব। সিনিয়র এবং জুনিয়র বিভাগের মধ্যে সামঞ্জস্য বিধান করে ছাত্রবৃত্তির পরিমাণে হ্রাস-বৃদ্ধি ঘটানো হয়। হিন্দু কলেজের জুনিয়র বিভাগকে হিন্দু স্কুলে পরিণত করা হল এবং মূল সংগঠকদের ইচ্ছানুযায়ী তার চরিত্র একইরূপ বজায় রাখা হয়। জুনিয়র বিভাগে মোট ছাত্রসংখ্যা সে বছর ছিল ১৯৭ এবং ছাত্রদের বেতন বাবদ মাসিক আদায় ছিল মোট ৮৪৫ টাকা। এই বিভাগে মোট শিক্ষকপদ বরাদ্দ হল ১০টি এবং পণ্ডিতের পদ ৪টি। এডুকেশন কাউন্সিল মাসিক বেতন ৫ টাকা থেকে হ্রাস করে ৪ টাকা ধার্য করে কিন্তু যাবতীয় অবৈতনিক ভর্তি বন্ধ করা হয়। মোটামুটি এমনই এক প্রস্তাবের খসড়া হিন্দু কলেজের প্রাক্তনী, রামগোপাল ঘোষও সিসিল বিডনের কাছে পাঠিয়ে ছিলেন।[১২] এইসব প্রস্তাব কলকাতায় গৃহীত হওয়ার পর ইংল্যান্ডে ইস্ট ইন্ডিয়া কোম্পানির কর্তাদের অনুমোদনের জন্য পাঠানো হয়েছিল। অনুমোদন পাওয়া গেল ১৮৫৫ খ্রিস্টাব্দের ১৫ জুন, হিন্দু কলেজ বিভক্ত হল। জন্ম নিল প্রেসিডেন্সি কলেজ ও হিন্দু স্কুল।

## তথ্যসূত্র


১। Narendra Krishna Sinha ed— *The History of Bengal* 1757-1965– Calcutta University, Calcutta– 1996, pp 218-19.

২। প্রভাতচন্দ্র গঙ্গোপাধ্যায়, *আত্মীয়সভার কথা*, কলিকাতা, ১৩৮১, পৃ. ৪

৩। *Education of the Natives of India on English Literature Extracts of letters from a gentleman of Rank India* 1816-17-18 India Office Library– London-এ রক্ষিত নথির প্রথম মুদ্রিত সংস্করণের প্রতিলিপি সুমতি রামস্বামী লেখককে সংগ্রহ করে দিয়েছেন।

৪। ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়; *সংবাদপত্রে সেকালের কথা*, বঙ্গীয় সাহিত্য পরিষৎ, কলিকাতা, ১৪০১, ২য় খণ্ড পৃ. ৩৪।

৫। Narendra Krishna Sinha– *Op. cit. p* 436.

৬। জয়ন্ত বাক্‌চি, শমীক বন্দ্যোপাধ্যায় ও দেবাশিস বসু, *কলিকাতা স্ট্রীট ডাইরেক্টরী* ১৯১৫, কলকাতা। নব কলেবরে প্রথম প্রকাশ ১৪২২, পৃ. ৬ এবং ১৩।

৭। Presidency College. Calcutta : *Centenary Volume* 1955, Calcutta– 1956. p 1.

৮। যোগেশচন্দ্র বাগল, "হিন্দু স্কুলের আদি পর্ব", *দেড়শত বর্ষপূর্তি স্মারক পত্রিকা*, হিন্দু স্কুল, কলকাতা, ১৯৬৭।

৯। Narendra Krishna Sinha—*Op.cit. p 437.*

১০। যোগেশচন্দ্র বাগল, *পূর্বোক্ত*।

১১। *তদেব*।

১২। *তদেব*।

১৩। West Bengal State Archives (WBSA)— *General Committee of Public Instruction [GCPI] Correspondence and Proceedings*– 16 May 1826.

১৪। *Ibid* ; 14 January 1826.

১৫। *Ibid;* Report of 1834-35.

১৬। Ibid ; Draft Report– 1840-41, 1841-42.

১৭। Presidency College Calcutta— *Centenary Volume*– 1953, Calcutta 1856, p 3.

১৮। শিবনাথ শাস্ত্রী, *রামতনু লাহিড়ী ও তৎকালীন বঙ্গ সমাজ*, কলিকাতা, ১৯৭৭, ৪র্থ পরিচ্ছেদ।

১৯। Narendra Krishna Sinha *Op.cit.* p 397

২০। ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, *পূর্বোক্ত*, পৃ. ১৩।

২১। *তদেব*।

২২। Narendra Krishna Sinha *Op cit p 164.*

২৩। বিনয় ঘোষ, *সাময়িক পত্রে বাংলার সমাজচিত্র*, কলিকাতা, ১৯৮০, ৩য় খণ্ড, পৃ. ৭৬।

২৪। WBSA; GCPI, *Correspondence and Proceedings*, Report Vol I– Pt 1.

২৫। WBSA GCPI, *Correspondence dated* 17 February 1830 and also the Draft Report– 1840-41, 1841-42.

২৬। *Ibid;* 8 June 1833.

২৭। *Ibid;* Correspondence– Vol 4/3 Pt II

২৮। *Ibid*

২৯। ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, *পূর্বোক্ত*, পৃ. ১৯।

৩০। *তদেব*।

৩১। *তদেব*।

৩২। WBSA, GCPI *Correspondence*– Vol 4/3 pt II

৩৩। যোগেশচন্দ্র বাগল, *পূর্বোক্ত*।

৩৪। বিনয় ঘোষ, *পূর্বোক্ত*, কলিকাতা, ১৯৭৮, ৫ম খণ্ড, পৃ. ৩০-৩১।

৩৫। WBSA, *GCPI*, Draft Report, 1840-41, 1841-42

৩৬। যোগেশচন্দ্র বাগল, *পূর্বোক্ত*।

৩৭। WBSA, *GCPI*, Draft Report– 1840-41, 1841-42

৩৮। *The Englishman & Military Chronicle*– 4 June 1838.

৩৯। WBSA— *GCPI*– Draft Report– 1840-41, 1841-42.

৪০। *The Friend of India*– 9 January 1840.

৪১। উদ্ধৃত, প্রসাদ সেনগুপ্ত, *হিন্দু কলেজ*, কলকাতা, ২০১৬, পৃ. ৯৬।

৪২। ব্রজেন্দ্রনাথ বন্দোপাধ্যায়, পূর্বোক্ত, পৃ. ২০। *The Friend of India*– 20 June 1839

৪৩। *The Friend of India*– 23 June 1839.

৪৪। ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, পূর্বোক্ত, পৃ. ৩০

৪৫। *The Friend of India*– 23 January 1840.

৪৬। *Ibid;* 27 February 1840.

৪৭। *Ibid;* 11 June 1840.

৪৮। *Ibid;* 24 March 1942.

৪৯। বিনয় ঘোষ, *পূর্বোক্ত*, ২য় খণ্ড, পৃ. ৪৫-৪৬।

৫০। বিনয় ঘোষ, *তদেব*, পৃ. ৫৯।

৫১। *তদেব*, পৃ. ৬৪ ।

৫২। *তদেব*, পৃ. ৬৫ ।

৫৩। *তদেব*, পৃ. ৬৭।

৫৪। উদ্ধৃত, প্রসাদ সেনগুপ্ত, *পূর্বোক্ত*

৫৫। WBSA, *General Department Proceedings* 13 April 1954.

# Hindu School – The Name is Enough

Swapan Bhattacharya

I can very well recollect the abundance of joy and sense of relief my parents had received on that day about 60 years back when they got the information confirming my selection for admission in Class III of Hindu School, Kolkata – in 1964. That was the time when they – and, in fact, almost all of our relatives, had been struggling to settle down in our country absolutely afresh after leaving whatever they had in their previous country – viz. East Pakistan (now Bangladesh). The state had been leading from the front in rebuilding our nation and the entire generation of this migrated population, still basking in the satisfaction of playing a significant role during the fight for freedom of our country, was ready to do whatever needed to be done, in helping the state towards this process of nation building. However, like every member of this migratory population, the bottom line for realization of whatever dreams my parents had to ensure reasonable standard of life in future was to arrange for 'quality education' for their kids. As representatives of a population with humble background, they had no idea about Indian school education system at that time. However, based on whatever information they could assimilate, they were confident about one aspect – getting their son admitted to Hindu School would be the first step – and, by far, a major one – in fulfilling their dreams. That was 'Hindu School' for all of us – the name was enough – and, in spite of many ups and downs during the last several decades, this name still stands tall and sounds same sweet, melodious and of course, nostalgic to me – and I do believe, to all the alumni of this great Institution – where the name is enough and it does not require any qualifier or substantiation.

At the outset, let me make an unambiguous submission without any pre-qualifier – whatever I am today and wherever I am today – has its roots in the training received during school days – of course, in sync with the ethos and value system inherited from family and absorbed from society. Seamless integration of individual aspiration, family expectation and societal responsiveness is by no means any trivial job. This issue has to be addressed right at the formative stage of life during school days – as otherwise it may result in social tension and sub-optimal performance of nation. It is precisely in this perspective that training we have received during school days helped us in negotiating various challenges during the journey of life for 50+ years post-school. This intangible aspect of the ambience within school has been the most significant contribution of this great Institution in shaping our life.

To highlight the salient features of training received during my school days from traditional 'academic' perspectives, we had been made to understand – 'science' is not merely a subject to learn, rather a way of life – teaches to concentrate on developing an acumen to enhance power of observation rationally and logically with analytical mindset. Similarly, 'history' is not just an assimilation of huge amount of information, rather this study helps understand the evolution of 'Indianism' as a philosophy through seamless absorption of various cultures over centuries of years – and, showcasing the power of 'unity in diversity' to the entire world. It can very well be said that our training in mathematics – in breadth as well as in depth – had been amongst the best at that time. It is from our teachers in Mathematics that I had learnt about the significance of the process followed in solving a problem – and, in fact, in many instances the process may be more important than the final solution. This particular aspect resulted in consistently good results of our students – in subjective as well as competitive examinations. If I remember correctly, our school had at least 2 students in the merit list of top 10 of overall category in school leaving examination conducted (after successful completion of studies in Class XI in school) by West Bengal Board of Higher Secondary Education – every year since the commencement of 11yr Higher Secondary System in 1959 till the year of school leaving examination of our batch, viz. 1973.

Greatness of a school primarily depends on its ability to create and provide a platform where its students can mix up amongst themselves without any impact of individual social and/or financial background. Precisely this is the characteristic where our beloved school had evolved as a role model over many decades – of course, simultaneously maintaining highest level of academic standards with impeccable consistency – and thereby developing a large number of successful alumni members in practically every sphere of life – social, academic, industrial, bureaucratic etc. – all over India and abroad. It is also to be noted that pursuing academics with highest level of seriousness and concentration did not distract our students from the concerns of vast population of our country struggling to live at least some minimum level in quality of life.

In our days, admission windows for our school were available mainly in several Classes I, III, VI – with provision for a few entries at higher class. It is so amazing to recollect the ease with which any new entrant could easily mingle with an existing class in no time. Participation in football in the ground floor open space during whatever little time we had during classes would provide an opportunity, together with several other such channels, to develop a sense of bonding amongst students with widely diversified backgrounds and entry points to school. It is so amazing to note, that strength and intensity of bonding amongst us still remain even after 50+yrs since we have come out of our school.

Now that 50 long years have passed since we have completed our school days, it is quite natural for the school education system to evolve through significant changes in the meantime. Expectations of the society from a school have also made paradigm shift. 'Education' is now practically labelled as a 'product' and 'student' as a 'customer'. Pursuing studies in mother tongue has been made to be perceived as weakness of a student – even though time-tested observation clearly indicates how our school education based on the language and culture of our roots played hugely pivotal role in developing a large base of alumni in building successful career with distinction. Typical terminologies applicable for a market-driven economy like 'product development', 'customer satisfaction', 'market creation and management' and so on have also become associated with school education – overtly or covertly. While not denying the importance of study beyond school hours, the dangerous trend of undermining the importance of classroom teaching being accorded legitimacy by the society is alarming. I do remember, with profound respect and pride, our school teachers and feel myself extremely fortunate in getting the opportunity of attending their lectures in classroom. It can be documented, with reasonable amount of confidence, that the level of lectures generally made by our school teachers in classes would be extremely difficult to be matched by the lectures available outside classes – and hence, these out-of-school classes can at most be considered as a supportive role to whatever is taught in school. Furthermore, phenomenal advancements in technology have led to deployment of various kinds of fancy advertisements and communication channels to the extent - where parents and students are very often confused in choosing proper school and methods of study.

Finally, it may not be unreasonable to say – a 'good' institution ensures its students to have a successful career – and a 'great' institution creates great personalities with eternal human values – and that's where 'Hindu School' shines as a role model for the society in terms of 'greatness'.

# প্রথম দিনের স্মৃতি

আশিস হালদার

১৯৬২ সাল। জানুয়ারি মাসের সকাল। তখনও অন্ধকারের রেশ পুরোপুরি কাটেনি। সূর্যদেব সবেমাত্র উঁকি দিতে শুরু করেছেন। আমি চলেছি বাবার সাথে হিন্দু স্কুলে প্রথম দিনের পাঠ নিতে। সাথে চামড়ার স্যুটকেসে আছে খাতা পেনসিল টিফিন ইত্যাদি। তখনও বাক্সের গায়ে নাম লেখা হয়নি।

আধফোটা আলো-আঁধারিতে এসে দাঁড়ালাম গিরিশপার্কের মোড়ে। এখান থেকে রওনা হয়ে নামব মহম্মদ আলি পার্কের কাছে। তারপর হেঁটে গোলদীঘির পাশে স্কুলে পৌঁছানো।

বাঘমার্কা লাল সরকারি বাস আসতেই উঠে পড়লাম। সে সময় এখনকার মতো নীল বেসরকারি বাসের আধিক্য ছিল না। এই সুপ্রভাতে যাত্রীসংখ্যা অপ্রতুলই ছিল। ফাঁকা জায়গায় বসে পড়লাম। মাথার মধ্যে বার বার সতর্কবাণী ভেসে উঠছে—দমকলের পরই মহম্মদ আলি পার্ক। ওখানেই নেমে হেঁটে যেতে হবে স্কুলে।




ঐতিহ্যের ছবি

বোধহয় দশ মিনিট সময়ও লাগেনি—নির্দিষ্ট জায়গায় বাস দাঁড়াল। দেখেই শশব্যস্ত হয়ে নেমে পড়লাম। সাথে বাবাও নেমে পড়ল বাস থেকে। আর তারপরই বোঝা গেল দুর্ভাগ্যজনক ঘটনাটা। স্যুটকেস রইল বাসে। উত্তেজনার বশে রিক্তহস্তে নেমে পড়েছি বাস থেকে দুজনেই।

তারপর হিন্দু হস্টেলের সামনে দিয়ে গুটিগুটি পায়ে চললাম স্কুলের দিকে। সঙ্গী ছিল অবিশ্রান্ত ভর্ৎসনা। এই দুর্ভাগ্যকে স্মৃতি করেই পৌঁছালাম স্কুলে। স্কুলে ঢুকে বাঁদিকে চওড়া সিঁড়ি দিয়ে উঠে দোতলায় প্রথম ঘরই ছিল আমাদের ক্লাসরুম। সেখানেই গিয়ে বসলাম। সাথে লেখাপড়ার কোনো জিনিসপত্রই নেই। উপরন্তু এক অজানা আশঙ্কায় ভীত

হয়ে আছি। নির্দিষ্ট সময়ে আমাদের সচকিত করে পেটা ঘণ্টা পড়ল। প্রার্থনার পর ক্লাস শুরু হল। শ্রেণিশিক্ষক হিসেবে এসেছিলেন শ্রদ্ধেয় পূর্ণেন্দুবাবু। প্রাথমিক পরিচয় শেষে তিনি খাতা বার করে লিখতে বললেন। কিন্তু আমি নিরুপায়। আমার অবস্থা দেখে তিনি জানতে চাইলেন ব্যাপার কী ? সবিস্তারে বললাম ঘটনাটা।

তখন তিনি আমাকে সঙ্গে নিয়ে একতলায় সিঁড়ির পাশে দারোয়ানদের টেবিলের কাছে গিয়ে খাতা রবার পেনসিল সংগ্রহ করে ক্লাসে পাঠিয়ে দিলেন। এদিকে বাবা গেছেন বাসের প্রান্তিক জায়গায়—সেখানে স্যুটকেস জমা পড়েছে কিনা জানতে। শেষে জানা গেল স্যুটকেস জমা পড়েছে, কিন্তু প্রমাণ ছাড়া ফেরত পাওয়া যাবে না।

অতএব আবার প্রমাণ দেবার পালা। ব্যাগ গোছানোর মালিক, অর্থাৎ আমার মা বিশদ হদিশ দিলে তবেই ফেরত পাওয়া গেল স্যুটকেস। দু-ঘণ্টা পরে সেটি দারোয়ানের হাত ঘুরে ফিরে এল আমার কাছে।

ছুটির পর বাবা পূর্ণেন্দুবাবুর সাথে আলাপ করলেন। ওঁর ছেলে সুকুমার মুখার্জি একই সঙ্গে ওই ক্লাসেই ভর্তি হয়েছিল। সে আমার সহপাঠী। আরও কয়েকদিন যাতায়াত করতে করতে জানা গেল সুকুমারদের বাসাবাড়ি আমাদের বাড়ির খুব কাছেই। ক্রমশ সৌহার্দ্যের সম্পর্ক গভীরতর হল। তারপর থেকে আমি ও সুকুমার মাস্টারমশাইয়ের সাথে একসঙ্গে যাতায়াত করতাম। পরবর্তীকালে দিবা বিভাগ হয়ে মাস্টারমশাই সংস্কৃত কলেজিয়েট স্কুলে বদলি হয়ে যান।

সুকুমারদের সাথে পারিবারিক সম্পর্ক দীর্ঘকাল বজায় ছিল। সুকুমারের উপনয়নে বর্ধমান জেলার বনপাশে নেমে বিল্বগ্রামে যাবার সৌভাগ্য হয়েছিল। ওখানেই প্রথম গোরুরগাড়িতে চাপা ও মাটির তৈরি দোতলা বাড়িতে থাকার অভিজ্ঞতা হয়েছিল। এ সমস্তই আমার স্মৃতির মণিকোঠায় ভাস্বর হয়ে আছে।



এখন তো ঠান্ডা জল!

১৯৬২ সালে ভর্তি হয়ে ১৯৭৩ সালে উচ্চমাধ্যমিকে উত্তীর্ণ হবার পর প্রত্যেকেই কর্মক্ষেত্রে ভিন্ন ভিন্ন ক্ষেত্রে ছড়িয়ে পড়ি। এখন জীবনসায়াহ্নে উপনীত। কর্মক্ষেত্র থেকে অবসর হয়েছে অধিকাংশেরই। অনেকের পুত্র কন্যারা বিদেশেও প্রতিষ্ঠিত।

স্কুলের গণ্ডি পার হওয়ার পর অর্ধশতাব্দী কেটে গিয়েছে। এখনও কিছু পুরাতন বন্ধুর সঙ্গে পারিবারিক সম্পর্ক বজায় আছে। প্রাক্তনী ৭৩-এর মাধ্যমে বছরে কয়েকবার সপরিবারে মিলিত হই। পুরাতন শিক্ষকদের নিয়েও সম্মিলিত হয়েছিলাম কিছুকাল আগে। পুরোনোদিনের স্মৃতিচারণের মাধ্যমেই আমাদের অনাগত পথের দিকে এগিয়ে চলা

# স্মৃতি সতত সুখের

## প্রবীর রায়

সেই ১৯৬৭ সালের কথা। আমি তখন স্কটিশ চার্চ স্কুলে পড়ি। আমার মায়ের খুব শখ ছেলেকে হিন্দু স্কুলে পড়াবার। তাই অ্যাডমিশন টেস্ট দিয়ে ক্লাস সিক্সে ভরতি হলাম। সব নতুন ছাত্রদের নিয়ে একটা নতুন সেকশন VI-C. মোট ৩০ জন ছাত্র, সবাই বিভিন্ন স্কুল থেকে এসেছে। এরসাথে পুরোনো ছাত্রদের নিয়ে আরও দুটো সেকশন VI-A ও VI-B. আলাপ হল সবার সাথে, বিশেষ ভাবে জুটি বাঁধলাম আভাস, পৃথ্বীশ আর গৌতম গোস্বামীর সাথে। এই বন্ধুত্ব ক্লাস ইলেভেন অবধি অটুট ছিল।

ক্লাস সিক্সের একটা ঘটনা আমার খুব মনে আছে। সেটা হল অ্যানুয়াল পরীক্ষার অঙ্কের পেপার। প্রথম বছরেই ওই একটা পেপার আমাদের বুঝিয়ে দিল কেন হিন্দু স্কুল অন্য আর সব স্কুলের থেকে আলাদা। ঘটনাচক্রে আমি ৬৭ পেয়ে ওই পেপারে প্রথম হয়েছিলাম, কিন্তু তিনটে সেকশন জুড়েই সেই পরীক্ষার দিন একটা ভূমিকম্প হয়েছিল। জীবনে যত অঙ্কের পরীক্ষা দিয়েছি, আমার মনে হয় তাদের মধ্যে সবচেয়ে শক্ত ছিল ওই পেপারটা। এরপর আস্তে আস্তে আমরা হিন্দু স্কুলের কালচারের সাথে একাত্ম হয়ে পড়লাম। বাজারে তখন দুটো কথা খুব চালু ছিল। এক, হিন্দু স্কুলের ছেলেরা আগে থেকেই কোশ্চেন পেপার পেয়ে যায়, তাই তারা হায়ার সেকেন্ডারি পরীক্ষায় এতো ভালো রেজাল্ট করে। দুই, স্কুল কিছু বাছাই করা ছেলেদের নিয়ে আলাদা ভাবে পরীক্ষার জন্য তৈরি করে। এই দুটোই খুব ভুল ধারণা। সেটা স্কুলের প্রাক্তনী হিসেবে হলপ করে বলতে পারি। সত্যি বলতে কি, স্কুলের আসল সফলতা যে কতো জন স্ট্যান্ড করেছে— তাতে নয়। আসল সফলতা হল সব ছাত্রদের সমবেত রেজাল্ট। আমার মনে হয় না ওই সময়ে পশ্চিমবঙ্গে এমন কোনো স্কুল ছিল যে এভারেজ রেজাল্টে হিন্দু স্কুলের ধারে কাছে আসতে পারে। আরেকটা ভুল ধারণা ছিল যে পশ্চিমবঙ্গের বাছাই করা ছাত্ররাই এই স্কুলে চান্স পায়। আমার মনে হয় স্কুলের আশিভাগ ছাত্রই দশ কিলোমিটার ব্যাসার্ধের মধ্যে থাকতো। আসলে স্কুলের সম্পদ শুধু ছাত্ররাই নয়, আমাদের পরম পূজনীয় মাস্টারমশাইয়েরাও। তখনকার দিনে সরকারি স্কুলে চাকরি করে ওনারা কত টাকা উপার্জন করতেন বলতে পারবোনা, কিন্তু প্রতিটি মানুষকে সোনা দিয়ে মুড়ে দেওয়ার মতো যোগ্যতা এবং প্রতিভা ছিল। কাকে ছেড়ে কাকে বলবো, বরেন বাবু, অজিত বাবু, মৃণাল বাবু, কাশীনাথ বাবু, সমরজিৎ বাবু, রাধেশ্যাম বাবু এবং বাকি সবাই নিজের নিজের বিষয়ে এক একটি নক্ষত্র ছিলেন। কারও কোনো পক্ষপাতিত্ব ছিল না, প্রত্যেকটি ছাত্রকে মাটির তাল থেকে মূর্তি গড়ার মতো মানুষ বানিয়েছেন। শুধুমাত্র পড়াশোনা নয়, ওনাদের নিষ্ঠা এবং সততা আমাদের সবাইকে উদ্বুদ্ধ করেছে মানবিকতাকে সবার ওপরে স্থান দিতে।

আবার ফিরে আসি স্কুলের গল্পে। স্কুলটা আমাদের শুধু পড়াশোনার জায়গা ছিল না, একসাথে একদল দামাল ছেলের শৈশব ছেড়ে কৈশোরে পা দেওয়ার আঁতুড় ঘর ছিল। আমাদের একটা বিশেষ আকর্ষণ ছিল ক্লাস শুরু হওয়ার আগে মাঝের সিমেন্টের উঠোনে একটা রাবারের বল নিয়ে পেটাপেটি করা। তারপর ঘণ্টা বাজলেই ঘামে ভেজা শরীরে এক ছুটে ক্লাসে এসে বসা। একটু মারকুটে বলে আমার খুব বদনাম ছিল। আমার সাথে সংঘর্ষে জ্যোতিষের পা ভাঙা আর সোমেশ্বরের হাত ভাঙা দুটো কলঙ্কজনক অধ্যায়। আমি তোদের দুজনের কাছেই ক্ষমাপ্রার্থী।

অনেক কিছুই বিক্ষিপ্ত ভাবে মনে পড়ছে। আমার তখন ক্লাস নাইনে পড়ি। টিফিনের ঘণ্টা বেজেছে। এক কোণে থেকে কেউ একজন চেঁচিয়ে উঠলো, “এক বেচারা...”। আর সাথে সাথেই সমস্ত ক্লাস গর্জন করে উঠলো, “হা...”। বাইরে দিয়ে তখন মৃণাল বাবু হেঁটে যাচ্ছিলেন। ক্লাস নাইনের ধেড়ে ছেলেগুলোকে একসাথে ক্লাসের বাইরে নিল ডাউন করে দিলেন। বাইরে তখন নিচু ক্লাসের ছাত্রদের ভিড়। কি লজ্জা। আর সেদিন প্রথম স্কুলের ভিতরে বোমা ফাটলো। স্কুলের একটা নতুন অধ্যায় শুরু হল।

সত্তর, একাত্তর, বাহাত্তরে রাজনীতির আগুনে যখন পশ্চিমবঙ্গ জ্বলছে, তখনও হিন্দু স্কুল স্বমহিমায় শিক্ষা জগতে এক উজ্জ্বল ব্যতিক্রম হিসেবে জ্বলজ্বল করেছে। সব প্রতিবন্ধকতার মাঝেও আমরা স্কুলে আসতাম, মাস্টারমশাইয়েরা পড়াতেন। শিক্ষা জগতের অরাজকতা আর রাজনৈতিক টানাপোড়েন আমাদের স্কুলের রেজাল্টের ওপরে কোনো প্রভাব বিস্তার করতে পারেনি।

এই মুহূর্তে একজনের কথা খুব মনে পড়ছে। অতনু ব্যানার্জী। গৌতম, পৃথ্বীশ, অতনু আর আমি প্রায়ই ছুটির পর স্কুল থেকে হাঁটতে হাঁটতে আর গল্প করতে করতে বাড়ি ফিরতাম। বিবেকানন্দ রোডের মোড় থেকে অতনু সোজা হাতিবাগানের দিকে চলে যেতো আর আমরা ডানদিকে ঘুরে মানিকতলা বাজারের দিকে যেতাম। অতনু আর আমাদের মাঝে নেই। ওর সেই সুন্দর, সুপুরুষ চেহারা এখনও চোখে ভাসে।

জীবনের সবচেয়ে সুন্দর সময়, আমাদের teen age আমরা এই স্কুল জীবনেই কাটিয়েছি। প্রথম বাড়িতে লুকিয়ে সিনেমা দেখা, কলেজ স্কোয়ারের রেলিংয়ের পেছনে বসে প্রথম পর্নোগ্রাফি দেখা, জীবনের একমাত্র প্রেম—সবকিছুই ঘটেছিল এই স্কুল জীবনে। বয়সের ভারে স্মৃতি দুর্বল হয়ে গেছে, সব বন্ধুদের মুখ আর মনে পড়ে না। তবু যদি কেউ টাইম মেশিন দিয়ে আমার অতীতকে ফিরিয়ে দিতে পারে তবে আমি ফিরে যেতে চাইবো আমার স্কুল জীবনে, ফিরে পেতে চাইবো আমার সব পুরোনো বন্ধুদের। তার সাথে চাইব আমাদের পুরোনো মাস্টারমশাইদের, যারা বটগাছের মতো আমাদের জীবনে ছায়া দিয়েছেন।

# আমার হিন্দুস্কুলের স্মৃতি

## জ্যোতিষ্মাণ দাশগুপ্ত

"কী গাব আমি, কী শুনাবো আজি আনন্দধামে।
পুরবাসীজনে এনেছি ডেকে তোমার অমৃতনামে।।"

হিন্দু স্কুল বাংলার শিক্ষা আর সংস্কৃতির গত তিন শতাব্দীর ইতিহাসের একটি বর্ণাঢ্য অধ্যায়। তার অপূর্ব বর্ণচ্ছটার একটি টুকরো আমার জীবনে পড়েছিল ১৯৬৪ থেকে ১৯৭২ অবধি, যার পরিণতিতে আমি আজ আমি। আমার প্রবাসী বাঙালি সম্প্রদায়ে পরিচিতি হিন্দু স্কুলের ছাত্র, কলেজ জীবনে "হিন্দুস্কুল" product, পরিবারে ধারণা হিন্দু স্কুলে পড়েছে। সব মিলিয়ে একটা কেমন যেন দায়িত্ব, স্বপ্নের সত্যেন বসু, প্রতাপচন্দ্র চন্দ্র, আর প্রতি বছর কাগজের প্রথম পাতায় আসা কৃতি ছাত্রদের উপযুক্ত উত্তরসূরি হওয়ার। আজ প্রায় ৫৫ বছর পরেও, যেন ওই রঙ টুকুর সম্মান নিয়েই জীবনটা যেন কাটছে।

'৬৪-র নতুন ছেলে ক্লাস III-B তে। সাথে অসীমজীবন বসু, স্বপন ভট্টাচার্য, কুন্তল বিশ্বাস, দেবনাথ ঘোষ, তাপস সেন, আরও অনেকে; সবাই আজ দক্ষ, কৃতিবিদ্ব, প্রতিষ্ঠিত বরিষ্ঠ নাগরিক; কেউ বা পার্থিব জীবন থেকে উত্তরণ করে অজানার দেশে নাগালের বাইরে। পুরোনো ছেলেরা যারা Class-I বা Class-II থেকে পড়ে এসেছিল তাদের ভেতর গৌতম ঘোষ, দীপঙ্কর চক্রবর্তী, সোমেশ্বর ভৌমিক, রাণা রায়, বিপ্লব ভাওয়াল, তীর্থঙ্কর মিত্র, দেবাশীষ ভট্টাচার্য্য আরও অনেকে আমাদের সাথে একসাথে হয় Class-IV এ। আমার পুরোনো স্কুল ছিল উত্তর কলকাতার একটি খ্রিস্টান মিশনারি স্কুল, চারিদিকে বাগান, মাঠ আর ছোটার জায়গা। প্রথম বছরটি তাই একটু হয়ত নিস্তরঙ্গা কাটলে পরের বছরগুলো একটা অনাবিল আনন্দে কেটেছিল ১৯৭২ অবধি কান্না-হাসির দোলায়। পরে প্রতি দুবছর পরপর নতুন বন্ধু হয়েছে স্কুলের যাত্রায়, যারা আমাদের আরও সমৃদ্ধ করেছে। করেছে পরিপূর্ণ।

আমাদের প্রজন্মের এখন নাম baby-bloomers, আমাদের ব্যবহার বা মানসিকতায় প্রাক স্বাধীনতার বাঙালী চিন্তাধারা একেবারে গাঁটে গাঁটে গেঁথে আছে। পৃথিবীর যে প্রান্তেই থাকি না কেন এ রঙ ধোয়ার নয়। আমাদের কাছে তখনও রবীন্দ্রনাথ, মাইকেল মধুসূদন প্রণম্য; কল্লোলযুগের কাজী নজরুল, বুদ্ধদেব বসু, বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়, শরৎচন্দ্র, প্রমথনাথ বিশী, বিমল মিত্র, শিবনাথ চক্রবর্তী ঐতিহ্য বজায় রেখেছেন। গান-কবিতা, সিনেমা, নাটকের জগতে চারিদিকে দিকপালরা উঠে এসেছেন। সব মিলিয়ে যে রাজনৈতিক অবস্থাই চলুক না কেন, বাঙালি তখন মাথা উঁচু করে কথা বলতে পারে।

আমাদের শিক্ষিকা-শিক্ষিকরা এবং পরিজনরা একটা নতুন আশা নিয়ে আমাদের দেখতেন। দুষ্টুমির জন্য নির্যাতনের ভেতরেও একটা করুণা দেখেছি ওনাদের চোখের কটাক্ষে। ত্রুটি-বিচ্যুতিতে ভয় পেয়েছি মার খাওয়ার, কিন্তু শাসনের নয়। ভালোবাসাটুকু উজাড় করা আলিঙ্গানে পাইনি, পেয়েছি মাথার ওপর একটা নরম হাতের ছোঁয়ায়। এঁদের নাম করলে যাঁরা বাকি পড়ে যাবেন তাঁদের কাছে দোষ করা হবে বলে কারোরই নাম উল্লেখ করতে পারছিনা। ওঁদের একটা আশা ছিল সমাজ আর অর্থনৈতিক অবস্থার উন্নতির আমাদের অবদানের, যেটা

প্রত্যক্ষভাবে আমি আর আমার কিছু সতীর্থরা হয়তো রাখতে পারিনি, তবে ভবিষ্যতে যতটুকু নিজস্ব কর্মক্ষেত্রে সৎভাবে আর নিঃস্বার্থভাবে করতে পেরেছি সেটাই আমাদের গুরুদক্ষিণা। আমাদের নাম করা কয়েকজন সতীর্থ শিক্ষক হিসেবে, বা ডাক্তার হিসেবে নিজেদের কর্মজীবন নিযুক্ত করেছে সম্মানের সাথে; তাদের কাছে আমি কৃতজ্ঞ।

আমরা বেশিরভাগ বন্ধুরাই খুব একটা স্বচ্ছল পরিবারের থেকে আসিনি। অনেকেরই পরিবার দেশভাগের সর্বনাশা বিপর্যয়ে মোটামুটি বিধ্বস্ত। পড়াশোনাটা ছিল সামাজিক উন্নতির একমাত্র পাথেয়। সরকারী স্কুলের খরচাপাতি আমাদের সবার পক্ষেই সম্ভব ছিল। তবে হাত খরচা হিসেবে কিছু একটা পাওয়া যেত না। সকালে ট্রামের প্রথম শ্রেণিতে না উঠে দ্বিতীয় শ্রেণিতে উঠলে কটা পয়সায় বাঁচত। আর বিকেলে হেঁটে ফিরলে তো অনেকটাই সেভিং। অল্প বাঁচানো কটা পয়সায় যেটুকু আম-আদা বা হজমীগুলি পাওয়া যেত, বা দুর্যোধন নামের পিওনের কাছ থেকে পাওয়া নুন-মরিচ দেওয়া শশার টুকরো অমৃত ছিল টিফিনের সময়ে।

আমাদের পাঠ্যক্রম বা সিলেবাসটা বিশাল ছিল না। কিন্তু যথেষ্ট দূরুহ বিষয়গুলো তার ভেতরেই পড়িয়ে দেওয়া হত। আর পড়াশোনাটা স্কুলের মূল লক্ষ্য হওয়ার সুবাদে আমাদের মনঃসংযোগের অভাব হয়নি। বেশি করে সেসব বিষয়ে আমাদের জানার ইচ্ছে ছিল, যেগুলো মনে হয়েছিল ভবিষ্যতে আমাদের কাজে লাগবে। যা শেখানো হত মোটামুটি মনে ধরে রাখতাম। মোটামুটি বলা যায় যা তখন শিখেছি তা মনেও রাখতে পেরেছি আজ পর্যন্ত। বাসায় বড়োরা কখনো কখনো পড়াশোনা দেখতেন, তবে অন্যদের সাথে কখনোই তুলনা করেননি। হাফইয়ারলি পরীক্ষার খাতা বাড়িতে এনে সই করে ফেরত নিয়ে যেতে হতো, কখনো অন্যদের মার্ক নিয়ে কথা হয়নি, আমার মার্ক যতই লজ্জাজনক হোক না কেন।

পড়াশোনার বাইরে অনেক অবকাশ ছিল চোখ খুলে স্বপ্ন দেখার আর গল্পের বই পড়ার। সুযোগ ছিল গান, কবিতা, প্রবন্ধ, নাটক, বিতর্কের, এবং তার প্রচলন ছিল প্রাইমারী, সেকেন্ডারি ও আরও পরের ক্লাসের তিনটি ভাগেই। ১৯৬৭ তে স্কুলের ১৫০ বছর পূর্তি উপলক্ষে তখনকার রাজ্যপাল শ্রীধর্মবীরের সামনে প্রিয় বন্ধুরা রবীন্দ্রনাথের বাল্মীকি প্রতিভার এক অপূর্ব উপস্থাপনা করেছিল। পরে ১৯৭০ সালে এক অভূতপূর্ব সুযোগ আসে আমাদের কয়েকজনের; কর্ণাটক প্রদেশের দাভনগেরে শহরে পশ্চিমবঙ্গের আরও দুটি স্কুলের সাথে ন্যাশনাল ইন্টিগ্রেশন ক্যাম্পে যোগদান করার। ভারতের ৫টি প্রদেশের ছাত্ররা এসেছিল নিজেদের প্রদেশের সংস্কৃতি এবং জীবনধারার একটি ঝলক অন্যদের দেখানোর জন্য। তখনও টিভি আসেনি; ওড়িয়া, কেরালা, গুজরাট, পাঞ্জাবের ছেলেরা কত ভালো গায় আর নাচে, সেটা আমার প্রথম অভিজ্ঞতা। ওই ক্যাম্পের সাথে পন্ডিচেরী অরবিন্দ আশ্রমে দুদিন কাটানো একটা বিরাট বাড়তি পাওয়া।

স্কুলে খেলাধুলার খুব একটা ভালো সুযোগ-সুবিধা ছিল না। বছরে একবার স্পোর্টস ডে হত, তবে তার প্রাইজগুলো কে কে পাবে তা ছিল বাঁধাধরা। বাকি দিনগুলো নিজেরাই উঠোনের ওপর কম্পিটিশন করে নিতাম। প্রাইমারী স্কুলে Lame-man-এর inter-class কম্পিটিশন হত আর ওপরের ক্লাসে ছোটো বলে বাঙালীর খেলা ফুটবল। স্কুলে পৌঁছতাম স্কুল শুরু হওয়ার প্রায় একঘণ্টা আগেই। খেলা চলতো রোদ-বৃষ্টিকে উপেক্ষা করে। Class X-এ একবার বৃষ্টি ভেজা শরীরে প্রথম অঙ্কের ক্লাসে ঢোকামাত্র অতিপ্রিয় ক্লাস টিচার আমাদের সবাইকে last-bench-এ পুরোদিনের জন্য দাঁড় করিয়ে রেখেছিলেন। আর জানালার বাইরে রাস্তার ওপারে কফি হাউসের জানালায় বড়ো দাদা-দিদিদের ভীড়। বুড়ো ছেলেগুলো কি দোষে ভেজা জামায় এই শাস্তি পেলো সেটা জানতে উৎসুক লোকের অভাব হয়নি।

১৯৭৩-এ স্কুল ছাড়ার পর থেকেই কলকাতা ছাড়া। প্রায় অর্ধ শতাব্দী হল কর্মসূত্রে পশ্চিম আর দক্ষিণ ভারতের বিভিন্ন জায়গায়। এখন পিতা থেকে পিতামহ উপাধিতে নতুন পরিচয়। ফিরে দেখার এই সুযোগটা পেয়ে খুব খুশি হয়েছি। আমার হৃদয়গ্রন্থির ঝঙ্কার থেকে যেটুকু সুর বেরোয় তার তালিমটা বহু বছরের পুরনো বন্ধুদের স্নেহধন্য হিন্দু স্কুলেই বাঁধা রয়ে আছে।

তবু মনে রেখো, যদি দূরে যাই চলি,
সেই পুরাতন প্রেম যদি এককালে
হয়ে আসে দূর স্মৃত কাহিনী কেবলি,
ঢাকা পড়ে নব নব জীবনের জালে।

# My Golden Years
# 1962 to 1973 in Hindu School

Gautam Ghosh

I joined Hindu School in Class I in the year 1962, It was precisely on 2nd January 1962 when in the 1st floor of Hindu School 1st left corner room we 30 friends of Class I batch 1962 assembled. Our class Teacher was Sri Purnendu Mukherjee who probably used to teach us Bengali.

During the decades of Sixties and Seventies Hindu School was a stellar school having its own pride as well as legacy of producing brilliant students every year. There was not a single year till probably 1975 when in the first 10 places of Higher Secondary toppers at least 2 or 3 students will be from Hindu School irrespective of the Stream I,e Science, Technical, Commerce and Humanities. Hence there was severe competition to join this school. I distinctly remember about 700 students appeared for the Class I entrance examination and 30 students were finally selected for admission in Class I.

Out of 30 friends over the years many had to leave school due to their academic results not suiting the progression of Academic Standards of Hindu School but still we totaling 11 friends continued our journey till the Higher Secondary Examination of 1973 (the then HS Examination was after the end of Class XI final tests). The friends who completed all these eleven years with me were Biplab Bhowal, Someswar Bhowmick, Prasad Banerjee, Dipankar Chakraborty, Tirthankar Mitra, Ashis Halder, Atanu Banerjee, Rana Roy, Sukumar Mukherjee , Aditya Boral and myself.

While studying at Jadavpur University Mechanical Engg at 5th year Professor of Machine Tools told us in a class that " School and College years are your golden age and when you will go for jobs it will be Stone age". While in the prime of the youth at the age of 22 years we laughed at this statement of Prof Asit Baran Chattopadhyay but later on when we entered the professional field I realized that yes our School years were really Golden Years of our life.

The experience of studying at Hindu School was really a great feeling and bondage of friendship. Even after 50 years of leaving our school and entering different professions we are still in regular touch with majority of the above friends and with their families. During the course of time we got introduced to several new friend who joined in Class III, Class V, Class VI and Class IX. We still maintain a close contact with 30 friends who passed out Higher Secondary Examination from Hindu School in 1973.

When we joined the School Kanai Lal Mukhopadhyay was our Head Master who was President's award winner for Best Teacher. Shailo Ranjan Gupta was Morning Section Teacher In Charge. Most of the teachers in the morning section were Lady teachers like Asha di, Meena di, Bina di, Indira di ,Rama di,Kana di and our teachers were Dharani babu, Upen Babu , Purnendu Babu, Biresh Babu Akshoy Babu etc. The discipline in the school was quite strict and we had to assemble by 6 or 6.30 AM in the morning during Summer time and probably by 7 AM in the winter session and we had school up to 10.30 AM from Monday to Friday and probably Saturdays probably we had early offs. The love and affection we got from all these teachers are still etched in my mind. Once I remember at class V half yearly Examination on Bengali Paper day I had high fever but I insisted with my mother that I had to go to school for appearing in the examination. We reached school on time and mother went and told Kana di that I am suffering from high fever but she told my mother do not worry I will take care of your son. During the whole examination time every now and then she came and kept her hand on my forehead to check my temperature with the same motherly care.

Apart from studies we were made to learn Drawings by Biresh Babu who was a hard task master and used to give punishment on our skulls with punch of lot of rings in his hands if the sketch is not up to the mark. Unfortunately as my sketching or drawing was no good at those days I had got those wraps on many occasions. Then Dharani Babu was our Music Teacher from Class II or Class III we were taught several Rabindra Sangeet like "Ananda Loke Mangala Loke" etc but he was also a hard task master and if there is a disruption in the song he used to throw duster on the specified student who had missed the line . Our friend Atanu Banerjee had to take some of his duster throw a couple of times.

The only missing item was not having a proper play ground in the school except we had a Cement floored ground in the ground floor where we used to play during the tiffin time but our Annual Sports etc used to be held in Presidency College Ground and some practices for Sports etc we used to have on Hare School ground.

In 1967 we got promoted to Class VI and moved to Day Section from the Morning Section and from class III onwards we used to have two sections Section A and B. From Class VI we had three sections i.e Section A, Section B and Section C. The Class timings got changed from 11 AM to 4.30 PM.In Class VI a new groupof about 30 students joined in Section C. There was strict discipline in the school and after retirement of Kanai Babu a new Head Master Satyananda Pramanick joined the school as Head Master

That year was a remarkable year as the Math paper of Annual Examination was so stiff that almost 90% students got barely the pass mark of 30 . The High standards and the bench marking of Hindu School with the other schools got

started from this year. There was a huge uproar from guardians in the school regarding such a difficult setting of the paper but we could understand that now this will be the rule of the game if you want to prosper your educational career in this school.

Then from class VIII we used to have scramble for getting Science Stream as in those days unless you can become Engineer or Doctor your family used to have lot of social stigma like " E baba tomarchele Science pelo a tahole ki hobe ?" Within the course of 50 years the situation has changed and many new opportunities and streams came up which was not there during our school days. We got exposed gradually to much harder and harder Mathematics papers .

From Class VII onwards we got a magician Mathematics Teacher Sri Ajit Ghatak Sir who can really evolve interest of Mathematics in you with his impeccable style of telling stories and jokes keeping the class spell bound.He changed the concept of enjoying Mathematics by his teaching approach and I got lot of inspiration for getting more involved in solving Mathematics problems.

In Class VIII we used to have a "Special Test" to determine who will be eligible to get selected for Science Stram from Class IX. The criteria was to have 60% marks in the average of Half Yearly Examination, Special Tests as well as Annual Examination. Special Test questions were so tough that half of our friends were almost on the verge of crying.

From Class IX onwards when we got promoted in the year 1970 we were having four steams those days i.e Science, Technical, Commerce and Humanities. The year started well but soon after due to volatile political situation in West Bengal due to Naxalbari Movement whose heart Centre was College Street campus of Calcutta University, Presidency College, Hindu Hostel as well as Hare and Hindu School there was always some disturbance in the area.

We have witnessed many cold blooded murder of innocent pedestrians. Moreover many brilliant students of these prime institutes got diverted into Naxalite Movement even at the cost of their careers. Commuting to and from School became a major problem some days. In fact we got promoted to class X without even appearing in Final Examination based on our marks in Half Yearly Examination.

In 1971 when we were in Class X the situation further deteriorated and most of the days classes were not held and lot of confusions were there. We used to come out of the school in a group of friends but we could understand that somebody from Intelligence Dept was following us but moment we used to sense the same we used to chat the Formulas of Algebra or Chemistry loudly so that they can not suspect us. But with so much uncertainty we sometimes used to assemble in the residence of our Dear friend Swapan Bhattacharya or another friend Tapas Sen

and we used to discuss the problems, used to solve together with the best hospitalities from our Masimas. I will never forget the love and warmth I used to enjoy.

In 1972 we moved to Class XI and one short height but with tremendous personality and strict Mathematics teacher Sri Baren Mukherjee became our class teacher and he used to teach us something extra than just solving the routine papers. We could get to know from him so many Mathematics Reference books and we were told to study and solve those problems as a result of which not only our maximum no of friends got Letter in Mathematics but when we appeared for Joint Entrance Exam the complete Mathematics paper was all solved problems what we did in his class. Baren babu was very strict and probably no body had seen him even with a smile in his class. We were very fortunate to get the association and blessing of such a teacher in our school life

The best part was when we used to score less in Exams or in test exams we used to be told by Ajit Babu that "you are paying LIC premiums " but you will score high in HS Exam. That proved to be true in HS Exams.

There were other brilliant teachers like Radheyshyam Ghosh and Prafulla Sammadar in Bengali, Biren Banerjee and Sisir Neogi in English, Kashinath Tripathi and Smarajit Roy in Chemistry etc.

The association and teaching of them had left an indelible mark in our school life which had helped us to prosper in our College life as well as in Professional Life. Whatever I am today it is all because of the solid foundation of discipline, value system and character building what we inherited from Hindu School.

GAUTAM GHOSH

About the Author : The author is a Mechanical Engineer from Jadavpur University ( 1978) and Chartered Engineer and had specialized in Rail Road industry in his professional career.

# হিন্দুস্কুলে তিনটি বছর—"দৈবঞ্চবাত্র পঞ্চমম্।"

পৃথ্বীশ বসু

১৯৭০ সালের প্রথমদিকে ক্লাস নাইনে হিন্দু স্কুলে আমার প্রবেশ। এইসময় হিন্দু স্কুল ছিল কলকাতার অন্যতম সেরা। তার উপর এত উঁচু শ্রেণিতে ভরতি হওয়ার পথও মসৃণ ছিল না। কিন্তু এর পিছনে ছিল আমার মায়ের অদমিত জেদ ও একনিষ্ঠ ইচ্ছা।

এই ইচ্ছার পিছনে মাকে দুটি পরিবার অনুপ্রাণিত করেছিল। প্রথমত সেই সময়ে হরিনাথ দে রোডে থাকতেন হিন্দু স্কুলের সিনিয়র শিক্ষক ননীবাবু। ওনার দুই ছেলে দীপকদা আর রূপকদা ছিল হিন্দুস্কুলের খুব ব্রিলিয়ান্ট ছাত্র। আর ওই একই পাড়ায় আমার মায়ের এক ঘনিষ্ঠ বান্ধবী বীণা মাসির ছেলে বিশুদাও ছিল হিন্দু স্কুলের ছাত্র। মা সেই প্রেরণাতেই সরাসরি তৎকালীন প্রধান শিক্ষক শ্রী সত্যানন্দ প্রামাণিকের সাথে কয়েকবার দেখা করেন। হয়তো বা এই অপেক্ষা সহজসাধ্য ছিল না। তবুও মা ছিলেন নাছোরবান্দা।

কর্মসূত্রে বাবা থাকতেন বাইরে। তাই মায়ের সাহস আর অদম্য ইচ্ছাই আমাদের দুই ভাই বোনকে শিক্ষার জগতে এগিয়ে যেতে সাহায্য করেছে। মায়ের সাহসিকতার দুটো উদাহরণ দিলে হয়তো মানুষটির সাহসের যথার্থ পরিচয় দেওয়া যাবে। আমার বয়স তখন বছর ছয়েক, রাঁচিতে থাকি। ওইসময় ১৯৬২ সালে কোনো প্রয়োজনে রাষ্ট্রপতি রাধাকৃষ্ণণ রাঁচিতে আসেন। আমার মা একা কোনো সাক্ষাৎকারের সময়সীমা ছাড়াই সরাসরি ওনার সাথে কোনো লোকাল সমস্যার আলোচনা করবার প্রয়োজনে দেখা করতে দিতে পুলিশদের বাধ্য করেন।

1962 India-China যুদ্ধের সময় বাবা Survey of India-র অধীনে সীমান্তে রাস্তা বানাবার সূত্রে NEFA-তে (এখন Arunachal Pradesh) posted ছিলেন। আমি আর মা তখন রাঁচিতে থাকতাম। সেইসময় একদিন রাঁচি cantonment থেকে আমাদের সব স্থানীয়দের (war awareness and fundraising) এর উদ্দেশ্যে সম্মিলিত হওয়ার আমন্ত্রণ আসে। ভিতরে ঢুকে মাঠের মধ্যে অনেকগুলো গর্ত খোঁড়া (trench) দেখে আমার আনন্দ দেখে কে! ওর মধ্যে ঝাঁপ দেওয়ার জন্য তৈরি হচ্ছি এমন সময় ভয় দেখিয়ে সৈনিকরা আমাকে কোনোরকমে আটকায়। এরপর সামিয়ানার মধ্যে আমরা সবাই বসার পর একজন উচ্চ পদমর্যাদার সেনা অফিসার এক সবাইকে হিন্দিতে কিছু বললেন। দেখলাম ওনার বক্তব্য শেষ হওয়ার সাথেসাথেই সবার আগে মা গিয়ে নিজের হাতের বালা দুটো খুলে দিলেন। এরকম ভাবে মা বহু সময়েই প্রয়োজনে শ্রী বিধানচন্দ্র রায় থেকে শ্রী অজয় মুখার্জী, কারোর কাছেই পৌঁছতে দ্বিধা করেননি। সুতরাং এই মায়ের পক্ষে প্রধান শিক্ষক শ্রদ্ধেয় সত্যানন্দ বাবুকে ভরতির পরীক্ষা নেওয়ার জন্য রাজী করানো যতই দুঃসাধ্য হোক সম্ভব হয়েছিল।

তাই মা যখন তাঁর সফলতার সংবাদটি আমাকে জানালেন আমি প্রথমেই হতভম্ব। তার অবশ্য দুটো কারণ ছিল। প্রথম কারণ তো আগেই বলেছিলাম এইরকম একটা প্রসিদ্ধ বিদ্যালয়ে সুযোগ পাওয়া প্রায় অসম্ভব। আর দ্বিতীয় কারণ বর্তমান স্কুলের বন্ধু বিচ্ছেদের চিন্তায়। সেই সময়ে আমাদের স্কটিশের বন্ধুদের একটা ঘনিষ্ঠ দল ছিল। আমাদের ছিল মাছ ধরার নেশা। প্রায় দিনই শনিবার করে হেদুয়া ঘুরে স্কুল থেকে ফিরতাম। সেখানে

থাকতো এক লাঠি হাতে কড়া পাহারাদার। তাকে ফাঁকি দিয়ে আমরা লাঠিতে জাল লাগিয়ে ও ছিপ সুতো দিয়ে হেদুয়াতে ছোটোছোটো মাছ ধরতাম। রাখা হোতো বাড়ির চৌবাচ্চায়। হাতিবাগান থেকে রঙিন মাছ নিয়ে এসে তার উপর অনেক গবেষণাও চলতো। যেমন মাছের বাচ্চা দেওয়ানোর জন্য ব্যবস্থা করা ইত্যাদি। শিশি করে মাছের বাচ্চা exchange করা হোতো আবার তার সাথে গল্পের বই আদানপ্রদানও ছিল নিত্য। বাগমারিতে স্কটিশের নিজস্ব মাঠ ছিল আমাদের খেলার জায়গা। এসব ছেড়ে ওই রকম কড়া স্কুলে ভরতি হওয়া তখন আমার কাছে নিতান্তই বিভীষিকা।

কিন্তু ঘটনা তো তার নিজস্ব প্রবাহে বয়ে চলে। সুতরাং যথাসময়ে পরীক্ষার দিন হিন্দুস্কুল পৌঁছালাম। হেড মাস্টার মশাইয়ের ঘরেই পরীক্ষা ছিল। শুধুমাত্র অঙ্ক পরীক্ষা নেওয়া হবে। কোনও মৌখিক interview হয়েছিল কি না ঠিক মনে নেই। সে-ও এক পরীক্ষা! বেশ কয়েকটা চৌবাচ্চার অঙ্ক ছিল আর তেমনই কঠিন। কোনও রকমে মেরে কেটে পৌনে চারটা অঙ্ক পেরেছিলাম। আমি তো খুব খুশি। বেরিয়েই বিজয়গর্বে মা-কে জানিয়ে দিলাম যে আমার কোনো chance নেই। কিন্তু ওই যে বললাম ভবিষ্যত চিরকালই নিজস্ব ধারায় চলে। আমি পাশও করলাম এবং বাবা-মায়ের যৌথ উদ্যোগে ভরতিও হলাম। এর বেশ কিছুদিন পরে ভরতি হল সন্দীপ সেন আর বাণীব্রত।

Class IX-এ হিন্দুস্কুলে আমার নতুন জীবন শুরু। দেখলাম সবাই বেশ একটা ছন্দে বাঁধা। শুরুতে মানিয়ে নিতে বেশ অসুবিধা হয়েছিল। তবে ধীরে ধীরে আমি শিক্ষার একটা অন্য স্বাদ পেতে শুরু করলাম। মনে পড়ে শিশির বাবুর (নিয়োগী) English class. এতদিন notes-এর মাধ্যমেই পড়ে এসেছি। ওনার সাবলীল আর প্রাণবন্ত পড়ানো আমাকে মন্ত্রমুগ্ধ করতো। ক্রমশঃ এবিষয়ে আমার উৎসাহ বাড়িয়ে দিতে লাগল।

Class IX-এর শেষের দিক থেকে Class X-এর প্রথম অর্ধেক নকশাল আন্দোলনের জন্য স্কুল প্রায়শই বন্ধ থাকতো। Class X-এ উঠে যেন এক রত্ন ভাণ্ডার খুলে গেল। পরিচিত হলাম শ্রদ্ধেয় বরেন বাবুর সাথে। যেহেতু আমার বাবার subject ছিল applied math এবং প্রথম জীবনে বাবা বিদ্যাসাগর কলেজে পড়াতেনও তাই ছোটো থেকে বাবার কাছেই আমার অঙ্কের একটা দৃঢ় ভিত তৈরি হয়। কিন্তু আমার শৃঙ্খলাবোধের খুবই অভাব ছিল। সারাদিন রাস্তায় ঘোরা, ডাণ্ডাগুলি, মার্বেল গুলি খেলা, ঘুড়ি ওড়ানো, মাঞ্জা দেওয়া ছিল আমার নিত্যকর্মের মধ্যে। ইতিমধ্যে আমি বরেন বাবুর কাছে প্রাইভেট টিউশনের সুযোগ পাই। উনি প্রতি সপ্তাহে 100টা করে mathematics ও physics- এর অঙ্ক কষতে দিতেন। পুঙ্খানুপুঙ্খভাবে ধরে ধরে প্রত্যেকটি অঙ্ক সংশোধন করে দিতেন। সপ্তাহে একদিন করে বরেন বাবু আমাদের বাড়ি আসতেন আর একদিন করে আমি ওনার লেবুতলার মেস বাড়িতে যেতাম। বরেন বাবু ছিলেন এক ঋষিতুল্য আচার্য-a teacher par excellence. Les Miserables-এ পড়েছিলাম "The Bishop had caused the dawn of virtue to rise on his (Jean Valjean) horizon". ধীরে ধীরে ঠিক এইভাবেই যেন বরেন বাবু আমার মধ্যে the dawn of discipline জাগিয়ে তুলেছিলেন। পরবর্তীকালে কালে যা আমাকে অনেক কঠিন পরীক্ষায় উত্তীর্ণ হতে সাহায্য করেছিল। এছাড়াও অজিত বাবু এবং কাশীনাথ বাবুর মতো বরেণ্য ও নমস্য শিক্ষকদের শিক্ষা পদ্ধতির কথা স্মরণ না করলে আমার কৃতজ্ঞতা অসমাপ্ত থেকে যায়।

এছাড়াও আমি আর যা পেয়েছিলাম তা হল আমার ঘনিষ্ঠ বন্ধুদের নিঃস্বার্থ সাহায্য ও অকৃত্রিম উৎসাহ। একটা ঘটনা বলে শেষ করছি। সেদিন ছিল আমাদের H.S অঙ্কের দ্বিতীয় পত্রের পরীক্ষার দিন। প্রশ্নপত্র ছিল বেশ কঠিন।

প্রায় পঁচিশ মিনিট ধরে আমি যা যা অঙ্ক চেষ্টা করছি কোনোটাই এগোতে পারছি না। প্রায় nervous breakdown অবস্থা। আমি হতবুদ্ধি, সম্পূর্ণ কিংকর্তব্যবিমূঢ় হয়ে বসে অছি। হঠাৎই আভাসের মৃদু স্বর শুনলাম। ও আমাকে পরের দিকের কতকগুলো অপেক্ষাকৃত সহজ অঙ্কগুলো চেষ্টা করতে বলছে। এই দুঃসময়ে এইরকম নিঃস্বার্থ সাহায্যে আমি যেন সম্বিত ফিরে পেলাম। তারপর আমাকে আর ফিরে তাকাতে হয়নি।

আজ জীবন সায়াহ্নে দাঁড়িয়ে বারংবার গীতার একটা শ্লোক মনে পড়ছে।

"অধিষ্ঠিত তথা কর্তা করণঞ্চ পৃথগ্বিধম্।
বিবিধ পৃথক চেষ্টা দৈবঞ্চবাত্র পঞ্চমম্।" ১৮:১৪

কর্মে সিদ্ধ লাভের পাঁচটি কারণ বর্ণিত আছে। প্রথম চারটি কারণ স্বপ্রচেষ্টা জনিত হলেও শেষটি হল দৈব। সর্বপ্রকার চেষ্টা সত্ত্বেও এই অজ্ঞাত শক্তি সহায়ক না হলে কোনও কর্মে সিদ্ধ লাভ করা যায় না। অতি স্বল্প সময়ের মধ্যে হিন্দুস্কুলে আমার ভবিষ্যত গড়ে ওঠার পিছনে নিঃসন্দেহে এই অজ্ঞাত শুভশক্তিরই প্রভাব ছিল।

# আমার স্কুল—স্মৃতির সরণী বেয়ে ৫০ বছর

## মিহির চ্যাটার্জি

স্কুল জীবনের স্মৃতি সততই অমলিন। পঞ্চাশটা বছর পেরিয়েও মনে হয়— এই তো সেদিন।

এখনও মনে হয় এই তো সেদিন আমরা হায়ার সেকেন্ডারি পরীক্ষা দিয়ে বের হলাম আর এরই মধ্যে পঞ্চাশটা বছর— কোথা দিয়ে যে পেরিয়ে গেলো, এই তো সেদিন, স্কুলের বন্ধুদের সাথে হেঁটে হেঁটে স্কুল থেকে বাড়ি ফিরছিলাম। এই তো সেদিন স্কুলের বন্ধুর বাড়ির ছাদে বিকেল বেলা আড্ডা মারছিলাম। আজ সে সবই সুখস্মৃতি। এখন এই অবসর জীবনে স্কুল জীবনের কথা মনে হলেই চনমনে চাঙ্গা হয়ে উঠি।

আমাদের স্কুলের একটা বিরাট ঐতিহ্য আছে, সেটা অনেক বড়ো হয়ে বুঝেছিলাম। আমাদের স্কুল জীবনেই স্কুলের ১৫০ বছর পূর্তি অনুষ্ঠান হয়েছিল। সেটা যে শহরের অন্য কোনো স্কুলের তখনও হয়নি। এবং তার যে অন্তর্নিহিত অর্থ— সেটা সেভাবে তখনও বুঝিনি। শুধু এইটুকু বুঝতাম যে আমাদের স্কুলের একটা অন্য রকম কদর আমাদের চারিপাশের লোকজনের চোখে আছে। তার অন্যতম প্রধান কারণ হল, প্রতি বছর হায়ার সেকেন্ডারি পরীক্ষার রেজাল্ট বের হলে প্রথম দশ জনের মধ্যে বেশ কয়েকজন হত আমাদের স্কুলের। এ হতই হত-এর কোনও অন্যথা আমার স্কুলজীবনে কোনও বছর হতে দেখিনি।

মফঃস্বলের ছেলে আমি। ক্লাস সিক্সে হিন্দু স্কুলে লিখিত পরীক্ষায় পাশ করার পর ভর্তি হওয়ার ইন্টারভিউটা স্মৃতিতে এখনও জ্বলজ্বল করছে। আমাদের বাংলা শিক্ষক প্রশান্তবাবু তদানীন্তন প্রধান শিক্ষক মশাই সত্যানন্দ বাবুর ঘরে আমার ইন্টারভিউ নিয়েছিলেন। "তোমার নাম কী"? মিহির, স্যার। "আচ্ছা, 'মিহির' শব্দের অর্থ কী"? সূর্য, স্যার "আচ্ছা ট্রান্সলেশন করো তো '*পূর্বগগনে মিহির ধীরে ধীরে উদিত হচ্ছেন*'। কী ট্রান্সলেশন করেছিলাম সেটা আজ আর মনে নেই— তবে ভর্তি হতে পেরেছিলাম। এই হল আমার স্কুলজীবনের প্রথম দিনের স্মৃতি।

প্রথম প্রথম মানিয়ে নিতে খুব কষ্টই হয়েছিল। তারপর যা হয় আর কি। ধীরে ধীরে সব কিছুই একটা নতুন রকমের ভালো লাগায় বদলে যায়। সব থেকে গর্ব হত যখন কেউ জিজ্ঞেস করে শুনতো আমি হিন্দু স্কুলে পড়ি। উত্তরে তাদের চাহনিতে একটা সম্ভ্রম মেশানো অভিব্যক্তি ফুটে উঠতো যা থেকে সহজেই অনুমান করতে পারতাম যে হিন্দু স্কুলে পড়তে পারাটা যে সে ছেলের কম্ম নয়। আরও পরে বুঝেছিলাম যে এরকমটা তো হওয়ারই কথা। প্রত্যেক বছর যখন হায়ার সেকেন্ডারির রেজাল্ট বের হত (তখন তো আর ইন্টারনেট ছিল না। পরীক্ষার রেজাল্ট খবরের কাগজের প্রথম পাতায় বের হতো) দেখতাম প্রতিটা স্ট্রীমেই আমাদের স্কুলের বেশ কিছু ছাত্রের নাম রয়েছে। বিশেষত সায়েন্স স্ট্রীমে অন্তত তিন থেকে সাত আট জন আমাদেরই স্কুলের। গর্ব হওয়ার মতই ব্যাপার নয় কি? আমাদের সাথে পাল্লা দিয়ে চলতো তখনকার সাউথ পয়েন্ট, হেয়ার, বালিগঞ্জ গভর্নমেন্ট— এইসব স্কুল। মফঃস্বল স্কুলেদের তখনও অত নাম ডাক ছিল না।

কিন্তু সময় বদলাতে সময় লাগে না। আমাদের স্কুলের শেষ দিকের বছরগুলোয় আমাদের পারিপার্শ্বিক পরিস্থিতি, রাজনৈতিক প্রেক্ষাপট অনেকটাই— না, অনেকটাই কথাটা ঠিক হল না, বলা উচিত ভীষণ রকম পাল্টে গেলো এবং খুব দ্রুত। সত্তর দশকের একদম শুরুর দিকে নকশাল আন্দোলন, চরম নৈরাজ্য আর রাজনৈতিক সন্ত্রাস পশ্চিমবঙ্গের জনজীবনে যে সুদূরপ্রসারী প্রভাব ফেলেছিল তার চরমতম সাক্ষী ও শিকার আমরা। এই সময়েই দেখলাম আমাদের

স্কুলের সেই অসাধারণ নিয়মানুবর্তিতা আর সময়ানুবর্তিতা একেবারে ভেঙে পড়লো। মাস্টারমশাইরা আমাদের গায়ে হাত দেওয়া বন্ধ করে দিলেন। কেউ কেউ আবার আমাদের ভয় পেতে শুরু করলেন। কলেজ স্ট্রীটে বোমা পড়া, ট্রাম বাসে আগুন ধরিয়ে দেওয়া একটা নিত্য নৈমিত্তিক ব্যাপারে গিয়ে দাঁড়াল। তবু এরই মধ্যে স্কুলের মেধাবী ছেলেরা কিন্তু ভালো রেজাল্ট করেই চললো। তাদেরই কেউ কেউ আবার কলেজে ওঠার পর পুলিশের হাতে ধরা পড়ে জেল থেকে পরীক্ষা দিয়েও খুব ভালো রেজাল্ট করলো। পরে বুঝেছিলাম, এই সময়ের একটা অত্যন্ত মেধাবী ছাত্রদের জেনারেশন অত্যন্ত ভুল পথে চালিত হয়েছিল। যাক, সে অন্য কথা।

স্কুলের কথায় ফিরি। ষাটের দশকের শেষ কয়েক বছর, আমাদের স্কুল জীবনের উজ্জ্বলতম দিন বলে আমার মনে হয়। সেই সময়কার প্রধান শিক্ষক ছিলেন শ্রী সত্যানন্দ প্রামাণিক মহাশয়, যিনি রাষ্ট্রপতি পুরস্কার প্রাপকও ছিলেন। ওঁর সময়ে স্কুলের প্রশাসন থেকে শুরু করে, শৃঙ্খলা, নিয়মানুবর্তিতা, সময়ানুবর্তিতা সব কিছুই ছিল নজর কাড়া, অত্যন্ত শিক্ষণীয় আর অনুকরণীয়। আমার ধারণা আমাদের সময়ের হিন্দু স্কুলের সাফল্যের অন্যতম প্রধান কারণগুলির মধ্যে রয়েছে সেই সময়কার স্কুলের সুদক্ষ প্রশাসন, কঠোর শৃঙ্খলা ও নিয়মানুবর্তিতা। তখনকার মাস্টারমশাইদের উজ্জ্বল ব্যক্তিত্বও ছিল নজর কাড়া। তাঁরা একবার সামনে এসে দাঁড়ালে বা কাছ দিয়ে গেলেই হল। কারুর মুখ দিয়ে টুঁ শব্দও বের হতো না। বেশিরভাগ মাস্টারমশাই ছিলেন বয়স্ক আর পরতেন ধোপদুরস্ত ধুতি আর পাঞ্জাবি আর শীতকালে তার সাথে চাদর বা শাল। সেই সময়ে আমরা অনেক রকমের শাস্তি আর ভালোবাসাও পেতাম তাঁদের থেকে— যা পরবর্তীকালে একদম বন্ধ হয়ে গিয়েছিল।

আমাদের সময়কার মাস্টারমশাইদের থেকে পাওয়া কিছু শাস্তি আর ভালোবাসার কথা বলি— যা এখনকার ছেলেদের কাছে হয়তো গল্পের মতো শোনাবে। কানমলা, নিজের জায়গায় দাঁড়িয়ে থাকা, নিজের জায়গায় কান ধরে দাঁড়িয়ে থাকা—এগুলো ছিল সব থেকে কম দরের শাস্তি। একটু শক্ত ছিল নীল ডাউন, ক্লাসের বাইরে দাঁড়িয়ে থাকা, বেঞ্চের ওপর দাঁড়িয়ে থাকা, বেঞ্চের ওপর কান ধরে দাঁড়িয়ে থাকা— এই সব। সবচেয়ে বড়ো মাপের শাস্তি ছিল চড়, থাপ্পড়, মাথার ওপর ডাস্টারের বাড়ি, মাস্টারমশাই এর টেবিলে মাথা গুঁজে থাকা এই সব। হা হা হা... এখন সব স্বপ্নের মতো মনে হয়। তবে যেটা ভোলার নয়, তা হল যেসব মাস্টারমশাইরা শাস্তি দিয়েছেন তাঁরাই আবার পিঠ চাপড়াতে বা আদর করে জড়িয়ে ধরতেও কার্পণ্য করেননি। এসবের কোনোটাই এখন আর নেই। সময় পাল্টেছে। সে মাস্টারমশাইরাও এখন আর নেই। আমাদেরও সহনশীলতা কমেছে। সম্মান ভালোবাসার জায়গাগুলোও কখন অজান্তে কমতে কমতে প্রায় শূন্যতায় ঠেকেছে।

আমার মনে হয়, সত্তরের দশকের প্রথম তিন বছর বাদ দিলে, আমাদের স্কুল জীবনের শুরুর দিকের কঠোর শৃঙ্খলা, অনুশাসন ও নিয়মানুবর্তিতার মধ্যে দিয়ে বেড়ে ওঠার একটা মস্ত প্রভাব আমাদের প্রত্যেকের পরবর্তী জীবনে পড়েছে। এর সাথে রয়েছে হিন্দু স্কুলের ছাত্র হওয়ার একটা বিশেষ গর্ব, স্কুলের সাংস্কৃতিক পরিমণ্ডল— যা তৈরি হয়েছিল সেই সময়কার মাস্টারমশাইদের ব্যক্তিত্ব, আচার, আচরণ, তাঁদের স্নেহশীলতা আর যথোপযুক্ত শাসন— সব কিছু মিলিয়ে যা ছিল আদ্যন্ত বাঙ্গালিয়ানায় পরিপূর্ণ। আজ পঞ্চাশ বছর পরে যখন স্কুলের বন্ধুদের দেখি— সত্যি সত্যিই অত্যন্ত গর্ব অনুভব হয় এই দেখে আর এই ভেবে যে তারা প্রত্যেকেই সমাজের বিভিন্ন স্তরে যে শুধু সুপ্রতিষ্ঠিত— তাই নয়, প্রত্যেকে নিখাদ বাঙালি অত্যন্ত সংস্কৃতি মনস্ক এবং তাদের পরবর্তী প্রজন্মও গড়ে উঠেছে একই রকম মূল্যবোধ আর সংস্কৃতি নিয়ে।

ষাটের দশকের শেষ আর সত্তরের দশক থেকে স্কুলের প্রেক্ষাপটের একটা বড়ো রকমের পরিবর্তন শুরু হল। বয়স্ক মাস্টারমশাইরা অবসর নিতে শুরু করলেন আর অপেক্ষাকৃত কম বয়সের নতুন মাস্টারমশাইরা স্কুলের

দায়িত্বে এলেন। ধুতি পাঞ্জাবি ধীরে ধীরে পাল্টাতে শুরু করলো শার্ট প্যান্টে। প্রধান শিক্ষক শ্রী সত্যানন্দ প্রামাণিক মহাশয় অবসর নিয়ে নতুন স্কুল পাঠভবন-এর দায়িত্ব নিলেন— সম্ভবত ১৯৬৯ কি ১৯৭০ সালে। আমরা প্রধান শিক্ষক-বিহীন রইলাম পরবর্তী বেশ কয়েক বছর। স্কুলের নিয়মশৃঙ্খলার ভাঙ্গান ধীরে ধীরে শুরু হয়েছে সেই তখন থেকেই— সে কথা আগেই বলেছি। স্কুলের ভালো ছেলেরা কিন্তু নিয়ম নিষ্ঠার সাথে ভালো রেজাল্ট করেই চললো।

এই প্রসঙ্গে কয়েক জন বন্ধুর কথা খুব মনে পড়ছে। হিউম্যানিটিজে আমাদের প্রথম সারির ছাত্র ছিল মণীন্দ্র (দুঃখের কথা— সে এখন আর আমাদের মধ্যে নেই)। মণীন্দ্রদের বাড়ি ছিল কৈলাস বোস স্ট্রীটে— যা পড়তো আমাদের বাড়ি ফেরার পথে। আমরা কয়েকজন একসাথে হেঁটে ফেরার পথে দেখতে পেতাম মণীন্দ্র ততক্ষণে বাড়ি ফিরে পড়তে বসে গেছে। স্বভাবতই, তিনটে না চারটে সাবজেক্টে লেটার (আমাদের সময় ৮০% কে বলা হত লেটার মার্কস) পেয়ে মণীন্দ্র যখন হায়ার সেকেন্ডারিতে তৃতীয় স্থান অধিকার করলো আমরা কেউ অবাক হইনি। এর অন্যথা হলেই বরং অবাক হতাম। হায়ার সেকেন্ডারিতে আমাদের ব্যাচে আরও অনেক কৃতি ছাত্র ছিল। সায়েন্স স্ট্রীমে অপরাজিত তৃতীয় আর স্বপন সপ্তম স্থান অধিকার করেছিল। হিউম্যানিটিজে মণীন্দ্র, টেকনিক্যাল স্ট্রীমে বিপ্লব অধিকার করেছিল চতুর্থ স্থান, নবম হয়েছিল সুব্রত আর কমার্সে ষষ্ঠ হয়েছিল আদিত্য।

আমাদের কমার্স সেকশনে দুজন আদিত্য ছিল আর দুজনেই ছিল ভীষণ অন্তরঙ্গ বন্ধু। আশ্চর্যের ব্যাপার হল এদের মধ্যে একজন ছিল ক্লাসের ফার্স্ট বয় আর অন্যজন একদম শেষের সারির ছাত্র। আরও আশ্চর্যের ব্যাপার হল, দুজনেই বসতো লাস্ট বেঞ্চে আর সারাক্ষণ খুব নিচুস্বরে চলত ওদের গুজুর গুজুর আর ঠাট্টা তামাশা। ওদের নিচু স্বরের হাসাহাসিতে কখনো আমরাই হেসে ফেলে মাস্টারমশাইদের বকুনি খেয়েছি। কিন্তু ওরা থাকতো একেবারে নির্বিকার।

একটা জিনিসেরই বিরাট খামতি ছিল আমাদের স্কুলে— তা হল পর্যপ্ত খেলাধুলার ব্যবস্থা বা একটা নিজস্ব মাঠ। সে খামতি অবশ্য এই ৫০ বছরেও পূর্ণ হয়নি। তবে এটা নিশ্চিতভাবে হওয়া উচিত। স্কুলের বাঁধানো উঠোনে আমরা খেলতাম লেম-ম্যান। আর রবারের বল দিয়ে ফুটবল। এছাড়া স্কুলের সিমেন্ট বাঁধানো চকচকে করিডরে আমরা করতাম রোলার স্কেটিং। না তখনও রোলার শু চালু হয়নি। চামড়ার জুতো, সিমেন্টের মেঝেয় চমৎকার স্কেটারের কাজ করতো। শুধু একটা কথা আমদের বাবারা কখনও বুঝতে পারতেন না যে নতুন নতুন জুতোগুলো অতো তাড়াতাড়ি ক্ষয়ে যেত কী করে।

স্কুলের সমস্ত স্মৃতি-ই সোনায় বাঁধানো অক্ষয়। বন্ধুই হোক, মাস্টারমশাই-ই হোন বা স্কুলের স্টাফেরা—প্রত্যেকের মুখ স্মৃতির মণিকোঠায় জ্বলজ্বল করে। বিকেল চারটের শেষ পিরিয়ডটা যেন কাটতেই চাইত না। এখনও মাঝে মাঝে স্বপ্নের মধ্যে ঘুম ভেঙে যায় চারটের সময় স্বরূপদা'র বাজানো ঘণ্টায়— ঢং, ঢং, ঢং...

ছুটি ছুটি, ছুটি...

**মিহির চ্যাটার্জি**

লেখক একজন চার্টার্ড এবং কস্ট অ্যাকাউন্ট্যান্ট, সার্টিফায়েড ইন্টারনাল অডিটর (ইউ.এস.এ.) এবং সার্টিফায়েড ইনফরমেশন সিস্টেমস অডিটর (ইউ.এস.এ.)— বর্তমানে অবসর প্রাপ্ত

# জীবনের ১১ বছরের স্মৃতিকথা

তীর্থঙ্কর মিত্র

শেষকালে স্বপনের আদেশ শীরোধার্য না করে পারলাম না। লেখালিখি আমার ধাতে নেই। ৭৩ এর উঃ মাঃ এর মার্কসশিট তার প্রমাণ। আজ ১৮ই জুন লন্ডনে ছেলের বাড়ি বসে দিব্যি খেয়ে ঘুরে মৌজ মস্তি করছিলাম, হঠাৎ স্বপন কথা বলতে চাইলো। সেই ৬৪ সাল থেকে বন্ধুত্ব, এক পাড়ায় বাস, রোজ একসাথে গল্প করে বাড়ি ফেরা, তার অনুরোধ রাখতেই হবে। তাই হিন্দু স্কুলের পুরোনো কথা যখন লিখতে বলল, সেটা আর না করতে পারলাম না। স্মৃতি ক্ষীণ হয়ে এসেছে বেশি কিছু হয়ত ঠিক মনে পড়বে না তবে কিছু খাপছাড়া ঘটনা যা মনে পড়ে তাই লিখে ফেলছি।

তাহলে শুরু করি।

### কি করে হিন্দু স্কুলে এলাম ?

আমার আড়াই বছর বয়সে ৫৮ সালে বাবা আমায় ব্রাহ্ম বালিকা বিদ্যালয়ের মন্টেসরিতে ভর্তি করে দেন। সেখান থেকেই লেখা পড়া শুরু। একদিন নাকি বাড়িতে হাতে একটা চক পেয়ে নিজের নামটা লিখে ফেলেছিলাম। তখন মা জানতে পারেন যে আমার অক্ষর পরিচয় হয়ে গেছে। ৬১ সালে আমি ওই স্কুলে ক্লাস ওয়ানে পড়ি। ক্লাস টু পর্যন্ত ওখানে ছেলেরা পড়তে পারতো। ৬১ সালের মাঝামাঝি স্কুলের হেড দিদিমনি বাবাকে ডেকে বলেন, ‘আপনার ছেলে বয়সের তুলনায় প্রচুর লম্বা হয়ে গেছে তাই মেয়েদের অভিভাবকরা আপত্তি করছেন। আপনার ছেলে টু তে উঠলে কিন্তু আর এখানে রাখা যাবেনা।’ অগত্যা বাবা প্রথমেই হিন্দু স্কুলে অনুসন্ধান করতে গেলেন। এদিকে বাড়িতে লাগলো গোল। আমার প্রপিতামহের প্রতিষ্ঠিত দুটো মিত্র স্কুল থাকতে মিত্র বংশের ছেলে কেন অন্য স্কুলে পড়বে ? ঠাকুমা রেগে অস্থির বাবাকে খুব বকুনি দিচ্ছেন। বাবা মন স্থির করে রেখেছিলেন কারণ তখন হিন্দু স্কুল বাংলার সেরা ও দ্বিতীয় কারণ হল বাবা মিত্র স্কুলের হেড মাস্টার হওয়ায় কখনোই তিনি আমাকে ওখানে পড়াতে চাননি। এদিকে আমার বয়স তখন সবে ছয় পূর্ণ হয়েছে। কানাই বাবু বাবার বিশেষ পরিচিত মানুষ। তিনি বললেন ওর বয়স ছয় তাই সরকারি নিয়মে ক্লাস ওয়ানেই ভর্তি হতে হবে। সেই সময় আবার হিন্দু স্কুলে ক্লাস টু তে ভর্তি হত না। বাবা ফর্ম ভর্তি করে দিলেন ও একদিন অনেক বাচ্চার সঙ্গে অ্যাডমিশান টেস্ট দিতে গেলাম। আমরা দোতলায় ট্রাম লাইনের দিকের একটা ঘরে বসেছিলাম মনে আছে। এক এক জন করে নাম ডাকতে বাইরে টেবিলে এক দিদিমনি কিছু লিখতে ও একটা যোগ বিয়োগ কিছু করতে বললেন। সেগুলো খুবই সোজা লাগলো তাই করে নীচে এলাম। তারপর আমার নাম ৩০ জনের মধ্যে রইলো। পরে শুনেছিলাম নাকি ৩০০ র বেশি ছাত্রের মধ্যে মাত্র ৩০ জন কৃতকার্য্য হয়েছিল। ২রা জানুয়ারি ১৯৬২ দোতলার বাঁদিকের প্রথম ছোটো ঘরে সব জড়ো হলাম। আমাদের যাত্রা হল শুরু। প্রথম শ্রেণিশিক্ষক হিসেবে পেলাম পুর্ণেন্দু বাবুকে। তাঁর ছেলে সুকুমার আমাদের ক্লাস ওয়ানের সহপাঠী। প্রথম তিরিশ জনের জনা ১১ মনে হয় আমরা ৭৩ সাল অবধি একসাথে ছিলাম।

### প্রাইমারীর কিছু স্মৃতি

ক্লাস টু তে আমাদের শ্রেণি শিক্ষিকা ছিলেন বীণাদি। ঠিক যেন স্নেহময়ী মা। আর পেলাম ইন্দিরাদিকে। উনি সম্ভবতঃ আমাদের ক্লাস থ্রির শ্রেণি শিক্ষিকা ছিলেন। হ্যাঁ, আর মীনাদির কথা না বললে হিন্দু স্কুলের প্রাইমারির কথা

অসম্পূর্ণ থেকে যাবে। মীনাদি গান শেখাতেন আবার অন্য বিষয়ও পড়াতেন। ক্লাস ওয়ানের বন্ধু অতনু আর নেই তাই সেই সব গল্প এখন থাক। মীনাদির সুন্দরী কন্যা ঝাঁসির সঙ্গে কবছর আগে হঠাৎ একটা ফেসবুক চ্যাটে যোগাযোগ হয়েছিল। প্রথম দুবছর বাংলা, অংক , স্বাস্থ্য, গল্প, আঁকা, গান, ড্রিল এইসব ক্লাস ছিল। উপেন বাবু ড্রিল করাতেন। নিচু হয়ে হাত দিয়ে পা ছুঁতে বড়ই লাগতো। এই ব্যায়ামটা বুড়ো হয়ে রোজ করতে হয় যাতে কোমর ঠিক থাকে। ক্লাস থ্রি থেকে শুরু হল ইংরিজি পারিজাত রিডার। This is a bat. That is a cat. শৈলবাবু প্রাইমারি ইনচার্জ ছিলেন ও তখন বেশ শাস্তি দিতেন ও মারতেন। খুব ভয় পেতাম ওনাকে। ক্লাস ফাইভে এসে উনি ইংরাজি পড়াতেন। কিন্তু ক্লাসে পড়াতে এসে আবার অন্যরকম বেশ মজাও করতেন। নম্বর দেওয়ায় ছিলেন দিলদার। হিন্দু স্কুলে ছেলেবেলা থেকেই অঙ্কের ওপর বেশ জোর দেওয়া হোতো। মনে আছে ক্লাস ফোরে পড়তে ক্লাস সিক্সের পাটিগণিতের অঙ্ক বেশ অনায়াসেই করতে পারতাম। মনে পড়ে ধরণী বাবুর কথা। কানাই ধর লেনের একটা মেস বাড়ির ছাতের ঘরে থাকতেন। খুব ভাল ছবি এঁকে বিজ্ঞান বোঝাতেন কিন্তু ভীষণ বদরাগি মানুষ। হাতে স্কেল ভাঙা বা ডাস্টার দিয়ে মেরে কাঁদিয়ে দেওয়া ওনার বদ অভ্যাস ছিল। আমি অবশ্য ওনার কাছে কখনো শাস্তি পাইনি। আমার একটা বেশ মুশকিল ছিল। কখনো ক্লাসে শাস্তি পেলে বাড়িতে সবাই জেনে যেতো ও মজা করতো। পরে জেনে ছিলাম এই কাজ আমার এক প্রিয় বন্ধুর যার বাড়িতে আমার বাবার প্রায় রোজ যাতায়াত ছিলো। এদিকে বাবা কোনো দিনের জন্য আমাকে জিজ্ঞেস করেননি কেন দাঁড়িয়ে ছিলাম বা নিলডাউন হয়েছিলাম। আরো যাঁদের কথা মনে পড়ে শিব বাবু, খুব নিরীহ মানুষ অঙ্ক করাতেন। রমাদি ক্লাস ফোরের আর কনকদি ক্লাস ফাইভের শ্রেণি শিক্ষিকা ছিলেন। সবাই এত ভালবাসতেন যেন নিজের পিসি মাসী। কনকদি ক্লাস ফাইভ এ আমাদের ক্লাসে বল্লেন ফাইভ বি তে একটা দারুণ ভাল ছেলে ভর্তি হয়েছে। তোমরা যারা ফার্স্ট সেকেন্ড হও ভালো করে পড়াশোনা করো নাহলে কিন্তু ঐ ছেলেটি স্ট্যান্ড করে যাবে। ছেলেটার নাম শান্তনু বাসু। চশমা পরা ছোট্ট চেহারা। একদিন উঁকি মেরে বি সেকশানে সেই ছোট ছেলেটাকে চিনে নিলাম। ও আমার কলেজের সহপাঠী ছিল। সত্যি সে আজ বিখ্যাত বিজ্ঞানী। ক্লাস থ্রি ও পরে ক্লাস ফাইভে আমাদের বন্ধু সংখ্যা বেড়ে গেল। আমাদের বয়স ও বাড়তে লাগলো। পাঁচ বছর পেরিয়ে প্রাইমারির পাঠ চুকে গেল।

### সেকেন্ডারি অর্থাৎ বড় ছেলে। কিছু খাপছাড়া স্মৃতি

এবার সেকেন্ডারির ১১ টা ৪ টে স্কুল। ভোরে ঘুম থেকে ওঠার আর দরকার নেই। কিন্তু সবাই সতর্ক হিন্দু স্কুলের সেকেন্ডারি নাকি অন্য ব্যাপার। প্রাইমারির থেকে আলাদা ও সেখানে বাঘের ভয়। ১৯৬৭ সাল ক্লাস সিক্স। শুরু হল পশ্চিমবঙ্গের বাম আন্দোলন। ছাত্ররা পথে নামলো। প্রথম বাম সরকার বেশীদিন টিঁকলোনা কিন্তু বোমা, বাস ট্রাম পোড়ানোর যুগ শুরু হল। সব গোলমাল হিন্দু স্কুলের সামনে ইউনিভার্সিটি ও প্রেসিডেন্সিতে। ক্লাস সিক্সের জানলা দিয়ে ট্রাম রাস্তা ও কলেজ স্কোয়ার দেখা যেত। কিন্তু হিন্দু স্কুলের ক্লাস ঠিক চলেছে। সেকেন্ডারিতে আবার এক নতুন সেকশান জুড়লো। সেকেন্ডারির প্রথম বছর বেশ কাটছিল। ভয়ের কিছু মনে হল না। কিন্তু প্রথম ঝটকা পেলাম অ্যানুয়ালের অঙ্ক পরীক্ষায়। তার আগেই ফাইভে দুবার অঙ্গে ১০০ পেয়ে যে অহংকার হয়েছিল তা ধুয়ে গেলো। এ কি অঙ্ক না ধাঁধাঁ? বাড়ি ফিরে প্রশ্নপত্র দেখাতে বাড়ির সবাই হতবাক। ক্লাস সিক্সের অঙ্ক কারুর মাথায় ঢুকছে না। খাতায় কি লিখেছিলাম জানিনা তবে নম্বর বেরোতে দেখলাম ৩১ পেয়ে পাস করেছি। সবাই ঐ রকম নম্বর পেয়ে পাস করেছিল বা পাস করানো হয়েছিল কিনা জানিনা।

তারপর সেভেন থেকে চাপ বাড়তে থাকলো। ব্রজবাবুর আর আমাদের কারো লেখা পছন্দ হয় না। প্রেসি

লিখলে ১৫ র মধ্যে ৩ পেতাম। বাবা ইংরাজি পড়াতেন। কিছু লিখলে নাক কুঁচকে খাতাটাকে বলতেন চামড়ার গন্ধ। মানে চীনে বাজারী ইংরিজি নাকি শিখছি। গ্রামার ঠিক কিন্তু ভাষা পছন্দ নয়। বাংলায় রাধাশ্যাম বাবু কি বলতেন শেষ বেঞ্চে বসে বুঝতাম না বা মনোযোগ দিয়ে শুনতাম না। আসলে তখন মাথায় শুধু অঙ্ক ঘুরছে। বাংলা বই তো খুলেও দেখিনি কি আছে। জানি ওগুলো হয়ে যাবে। প্রফুল্লবাবু বাংলা ব্যাকরণ, রচনা এগুলো পড়াতেন। ওনার ক্লাস খুব ভাল লাগতো। ক্লাসে রচনা লিখে পড়ে শোনাতে হোতো। বেশ কজন অপূর্ব লিখতো। তার মধ্যে দীপায়নের কথা মনে পড়ে। জীবনের লক্ষ্য এই নিয়ে বাংলা রচনা সোমেশ্বর লিখলো সাংবাদিক। পড়ে শোনালো। সবাই মুগ্ধ। বীরেনবাবু এন সি সি করাতেন আর ইংরিজি গ্রামার পড়াতেন। ভীষন সিসটেমেটিক সব কিছু। আমি ও সুব্রত মুখার্জি এন সি সি করতাম। রবিবার সকালে প্যারেডে যেতাম। এন সি সি র একটা পরীক্ষা হয়েছিল। সেটা পাস করে একটা সার্টিফিকেট পেয়েছিলাম। এখনো রাখা আছে। ইংরাজি বলতে শিশির বাবুর কথা না বলে কি করে হবে। যেমন ধীর স্থির তেমন সুন্দর করে বোঝানো। পড়ানোর মধ্যে ভালবাসা মিশে আছে। অঙ্কে প্রথমে মৃণাল বাবুর নাম শুনলে সবাই ভয় পেত। পরে কত হাসি মজা করতেন ক্লাসে। ওনার চেয়ারে বসে হাত পেছনে করে বোর্ডে অঙ্ক করার অভ্যাস ছিল। কি করে করতেন সেটা আশ্চর্য্য। আমাদের সময়ের হিন্দু স্কুলের সুনামের সাথে যাঁদের নাম সবাই যুগ যুগ ধরে মনে রেখেছে সেই অজিত বাবু, বরেন বাবু ও কাশীবাবুর কথা বিশেষ লিখলাম না। শুধু এইটুকু বলি যে অজিত বাবু অঙ্ক শিক্ষাকে আর্টের পর্যায়ে নিয়ে গিয়েছিলেন। বরেন বাবু অধ্যবসায়কে মূলধন করতে শিখিয়েছেন। আর কাশীনাথ বাবুর কাছে শিখেছি কি করে একটা বিষয়কে ভালবাসতে হয়। এনাদের শিক্ষার মূলধন নিয়ে আমরা সবাই জীবনের চলার পথে এগিয়েছি। আজ এই শেষ বেলায় এনাদের সবার চরণে সশ্রদ্ধ প্রণাম নিবেদন করছি।

## ফিরে দেখা

আমরা সবাই হিন্দু স্কুল কে নিয়ে গর্ব অনুভব করি। এখন চিন্তা করলে দেখি এই স্কুলের বৈশিষ্ট্য কি ছিল? কি করে এমন সব কৃতী ব্যক্তি বছর বছর এখান থেকে গড়ে উঠেছিল? এই মডেল কি আজ ফেরানো যায় না? শুধুই কি ভাল ছাত্র দরকার? স্কুলের মূল কাজ ছাত্রের সুপ্ত প্রতিভার বিকাশ ঘটানো ও তার জন্য মুক্ত চিন্তার পরিবেশ তৈরী করা। ক্লাসে পাঠ্য পুস্তকের মধ্যে কিন্তু শিক্ষকরা পড়ানোটা সীমাবদ্ধ রাখতে দেননি। সব সময় জটিল প্রশ্ন করে ছাত্রদের চিন্তা করতে ও বাইরের জ্ঞান যোগাড় করতে উদ্বুদ্ধ করতেন। আমাদের পঠন পাঠনে বর্ণনামূলক উত্তরের প্রাধান্য ছিল। সেই কারনে নিজের চিন্তা সাজিয়ে প্রকাশ করতে হোতো। যখন পাঠ্য বই এর মধ্যে উত্তর পাওয়া যেতনা তখন বাইরের সাহায্য নিতে হোতো। স্কুল ঠিক এই ভাবেই প্রশ্ন তৈরী করতো যাতে পাঠ্য পড়ে যে কেউ পাস করে যাবে কিন্তু ভাল ফল পেতে গেলে বাইরের জ্ঞান সংগ্রহ করতে হবে। তাই সেভেন এইটে পড়তে বিভিন্ন বিষয়ে অতিরিক্ত জ্ঞানের জন্য স্কুল ফাইনালের পাঠ্য পড়তে হয়েছে। এইভাবে সমস্ত ক্লাসকে শিক্ষকরা সব বিষয়ে এগিয়ে দিয়েছিলেন। আমার মনে হয় এই গন্ডী ছাড়া পড়ানো হিন্দু স্কুলের ছাত্রদের অনেক বেশী প্রতিযোগিতামুখী তৈরী করে ছিল। এই ব্যাপারে আমাদের সত্যেন বাবুর প্রচুর অবদান ছিল। শনিবার স্কুলের শেষে 'মিলন চক্র' অনুষ্ঠানের মধ্যে দিয়ে বিতর্ক প্রতিযোগিতা ও তার বিষয় আলোচনা ছাত্রদের মুক্ত চিন্তার দ্বার খুলে দিয়েছিল। স্কুলের গল্প ঘটনা লিখে শেষ করা যাবেনা। সেই সময়ের উত্তাল হিংস্র রাজনৈতিক ঘটনার কথা মুছে ফেলে কেবল সুখ স্মৃতিটুকু সম্বল করে রেখেছি। আশা করবো সরকার হিন্দু স্কুলের পুরোনো ঐতিহ্য ফিরিয়ে আনার জন্য সচেষ্ট প্রয়াস নেবেন। সমস্ত প্রাক্তনী এই কাজে সাহায্য করতে চির প্রস্তুত থাকবে।

# যারা পরীক্ষায় বসেছিলাম : ১৯৭৩

## • বিজ্ঞান বিভাগ •

1. Dipayan Goswami
2. Amitabha De
3. Asimjiban Basu
4. Sankar Basak
5. Amitabha Ray
6. Prasanta Kumar Ray
7. SekharRanjan Das
8. Jayanta Kumar Biswas
9. Manabendra Ghatak
10. Kuntal Biswas
11. Banibrata Mondal
12. Sandip Kumar De
13. Amitabha De
14. Tapas Kumar Sen
15. Amit Kumar De
16. Rana Ray
17. Prabhat Kumar Pal
18. Dipankar Gautam
19. Pradip Samaddar
20. Samit Mallik
21. Sandip Samajdar
22. Arabinda Bhuinya
23. Swapan Bhattacharya
24. Someswar Bhowmik
25. Gautam Goswami
26. Aniket Majumdar
27. Aparajit Bhattacharya
28. Gautam Ghosh
29. Tirthankar Mitra
30. Jyotishman Dasgupta
31. Shyamaprasad Basu
32. Dipankar Chakraborti
33. Sambhunath Maitra
34. Subrata Kumar Bhattacharya
35. Kamalangshu Bikash Banik
36. Gautam Lahiri
37. Debasis Bhattacharya
38. Dipankar Majumdar
39. Sandip Sen
40. Prabir Kumar Roy
41. Kalyan Ganguli
42. Santanu Basu
43. Abhas Chandra Sur
44. Sukumar Mukhopadhyay
45. Prithwis Basu

## • কলা বিভাগ •

1. Tapas Som
2. Sukanta Nag
3. Rabin Das
4. Monindra Chakraborti
5. Ranendralal Sengupta
6. Soumitra Srimani
7. Jasoprakash Bandyopadhyay
8. Prasad Bandyopadhyay
9. Rajkumar Chattopadhyay
10. Tanmoy Sankar Bhattacharya
11. Smritiranjan Majumdar

## • বাণিজ্য বিভাগ •

1. Tapan Ghosh
2. Partha Chakraborti
3. Susobhan Mukhopadhyay
4. Debnath Ghosh
5. Mihir Kumar Chattopadhyay
6. Subrata Chowdhuri
7. Kalyan Biswas
8. Biswajit Sarkar
9. Tarun Sarkar
10. Satyabrata Chowdhuri
11. Gautam Bhattacharya
12. Gautam Bramha
13. Kanailal Mukhopadhyay
14. Asok Barman
15. Dipankar Basu
16. Tapas Kumar Mondal
17. Pranab Kumar Mullik
18. Mohanlal Bhattacharya
19. Ujjal Sanyal
20. Gautam Mukhopadhyay
21. Shyamal Bhattacharya
22. Amitabha Mandal
23. Samarendra Mullik
24. Parimal Chakraborty
25. Asis Kumar Pal
26. Aditya Kumar Baral
27. Tridib Sarkar
28. Salil Kumar Ghosh
29. Aditya Chakraborty
30. Asis Haldar
31. Subrata Mukhopadhyay
32. Amal Kumar Sil
33. Sekhar Ray
34. Bikashranjan Bhattacharya
35. Sandip Kumar Mukhopadhyay
36. Sandip Das

## • যন্ত্রবিজ্ঞান বিভাগ •

1. Nandadulal Dutta
2. Bhaskar Basu
3. Biplab Bhowal
4. Himadri Basu
5. Amitabha Roy
6. Amitabha Basu
7. Asutosh Dutta
8. Siharan Acharya
9. Ranjit Basu
10. Niharranjan Chakraborti
11. Debabrata Chowdhuri
12. Amit Sanyal
13. Saumyasankar Bandyopadhyay
14. Atanu Bandyopadhyay
15. Subrata Chattopadhyay
16. Prabal Ghosh

# স্মৃতির ঝলক

## হিন্দু স্কুল প্রাক্তনী '৭৩

